রাখালদাস স্মৃতিসংখ্যা

আয়ুর্বেদ-ভারতী

(The Ayurveda-Bharati, a multilingual Quarterly Journal of Ayurveda & Indian Culture)

CALCUTTA UNIVERSITY CENTRAL LIBRARY

প্রতিষ্ঠাতা-সম্পাদক

কবিরাজ শ্রীবগলাকুমার মজুমদার, এম্-এ, আয়ুর্বেদাচার্য

'আয়ুর্বেদ-ভারতী' কার্যালয়

৪২, মহাত্মা গান্ধী রোড, কলিকাতা-৯

৩য় সংখ্যা ৭৪ পৃ. ৪র্থ বর্ষ-শ্রাবণ, ১৩৭২ বার্ষিক—মূল্য ৬ টাকা

আয়ুর্বেদ-ভারতী—সূচীপত্র, শ্রাবণ, ১৩৭২

	বিষয়	লেখক	পৃষ্ঠা
১।	আচার্য রায়সাহেব কবিরাজ	শ্রীসত্যেন্দ্রকুমার মজুমদার	১
২।	সম্পাদকীয়		২
৩।	আচার্য রায়সাহেব স্মরণে	অধ্যাপিকা শ্রীমতী চারু পাত্রী, এম-এ	৩
৪।	আয়ুর্বেদের আলোয় রায়সাহেবের অবদান	শ্রীঅমলীকান্ত বৈদ্য	৪
৫।	আচার্য কবিরাজ রায়সাহেব সেন	ডাঃ শ্রীনলিনীরঞ্জন সেনগুপ্ত, এম বি	৫
৬।	শিবাম্বুধী কবিরাজ রায়সাহেব সেন স্মরণে	শ্রীহরিসেবক মল্লিক	৬
৭।	আচার্য কবিরাজ রায়সাহেব সেন	রায়সাহেব কবিরাজ শ্রীসত্যেন্দ্রকুমার মজুমদার	৯
৮।	স্বর্গীয় কবিরাজ রায়সাহেব সেন	কবিরাজ শ্রীরামচন্দ্র মল্লিক	১১
৯।	কবিরাজ রায়সাহেব সেন মহাশয়ের স্মৃতি	কবিরাজ শ্রীসুধাংশু মোহন সেন, আয়ুর্বেদী	১২
১০।	স্বনামধন্য কবিরাজ রায়সাহেব সেন	অধ্যাপক শ্রীহরিসাধন চট্টোপাধ্যায়, এম-এ	১১
১১।	উৎসাহের মানুষ	শ্রীসন্তোষ কুমার রায় চৌধুরী	১৫
১২।	স্বনামধন্য বহু কবিরাজ রায়সাহেব সেন	শ্রীহেমেন্দ্রবিকাশ সেন	১৭
১৩।	আচার্য রায়সাহেব কবিরাজ	ডঃ শ্রীরামকুমার সেন, ডি-লিট্	১৯
১৪।	১৩শ বার্ষিক চরক-প্রপত্তি-বিবেক-পারায়ণোৎসবে সভাপতির অভিভাষণ	কবিরাজ শ্রীহরিপদ ভারতী, এম-এ	২১
১৫।	স্মরণী	কবিরাজ শ্রীসুকুমারকুমার রায়, সরস্বতী	১৯
১৬।	১৩শ বার্ষিক চরক-প্রপত্তি-বিবেক পারায়ণোৎসবের কার্যক্রম ও বিবরণী		৩১

আয়ুর্বেদ-ভারতী
রাখালদাস স্মৃতিসংখ্যা ২৮

আচার্য কবিরাজ রাখালদাস সেন

জন্ম—১ই আশ্বিন, ১২৮৫ মৃত্যু—১৪ই শ্রাবণ, ১৩৭২

CENTRAL LIBRARY UNIVERSITY

রাখালদাস স্মৃতিসংখ্যা

আয়ুর্বেদ-ভারতী

প্রতিষ্ঠাতা-সম্পাদক—কবিরাজ শ্রীবগলাকুমার মজুমদার, এম-এ, আয়ুর্বেদাচার্য

ত্রৈমাসিক ১ম সংখ্যা	শ্রাবণ—১৩৭২ AUGUST, 1965	৫ম বর্ষ Vol.V., No. 1

আচার্য রাখালদাস কাব্যতীর্থ

শ্রীবগলাকুমার মজুমদার

প্রসন্নিলে দীর্ঘ শীতের বিস্তৃত পরদল
বাহিরের বই-ব্যথার সহি দুখে পরম—
আত্মহীন—প্রতিপদে বিচ্ছিন্ন জীবন
আমার ভবনে। দুর্গম পথ করি লঙ্ঘন
জ্ঞানের উত্তুঙ্গ শিখরে বেঁধেছ নিজ নীড়,
নিবাসে করেছ আপন—সেবাব্রতে মুখরিত।
ত্যাগ প্রেম সহজায় ত্রিধারা নিকষে লভ
পবিত্র করেছ চিত্ত মম বরিষণে যথা
ভাষলিমা ভোলে ধরিত্রীর শুষ্ক ক্রন্দনে,
সাধনার উচ্চশৌধ রচি বর্ষাক্লান্তিনে—
জানি নীতির সমরণে স্থিতি ক্ষুণ্ণ হয়তে,
আত্মের বিজয়ারী সুস্থির বিশ্বাসের লাগে।
পাশি যথা বাঁধে বালা পালিতে নিজ আবেশে
কোল দিয়ে তেমনি শিশুে জ্ঞানের আলোকে—
চিরবন্ধন মাঝে বন্দী হতনি স্বার্থভরে
সুখে দুখে আপদে বিপদে প্রেম যুগিয়াছে
উপুক্ত করেছ দ্বার-মুক্ত যেন আকাশ
লোকের মুললিত মোহে পাছি নির্মম আশ
কলুষিত করেনি নিজেরে। রূপে রসে গন্ধে
তোমার কথা তৃপ্তি দিয়েছে অফুরন্ত আনন্দে।
চলার পথে ব্যথার ফুল ফুটেছে আবার
অঞ্চলাতে মুছে ফেলেছ কালি মলিনতার,
লোকে লোকে প্রাণের স্পর্শে করেছ মহীয়ান
বিষাদে সাথনি বিচ্ছেদ-বিষাদে হতনি ম্রিয়মান।

বহুদূর আকাশে বিচিত্রের বিকাশে
মুখরিত বনউপবন—প্রাণের উচ্ছ্বাসে—
দীর্ঘ বসন্তময় জীবনের ছেড়েছ নির্ঝর
(মৃদু মরণে) অমৃত-লভিয়া মৃত্যুরে করেছ পরাজয়।

সম্পাদকীয়

আমার এক বছর ঘুরে আমাদের হাসপাতালে এসে পৌঁছল—পঞ্চম বর্ষের মুক্তি হ'ল। চারিদিকে যেদের ঘনঘটা—মাঝখানে যেন নীরাহীন সমুদ্রের রূপ ধারণ করেছে। উত্তাল সমাবেশের মধ্যে প্রকৃতি যেন কোন বিপ্লবের আশঙ্কায় বিষণ্ণভাব ধারণ করেছে—দুর্যোগের অন্ধকারের মধ্য ধরিত্রীর সমুদ্র অঙ্গন ভিজিয়ে দিচ্ছে। এমনি সময়ে আমাদের পরম শ্রদ্ধেয় আচার্য কবিরাজ হাসপাতালের যেন কাণ্ডারীর হাতলটের মধ্যে দিয়ে ধরে মুক্তির অঙ্গনে যাত্রা করেছেন। তাঁর সুদীর্ঘ জীবনের অমলিন কৃষ্ণ সাধনার আয়ুর্বেদরূপ মহোষধি বন্টন করে যে অমৃত লাভ করেছেন, তা অকাতরে দান করে গিয়েছেন। পথে পথের বাধাবিঘ্নের মধ্য দুঃখে-নির্যাতিত জীবনের যে জ্ঞানের দীপ্তি, সৃষ্টি ও সাধনায় ঐশ্বর্য ও বীর্য আছে, তা তাঁর জীবনের নানাক্ষেত্রে—চিকিৎসা, অধ্যাপনা, কাব্যরস, কি বর্ণালোচনা প্রভৃতি বিষয়ে—রূপায়িত দেখতে পেয়েছি। বৈদিক যুগ থেকে যে জ্ঞানবর্ষার ঐতিহ্যের ও বিজ্ঞানের ধারা প্রবাহিত—তা যুগে যুগে পরিবর্তনের মধ্যে সমাহিত হলেও প্রকৃত ও শাশ্বত বৈশিষ্ট্য হারায়নি—যার ফলে আমরা আধুনিক প্রগতির যে বিভিন্ন বিজ্ঞানবিভাগ রাসায়ন-মুক্তাভস্ম-ধাতুভস্মাদি আয়ুর্বেদাচারপদ্ধতি—তান্ত্রিক-যুগের ধনলিপ্সিবিদ্যের স্বর্ণ-ঐশ্বর্যে আলোকিত হয়েছে, তার আবিষ্কার ঘটলেও সেই পরিপূর্ণ জ্ঞানবেদী প্রাচীনপন্থী যোগ-সাধকদেরই মধ্যে তিনি অন্যতম। তাঁর আদর্শ ও সাধনা ও কঠোর তপস্যার পথিক প্রেরণা যেন আমাদের জীবনের শ্রেষ্ঠ অবদান আয়ুর্বেদের পুনরুত্থানে নিয়োজিত হয়। আমরা তাঁর পরলোকগত আত্মার শান্তি কামনা করি এবং তাঁর শোকসন্তপ্ত-পরিবারবর্গের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছি।

আজ কি বিজ্ঞান রোগ, প্রতিটি বিষয়ে মৌলিক তথ্য উদ্ঘাটনের জন্য মননশক্তি উদ্বুদ্ধ হয় যেমন, পুঙ্খানুপুঙ্খ অনুসন্ধিৎসার তেমন চিকিৎসার সূক্ষ্ম দর্শন প্রোগনিশ্চয়ে ও ঔষধনির্বাচনে কলপ্রসূ হয়। তেমনই ব্যাধি বিশ্লেষণে কি কি জিনিস বেরি বা হয়—ইহা নির্ধারিত করবার একটা উপায় হতে পারে কিন্তু যেমের তারতম্যের ফলের কোন ইঙ্গিত সাধারণত মিলে না। আন্তরিক বিকৃতির জন্য বাইরে যে সমবায়ী প্রকাশ লক্ষিত হয়, তা যেমের আভ্যন্তরিক বিকৃতির ঠিক পরিচয় দেয় না—সমস্ত দেহে মানসিক কি বিকৃতি উপস্থিত করছে, তারও সাক্ষ্য দেয়। সুতরাং যন্ত্রের সহিত মননের মিলি ঘটি বিদ্ধ না থাকে, তবে রোগ জ্ঞান, পরিণামে যে অবস্থান্তর ঘটতে পারে, তার প্রতিক্রিয়াজনিত প্রতিরোধের ঔষধ নির্বাচনে সমস্যার অন্ত বা অন্ত রোগ হইবে, এতে সন্দেহ নেই। তাই রোগের ভাষা জানতে হলে যন্ত্রের সঙ্গে মনের মর্মন বা সুসমন্বয় থাকা একান্ত প্রয়োজন। দৈহিক ক্রিয়ার বিশ্লেষক আর আপেক্ষিক অক্রিয়-উভয়ের মধ্যে বিরোধ আছে। এই আপেক্ষিক ক্রিয়ার যে বিকৃতি ঘটে, তাই সমস্যার গুরু চিকিৎসা, আর এই প্রকৃতিকে রক্ষা করাই আরোগ্যের লক্ষণ।

এমনকি, মানসিক আঘাতের ফলে প্রকৃতি এমনভাবে

আর বিকৃতিও একরকম,—মানসিক আহারের ফলে প্রকৃতি ও বিকৃতি আর একরকম এবং তামসিক আহারের ফলে প্রকৃতি ও বিকৃতির নিয়ন্ত্রণও অসম্ভব নয়। এতে ক্ষুধার সত্ত্ব (প্রকাশ), শক্তি (তেজ) ও জড়তা (অন্ধকার) স্বভাবে প্রতিফলিত হয়। অতএব এরা রোগ, প্রকৃতি, দেহ, আহার্য, পরিবেশ প্রকৃতি নিয়ন্ত্রিত করে। যে-বিদ্যা শারীরক স্বরাজুপতিক ব্যাখ্যায় পর্যবসিত—চিত্তের দুর্বিষহ প্রবেশে প্রাঙ্গণ হয়ে ওঠে না এবং বুদ্ধির দীপ্তির উন্মেষ করে না বাঁকা বিষয়ের বিশ্লেষণ ও ঐক্যের মিথুন মিলনসূত্রে—সেখানে পড়ে ওঠে একটা বিচ্ছেদ ও বিপরীত ভাব। তা কেবল চিকিৎসায় নয়—সমাজ, রাজনীতি ও অর্থনীতি ক্ষেত্রেও একটা বিদঘুটে প্রতিক্রিয়া সৃষ্টি করে প্রকৃতির পৃষ্ঠায়—তা মানবীয় হোক, আর তামসিক হোক—যে দুষ্প্রাবলী বিচিত্রিত, তার সঙ্গে বিশুদ্ধ হয়ে সম্পর্ক অন্ধকারের যারা বাঁধে চিরদিনই। ইহা স্বাভাবিক—তাদের লাগে ভাল স্বার্থহীন কার্যকলাপ—মানিকতা আর প্রকৃতির তালে তোতা, মূলকল, নবীনরঙ্গ প্রভৃতি—অবশ্য মানোন-উদ্যানের মত পল্লীবালার অন্তরের কথা বলে,—কারণ, দেহের ও মনের পরিচয় তাদের সহজ ঘনিষ্ঠ ও নিবিড়। মানুষের সৃষ্টি প্রকৃতির বিকৃতি বা তন্ত্রিত সত্যালোকের আদর্শ-সৃষ্টি—তাতে আছে কৃত্রিম কল্পনা—টেকনিক ও'ল স্বাভাবিক মানুষী লীলা ও নিরঙ্কুশ লালিমা—আপন অন্তঃপ্রেরণায় বিচিত্র প্রকাশ। যার ভেতরে লোক বাইরের সৌন্দর্যের টানে বেরিয়ে পড়ে—সে আত্মহারা। এরা শুধু নয়ন পরিতৃপ্ত করে না, অন্তরের উৎস খুলে দেয়—একটি মানুষ, অন্যটি চিরন্তন প্রকৃতি। চিকিৎসায় জটিলতা সামান্য এরাই।

রোগের বৈচিত্র্য বেশির ভাগই আহারীয় কারণে—বাইরের কারণ অতি সামান্য। যদি দেহের স্নায়ু, পেশী ও গ্রন্থির কার্যকারিতা স্বাভাবিক থাকে—রোগমুক্ত থাকে, তা হলে রোগ শুধু নিরোগই হয় না, সৃষ্টির নানারূপ খেলা চলতে থাকে। আর যদি দৈহিক বিকৃতির সহিত মানসিক বিকৃতি বিদ্যমান থাকে, তবে রোগ-মন পাশবিক ভাবেরই লীলাভূমি হবে। পিতৃগ্রন্থি (Sex glands) স্বাভাবিক না থাকলে মানুষ হয় কামুক—অক্ষগ্রন্থি (Thymus) বিকৃত হলে সে হয় উগ্র, নরহত্যাকারী প্রকৃতি—শিবনেত্রী গ্রন্থি (Pituitary) রোগযুক্ত হলে নীচতা পরশ্রীকাতরতা, কল্পনাহীনতা প্রকৃতি রোগ করে। এইরূপ অন্যান্য গ্রন্থির কারণও বিচিত্র। তবে স্ত্রিরোগের বিকৃতির জন্যই এইগুলির বিকৃতির সম্ভাবনা হয়। সুতরাং রোগমুক্তি না থাকলে রোগাক্রান্ত হয়। তবে পরিবর্তনও আসে না। মানসিক ও দৈহিক শক্তির মানের ওপরই জাতির ও ব্যক্তির শ্রেষ্ঠত্ব নির্ভর করে। ঐশ্বর্যের আদর্শে দেহের নির্মাণ করতে গিয়েই যত অনর্থ সংঘটিত হয়। তখন বিজ্ঞানের বিবেচনা না করে সর্বত্রের অর্থের লোলুপতা বৃদ্ধি পায়—ফলে, দুর্নীতির দুইক্ষেত্রে মানবতা ও শালিনতা ব্যাহত হয়—অধিকাংশ তখন সাধনার অতিপথে অনন্তমীর মায়া সৃষ্টি করে। প্রকাশধর্মি পৃথিবীর দেহকে নানাভাবে যে সৃষ্টির মহাযজ্ঞ চলেছে, তার প্রকাশ অবিচারা হলেও বিকৃতির আপাতরম্য বিভিন্নতা সৃষ্টি আবরণ করে মনুষ্যের অন্তরের অন্তরে তার নিরঙ্কুশ অবস্থিতির পার্থক্য যেমন প্রতিভাত হয়। বিজ্ঞানের চমৎকারত্বে সেই এক প্রাণধারা পরমধ্বনি শুনা যাচ্ছে—মানুষ বিচিত্রের বিশ্লেষণে সহজ চাতুর্যে ধরাই দেবে উঠুক।

যারা চলবার পথের সাথি—সুখে দুঃখে,সম্পদে বিপদে জনের সন্তানের সহযাত্রী—পূর্ণিমার পূর্ণযৌবন, আবার অমাবস্যার নিঃস্বতা—প্রাহক, অনুগ্রাহক, লেখক, তাদের সকলকে অন্তরের চিত্তে স্মরণ করছি—অন্তরের সম্প্রীতি জানাচ্ছি আর 'অনুর্বেদ-ভারতী' নবকলেবর শুভদিনে।

राखालदास-स्मृतितर्पणम्

एम्. ए.-पञ्चवर्षीय-विद्यालयः प्रौढशिक्षणविभाग द्वारा निर्मितः

यस्मिन् कौलिमन् मह्य धर्म-पौरुष-सद्गुण ।
राखालदासनाम्ना त्वं सेनान्वयस्य भूषण ॥ १ ॥

इतिहासपुरुषेषु कौलिन्येन सम्मतिं ।
निर्जित्य मृत्युजित् मृत्वा यस्मलोके विराजसे ॥ २ ॥

अभुक्तस्य दिने स्वापि सहस्र भुक्तवान् प्रत्यहः ।
कालजीर्ण परीक्षायां प्रवेशत्वमुद्गतः ॥ ३ ॥

दीनो विद्यसे दैन्यम् आत्मनो निरन्तरः ।
धनवान् भूरिशोऽन्यस्मै निरन्नोवस्त्र सन्तम् ॥ ४ ॥

अज्ञानस्थान्तमाकोऽपि निर्बन्धोऽपि स्वयं पुरा ।
ज्ञान-धन्य-प्रदाता त्वं पुरुषः कोऽपि भूमवे ॥ ५ ॥

शैशवे पितरं पुत्रं बाल्ये च जननीं सुताम् ।
हारयित्वा सुपुत्रत्वं विद्युद्दीने दिवाकरः ॥ ६ ॥

नास्त्यं सेवृक्षत् त्वं भो नाम्नायश्च कुलस्य ।
प्राप्तवानपि प्राप्य सत्य-न्यायपथोज्ज्वलम् ॥ ७ ॥

धर्मार्थकाममोक्षाणां वैचित्र्यं यदि नो हरिः ।
आनीयते समाजस्तो पुत्रेण हरिणं गुरुम् ॥ ८ ॥

स्वार्थनिमिरसन्नानसंहृते परजीवने ।
परार्थपरता प्राप्य कोऽपि त्वं दीनबान्धवः ॥ ९ ॥

मधुरं भाषणं साधो मधुरं चरितञ्चते ।
सारल्यं दिशुवन् स्मृत्वा इक्षुकारः प्रकाशते ॥ १० ॥

क्रन्दनं समाजस्ये खेदं वृत्तम् सुवस्ता तु गच्छति ।
राज्यस्य कोऽप्यस्य त्वं जन्यवाग्मर्हसि ॥ ११ ॥

सत्पुत्रस्ते सहस्राणि नक्षत्राणि द्युतानि ते ।
त्वां अन्यलोकमानेतुं कोऽपि नयु क्षमाः ॥ १२ ॥

आयुर्वेदের আলোয় রাখালদাসের অবদান

পার্থিব কথাশিল্পী শ্রীঅবনীকান্ত মৈত্র

আয়ুর্বেদের অনুপম আলোয়
জ্ঞান-বিজ্ঞানের সমীক্ষায়
যত্নবানী মন

স্নেহে স্নেহে কত শত
অনুপ্রাসন
পরোপরি সমকুল ।

আচার্য কবিরাজ রাখালদাস সেন

· ডাঃ শ্রীনলিনীরঞ্জন সেন গুপ্ত

পরিচয়প্রসঙ্গে আমার পরম শ্রদ্ধেয় আচার্য কবিরাজ রাখালদাস সেন মহাশয়ের চিকিৎসাধীনে বঙ্গদেশের আয়ুর্বেদ-সমাজের একজন প্রকৃত প্রাচীনপন্থী চিকিৎসকের চিকিৎসাধীনে হইল। আয়ুর্বেদে তাঁহার অপূর্ব অধিকার ছিল। বহুকষ্টে বিদ্যা শিক্ষা করিয়া বহু ছাত্রকে সেই বিদ্যা দুই হাতে বিতরণ করিয়া গিয়াছেন। তাঁহার বিদ্যা আয়ুর্বেদে সীমিত ছিল না। সংস্কৃতে পারদর্শিতার তিনি বঙ্গ বিহার উড়িষ্যার সর্বশ্রেষ্ঠ স্থান অধিকার করিয়াছিলেন। সাধ্য ও শক্তি থাকা সত্ত্বে তিনি যশের সহিত অধ্যাপন করিয়াছিলেন।

তিনি কথাশিল্পীদের মধ্যে একজন শ্রেষ্ঠ ছিলেন। তাঁহার সঙ্গে কথা কহিলে সকলেই তাহার পরম আনন্দে ভরিয়া যাইত। সকল শাস্ত্রে অধিকার থাকায় তাঁহার কথার ভিতরে এমন জ্ঞান পাওয়া যাইত যে, জ্ঞানপিপাসু জনের সকল আকাঙ্ক্ষা পূর্ণ হইত।

সংস্কৃতে কথা কহিলে এত সহজ সংস্কৃতে এবং এমন সহজে বলিতে পারিতেন যে, তাঁহার নিকট বসিলে মনে হইত সংস্কৃতে কথা বলা অতি সহজ এবং অতি শীঘ্র আয়ত্ত করা যায়। তাঁহার বিদ্যার গভীরতা ১১শ-শ্রেণীর-সুপণ্ডিত ছাত্রদিগকে তাঁহার কাছে সংস্কৃত পড়িতে দেখিয়া অনুমান করা যায়।

এই বিদ্যা অর্জন করিবার জন্য তিনি যে অমানুষিক কষ্ট স্বীকার করিয়াছিলেন, তাহা না দেখিলে বিশ্বাস করা যায় না। দারিদ্র্যের নিষ্পেষণে তিনি রাস্তায় বসিয়া অধ্যয়ন-সন্ধের মধ্যে আহার করিয়া দিন কাটাইয়াছেন। সমস্ত দিনে একবার রাস্তায় বসিয়া আহার। তাহাও আবার যে দিন রাস্তায় আহার করিতে বসিবার সময় পরিচিত ব্যক্তির সহিত সাক্ষাৎ হইয়া যাইত, সেই দিন আর আহার হইত না। মহামহোপাধ্যায় পণ্ডিত পদ্মনাথ সেন মহাশয়ের আশ্রয় পাইলে আর অন্যত্র যাইতে হয় নাই। পদ্মনাথ সেন মহাশয় তাঁহাকে আয়ুর্বেদ ও আয়ুর্বেদ শিক্ষা দেন এবং অল্পদিনের মধ্যেই সংস্কৃতে সুপণ্ডিত করিয়া দিয়াছিলেন। আয়ুর্বেদ-শিক্ষা তিনি মহামহোপাধ্যায় পদ্মনাথ সেন ব্যতীত স্বর্গীয় রাজেন্দ্রনারায়ণ সেন মহাশয়ের নিকটেও করিয়াছিলেন। বস্তুতঃ তিনি যখনকার দিনে যত বড় বড় কবিরাজ ছিলেন, তাঁহাদের প্রত্যেকের কাছে যাইতেন ও শিক্ষা লাভ করিতেন। তারানাথ বাচস্পতি মহাশয়ের কাছেও তিনি শিক্ষা লাভ করিয়াছিলেন বলিয়া জানা যায়। তাঁহার মাড়ী-জ্ঞান ছিল অসাধারণ। অনেক দিন অনেক সময় তাঁহাকে নাড়ী দেখাইলে তিনি বলিয়াছেন—"তোমার যে বড় ক্ষুধা পাইয়াছে।" আমি মিথ্যা করিয়া বলিতাম "না, এখনই খেয়ে আসছি"। কিন্তু তাহাতেও তাঁহাকে কখনও ঠকাইতে পারিতাম না। "পেটে আম হইয়াছে", "রাত্রে ঘুম হয় নাই" ইত্যাদি তিনি নাড়ী দেখিয়াই বলিয়া দিতেন।

ধর্মবিষয়ে তিনি আমার জন্য মহাশয়ের আশ্রিত হইয়াছিলেন। তাঁহারা উভয়েই ধর্মচর্চা, আয়ুর্বেদ-চিকিৎসা, ব্যাকরণ, ন্যায়, সাংখ্য প্রভৃতি বিষয় চর্চা করিতেন। তাহাতে উভয়েই পরম

আনন্দ পাইতেন। আমার কাকা মহাশয়ের নিকট তাঁহার বিদেহ-মুক্তি হইতে শুনিয়াছি। বিদেহ-মুক্তি যে কি তাহা আমরা তাঁহার নিকটই প্রথম শুনি, তাহার আগে আমরা জানিতাম না।

তিনি বর্ধমানের জানিবার জন্য অনেক সাধু সজ্জন ও মহাপুরুষের নিকট যাতায়াত করিতেন ও অনেক নূতন নূতন কথা সংগ্রহ করিয়াছিলেন। তিনি ও আমরা অযোধ্যার শ্রীসম্প্রদায়ের সম্প্রদায়ের আচার্য-প্রবর শ্রীরঙ্গরাম স্বামীজী মহাশয়ের নিকট দীক্ষিত। সেই দীক্ষার আমাদের সহোদর ছিলেন বিখ্যাত বরীন্দ্র রামায়ণ দাস (পূর্বাশ্রম নাম ডাঃ ইন্দুভূষণ বসু), বিখ্যাত হোমিও চিকিৎসক ডাঃ বি. সাহা, ট্রপিক্যাল স্কুলের ডিরেক্টর ডাঃ বরীণ বসু, চাই-কোর্টের সরকারপক্ষের উকীল বরেন্দ্রর বহুলাল এবং আরও অনেক মহামনীষীগণও ছিলেন।

তিনি পরলোকগত আত্মার সহিত কথা কহিতে পারিতেন। এ বিষয়ে তাঁহার লেখা "উত্তরায়ণে" মাসিকরূপে প্রকাশিত প্রবন্ধ পড়িয়া জানিতে হইবে।

সুদীর্ঘ জীবনে তাঁহার, আয়ুর্বেদ সম্বন্ধে অনেক লিখিয়া যাওয়া উচিত ছিল। কিন্তু কিছু বিশেষ লিখিয়া গিয়াছেন বলিয়া জানি না।

আজ তাঁহার পরলোকগমনে একজন সর্বশাস্ত্র-বিদ্ সুপণ্ডিত ও শ্রেষ্ঠ আয়ুর্বেদসেবী চিকিৎসকের যে অভাব অনুভূত হইল, তাহা অপূরণীয়।

চিকিৎসক কবিরাজ রাখালদাস সেন স্মরণে

শ্রীহরিপদ বসু
(অধ্যাপক, I. I. T., Kharagpur)

আজ প্রায় এক বৎসর পূর্বের কথা—আমি কলিকাতায় এক ছেলে থাকি। বিবেকানন্দ রোডের এক বাড়ীতে এক সাধু-স্বামিজী থাকেন, সেখানে প্রায়ই যাই। স্বামিজীর সঙ্গে অনেকদিন আগেই পরিচয় হয়েছিল, তখন তিনি অন্যত্র থাকতেন। বিবেকানন্দ রোডে স্বামিজীর থাকা-কালীন সেই আশ্রমে কবিরাজ মহাশয় রাখালদাস সেনের সঙ্গে প্রথম পরিচয়। স্বামিজী বিলক্ষণ, কোনও হুজুগে দিন চলে, লোক সমাগম বেশ হয় কিন্তু সকলের সাহায্য বা পূজা গ্রহণ করেন না। অপূর্ব সংযমী এবং যোগী, তাহার চরিত্রের কোনও ত্রুটী থাকিলে তার পূজা গ্রাহ্য করেন না। অনেক ধনী অনেক কিছু দিতে চেয়েছিলেন, কিন্তু তাহাতে স্বামিজী লোকের দান থাকার গ্রহণ করেন নি—অধিকন্তু গালাগালি করে তাড়িয়ে দিয়েছেন। দুর্ভিক্ষের ভাণ্ডারে, দুর্ঘটনাস্থলে সকলেই ধনিক, তাঁহার সাহায্য পেয়ে ধন্য হয়েছিলেন এবং তাঁহার সেবার অধিকার পেয়েছিলেন।

কবিরাজ মহাশয় তাঁহাদের মধ্যে একজন।

স্বামিজীর শরীর খুবই খারাপ, কবিরাজ মহাশয় একদিন আমাকে বললেন—"তুমি আমার বাড়ীতে যেও, ওষুধ দেবো, নিয়ে এসো।" তাঁহার কাছে

ঔষধ আনতে গিয়ে নানা কথায় আমার আত্মীয়তার কেটে গেল এবং ক্রমশ ঘনিষ্ঠতা বৃদ্ধি পেয়ে তিনি পরমাত্মীয় হয়ে উঠেন। একদিন জিজ্ঞাসা করেন, "তুমি স্বামিজীর কাছে যাও কেন?" কোন সদুত্তর দিতে পারিনি, তারপর অনেক ভেবেছি, আজ পর্যন্ত কোন উত্তর খুঁজে পাইনি। স্বামিজীকে ভালবাসতাম কিনা, জানি না, তবে তাঁকে খুব ভাল লাগত, তাই যেতাম। তাঁহার এক অদ্ভুত আকর্ষণী শক্তি ছিল, যার ফলে সেখানে আমার একরকম নেশা হয়েছিল বেশ, তাই তিনিও সময়ে অসময়ে প্রায়ই স্বামিজীর কাছে যেতেন এবং তাঁহার সঙ্গে ধর্ম-সম্প্রদায় নানা আলোচনা করতেন।

মেহরবানার পর যখন স্বামিজী ঔষধের পরপারে চলে গেলেন, তখন আর কবিরাজ মহাশয়ের কাছে ঔষধ আনবার যেতে হত না এবং কবিরাজ মহাশয়ের সঙ্গে যোগাযোগ অনেকদিন ছিন্ন থাকে। বেশ কয়েক বৎসর পরে হঠাৎ একদিন তাঁর সঙ্গে পথে দেখা হলে তিনি সব কুশল জিজ্ঞাসা করেন এবং অতি আপনার জনের মত তাঁহার বাড়ীতে যেতে বললেন। তখন পুনরায় মধ্যে মধ্যে কবিরাজ মহাশয়ের বাড়ীতে যাতায়াত আরম্ভ হয়। তখন তখনও আমার শরীর খারাপ দেখলে নিজেই ঔষধ দিতেন—বলা বাহুল্য, ঔষধ বিনামূল্যেই দিতেন। তাঁহার উদারতা দেখে মনে হত তিনি অতি আপন জন, তাই কখনও ঔষধের মূল্য দেবার কথা মনে হয়নি বা সাহস হয়নি। অনেকবার প্রশ্ন করেছেন, "আচ্ছা, স্বামিজীই বা কে, আমিই বা কে, আর তুমিই বা কে? আমাদের মধ্যে এত ঘনিষ্ঠতা কেন? বিশ্বাই আমাদের মধ্যে জন্মজন্মান্তরের সম্বন্ধ না হ'লে এমনটি হ'বে কেন?" এই রকমের কথার উত্তরে আমিও অনেকবার বলেছি—"যদি স্বামিজীর সঙ্গে জন্মজন্মান্তরের সম্বন্ধই থাকে, তাহলে আমাদের নিজের মনের মতন করে তৈয়ারী না করেই অকালে ফাঁকি দিয়ে চলে গেলেন কেন?" কবিরাজ মহাশয় শুনে কিছুক্ষণ চুপ করে থেকে কি যেন ভাবলেন, তারপর বললেন—"সে অনেক কথা, তোমাকে বলবার সময় হয়নি এবং আদেশও হয়নি।"

কবিরাজ মহাশয়ের কাছে গেলেই নানা কথার মধ্যে উপনিষদ্ প্রভৃতি থেকে অনেক গল্প বলতেন। একদিন কথাপ্রসঙ্গে ভক্ত সুরদাসের এক ঘটনা বললেন। অন্ধ সুরদাস গান গাইতে গাইতে চলেছেন, পথের ধারে কূয়া ছিল, তার মধ্যে পড়ে গেলেন। পরমভক্ত ভাবলেন, শ্রীকৃষ্ণই ফেলেছেন কূয়ার মধ্যে, এবং যদি উঠাবার প্রয়োজন হয়, তবে তিনি নিজেই উঠিয়ে নেবেন। এই অভিমান নিয়ে সুরদাস কূয়ার মধ্যেই গান গেয়ে চলেছেন। পথিক যে যায়, তাঁকে তুলবার জন্য এগিয়ে আসে। সুরদাস জিজ্ঞাসা করে—"তুমিই কি আমাকে ফেলেছ?" যখন তাহার উত্তর আসে "না", তখন সুরদাস তাকে চলে যেতে বলেন। যেমনি করে অনেক পথিক আসে কিন্তু কেহই সুরদাসকে তুলতে পারে না। শেষে একজন এলেন তিনি সুরদাসের জিজ্ঞাসার উত্তরে বললেন—"হাঁ, আমিই তোমাকে ফেলেছি।" তখন ভক্ত সুরদাস হাত বাড়িয়ে দেন এবং হৃদয়বেশী শ্রীকৃষ্ণ কূয়া থেকে তাঁকে উপরে তুলে নেন। উপরে উঠেই সুরদাস আবেগভরে পথিকের হাত জড়িয়ে ধরেন, পথিকও ধরা দেবার পাত্র নহেন, হাত ছাড়িয়ে অদৃশ্য হয়ে যান। তখন সুরদাস বললেন—"আমি দুর্বল, তাই

তুমি কাঁটা ফেরে আমার হাত থেকে পালাবে কি পেরের? যেদিন তা পারবে, সেদিন বুঝবো তুমি সত্যই মরেছ।" এই ঘটনার কথাটি কবিরাজ মহাশয়ের খুব প্রিয় ছিল, এবং বলতেন—"যাঁরা, এমনি করে নিজের ভেক ও অভিমান নিয়ে ঘরে থাকতে পারেন তখনই তাঁর খুব নিজের অন্তরে যাবে, তাঁকে আপনার করলে নিজের দীমার মধ্যে সেই অসীমকে পাঁওয়া যায়।" এই প্রসঙ্গে কবিরাজ মহাশয় বলতে থাকেন—"তুমি যে রেডিওর কথা, দেশবিদেশের খবর রেডিওর সাহায্যে বলতে পার। এখন এই সভায়, কত লোকেই 'রেডিও ফ্লুয়ে'—দিল্লী, কলকাতা, আমেরিকা, লণ্ডন, আরও কত, কিন্তু তুমি বেটিতে পছন্দ ক'রে ধরতে চাও, কেবল সেইটিতে অনেকগুলি যন্ত্র দিয়ে ধরতে পার। ধরবার জন্য উপযুক্ত হয়ে চাই এবং কোন জায়গায় 'রেডিও' শুনতে চাও, তা ঠিক করে সকল ভাজনার মধ্যে যে জায়গা পছন্দ করবে—তার সঙ্গে খুব ধৈর্য-সহকারে যোগ করলে তখনই সেই জায়গার গান শোনা যাবে। এই ভাবে একই জায়গায় যদি একজন এবং একই সময়ে অনেকে কথা কইতে থাকে—তাহলে শ্রোতার কান যার সঙ্গে যোগের ঘটাবে, তারই কথা শোনা যাবে। এই যোগাযোগই হল আসল কাজ। যদি আমরা মনে প্রাণে এক হয়ে ঠাকুরের সঙ্গে যুক্ত হতে পারি, তখনই তাঁকে পাওয়া যাবে, অন্য নয়। কলাগাছে নিজের নিজের ভাবে কার মধ্যেও সেই যোগসূত্র খুঁজে নিতে হবে সকল কাজের মধ্যে তাঁকে যুক্ত ক'রে রাখতে হবে, সবই তাঁর কাজ এই প্রাণপণে বিশ্বাস করতে হবে, তা না হলে তাঁকে ধরা যাবে না।" এইসকল কথা বলতে বলতে কবিরাজ মহাশয় অন্যমনস্ক হয়ে পড়লেন এবং আমি অবাক্ হয়ে দেখি।

এই ভাবে কবিরাজ মহাশয়ের সঙ্গে আলাপ আলোচনা করে যত বুঝিলাম যাকে তত্ত্বই মনে হয় আসল কাজ হচ্ছে না, দূরে দূরে রাইছে। তিনিও সকল সময়ে অন্তরের ব্যথা বুঝে নেন। একদিন বললেন—"তোমায় এক অদ্ভুত মহাপুরুষের কাছে নিয়ে যাব, তুমি তাঁর সঙ্গ স্পর্শে পরম শান্তি পাবে। মনে আছে, ১৯৪৮ সালের অগ্রহায়ণী পূজার দিন সকালে কবিরাজ মহাশয় সঙ্গে করে সেই মহাপুরুষের কাছে আমাকে নিয়ে যান—পরে শুনি, স্বামিজী পূর্ব কোনও এককালে এই মহাপুরুষের শিষ্য ছিলেন—সে অনেক অদ্ভুত কথা। কবিরাজ মহাশয় সেই মহাপুরুষকে "কর্তা" বলতেন। প্রথম সাক্ষাতেই শ্রীশ্রীকর্তা লেখকের চির এমন করে অধিকার করেন, তাহা ভাষায় প্রকাশ করা যায় না। শ্রীশ্রীকর্তার সঙ্গে মিলন সাধনের জন্য আমি কবিরাজ মহাশয়ের কাছে চিরঋণী। শ্রীশ্রীকর্তার সঙ্গ-লাভের সৌভাগ্যও বেশীদিন স্থায়ী হয় নাই। তিনি ১৯৫১ সালে অমর লোকে চলে যান। লেখকের জীবনাকাশে এই দুই মহাজন—শ্রীশ্রীকর্তা ও স্বামিজী সৎসঙ্গের মেঘের মত অকস্মাৎ মধ্যেই অস্তমিত হইয়া যান।

স্বামিজীর তিরোধানের পর যেমন কবিরাজ মহাশয়ের সঙ্গে যোগাযোগ স্বাভাবিক ভাবে ছিন্ন হয়ে গিয়েছিল, শ্রীশ্রীকর্তার তিরোধানের পর তেমনটী হয় নাই। তাঁদের তিরোধানের পর তাঁদেরই সঙ্গে যোগাযোগ বজায় ছিল কবিরাজ মহাশয়ের মাধ্যমে। তাঁদের বাণী ও নির্দেশ এবং তাঁরা যে জগতে আছেন, তার সব সংবাদই যে কবিরাজ মহাশয়ের মাধ্যমে পেয়েছি, তা লিখে শেষ করা যায় না। একদিন আলোচনার মধ্যে কবিরাজ মহাশয় বলে উঠলেন—"আরে

ওঁরা যে ভবনে এসেছেন বলে রয়েছেন, তোমায় কি ক'রে দেখাব ? আমার সাধ্যও নেই, ক্ষমতাও নেই"। অনেকক্ষণ চুপ ক'রে থাকার পর বললেন,—"কর্ত্তা জানাতে বললেন যে, যখন তুমি ওঁদের স্মরণ করবে, তখন ওঁরা যে সূক্ষ্মভাবে তোমার কাছে এসেছেন ব'লে মনে প্রাণে বিশ্বাস করবে। এইভাবে ওঁদের উপস্থিতি মনে করতে করতে সূক্ষ্মের সঙ্গে সমন্বয় হবে এবং তারপর অনেক কিছু সূক্ষ্মভাবে দেখতে ও শুনতে পাবে, ভয় নেই।" এইভাবে সূক্ষ্ম জগতের কত যে গূঢ় সংবাদ কবিরাজ মহাশয়ের মাধ্যমে পেয়েছি, তা লিখবার আবেশ নেই।

উত্তর কালে একবার কলিকাতায় যাইয়া-কালীন আমার Athritis রোগ হয়, অনেক বিশেষজ্ঞকে দেখিয়ে চিকিৎসা করা হয় – বিশেষ কোন উপকার যখন হল না, তখন একদিন শুনে কবিরাজ মহাশয় বললেন—"অনেকদিন চেষ্টা করলে কিছু যখন হল না, তখন পাই। আমাদের হাত, আমরা একবার দেখি, কি করা যায়।" তাঁহার সঙ্গে সুক্ষ্ম শিষ্যরাও তাঁহার কাছেই ছিল। দুইজনে পরামর্শ করে চিকিৎসা আরম্ভ করেন এবং কিছুদিনের মধ্যেই সম্পূর্ণ নিরাময় করিয়ে দেন। এমনি করে তিনের পর তিন তাঁহার অতি নিকট আত্মীয় করে নিয়েছিলেন।

আজ তিনি স্থূল শরীরে আমাদের মধ্যে না থাকলেও আমি মনেপ্রাণে বিশ্বাস করি যে, তিনি সূক্ষ্ম শরীরে বিরাজ করছেন এবং সকলের মঙ্গলের জন্য আরও অনেক চেষ্টা করে চলেছেন। কবিরাজ মহাশয়ের সাধনার বাণী তাঁহার মনে পড়ে গেল—"মনের কথা মনে থাকবে, যেন কেউ কিছু না জানতে পারে।" কবিরাজ মহাশয় জ্যোতির্ময় রাজ্যে শান্তিতে থাকুন এবং শ্রীশ্রীজগদম্বিকাদেবীকে সন্তানরূপে নিয়ে আমাদের গৃহ অন্ধকারকে আলোয় সন্ধান দিন, ইহাই প্রার্থনা।

সাধক কবিরাজ রাখালদাস সেন

রাজবৈদ্য কবিরাজ শ্রীবৎসাকুমার বসুমহাশয়, এম-এ, আয়ুর্বেদাচার্য

পবিত্র ভাগীরথী-বিধৌত ভাটোরার অনতিদূরে অজ্ঞাতনামা পল্লীগ্রাম নিবাসের নিরালা কোণে ৮৮ বৎসর পূর্বে জন্মাষ্টমীর পূর্বদিন পঞ্চমী চতুর্দশী তিথিতে যে শিশুটী ভূমিষ্ঠ হয়েছিল, সেই শিশুই বড় হয়ে বেদনামুখর ভারতী যেমন মৈত্রেয় নিলা কেন করে উপলব্ধির মধ্যে থেকে থেকে ফুকুলে মধুরের হাসি ছড়িয়ে আজ মধুরের বক্ষে চির-শান্তির আসন নিয়েছেন এমন—তার নাম সাধক কবিরাজ রাখালদাস সেন। আজ অস্তগামী সূর্যের দীপ্তির দিকে চেয়ে তাই ভাবি, মানুষের জীবনও এইরূপ প্রতিভার অন্তরালে লুকিয়ে থাকে।

পিতার নাম ৺ললিতানন্দ সেন, মাতার নাম ৺ললিতা দেবী। পিতা মাতা যান তার ৭ বৎসর বয়সে, মাতা তার ১৩।১৪ বৎসরে। সুতরাং পিতৃ-সুখে অন্য কোন আশ্রয় না পেয়ে মাতুলালয়ে ৬-৭ম

ভক্ত মধ্যে মধ্যে এরূপ করিতে হয়, তাহাতে আপনি দুঃখিত হইবেন না। আমি ও বসন্তবাবু আপনার মতই একনিষ্ঠ আয়ুর্বেদ-সেবক ও শুদ্ধ আয়ুর্বেদের পাঠ্যক্রমের সমর্থক।" আমার প্রতি ভালবাসার জন্য এই রাত্রি দিয়া যাইবার সময় মধ্যে মধ্যে আমার বাড়ীতে আসিতেন এবং কি করিয়া আয়ুর্বেদ রক্ষা পায়, সে সম্বন্ধে আলোচনা করিতেন। দুঃখের বিষয়, ভারতবর্ষ স্বাধীন হইলেও আমাদের দেশের নেতাদের এ সম্বন্ধে চিরকালই ঔদাসীন্য দেখা যাইতেছে। যদি সরকারের কিছুমাত্র দূরদৃষ্টি থাকিত, তাহা হইলে ৮৮ বৎসর বয়স্ক কবিরাজ রাখালদাস সেনের নিকট হইতে আয়ুর্বেদের বহু মূল্যবান তিনি গ্রহণ করিয়া অবশ্যরক্ষার স্থাপন করিতে পারিতেন। ইহাতেই মনে হয়, রৈষিক স্বাধীনতা পাইলেও মানসিক স্বাধীনতা এখনও দেশে আসে নাই। আজ দেখিতেছি, যখন স্বনির্ভরশীল হইতে বলা হইতেছে, দেশীয় চিকিৎসা হাজার হাজার বৎসর ভারতের চিকিৎসার দায়িত্ব লইয়াছে, সেই দেশীয় চিকিৎসাকে চিকিৎসা-বিষয়ে দেশকে স্বনির্ভরশীল হইবার জন্য কি চেষ্টা করা হইয়াছে? তাঁহার আর একটী বৈশিষ্ট্য ছিল, বন্ধুবান্ধবের সহিত কথাবার্তায় মাঝারি দৃষ্টান্ত দিয়া রসাত্মক বাক্য প্রয়োগ করা। তিনি অত্যন্ত ধর্মবিশ্বাসী ছিলেন এবং তারক-বিশ্বাস ও শ্রীনলিনীরঞ্জন সেনগুপ্তের গুরুদেব ছিলেন।

কবিরাজ রাখালদাস সেন মহাশয়ের স্মৃতি

আয়ুর্বেদাচার্য শ্রীমুরারি মোহন ঘোষ, কাব্যতীর্থ,
অধ্যাপক, বিশ্বনাথ আয়ুর্বেদ কলেজ

এক এক করে বাংলার প্রাচীনপন্থী কবিরাজগণ বিদায় নিচ্ছেন। অবশ্য পরিণত বয়সেই কবিরাজ রাখালদাস সেন পরলোকগত হয়েছেন, এতে অস্বাভাবিকতার কিছু নেই, কিন্তু আয়ুর্বেদ-শিক্ষা এবং চিকিৎসাজগতে তাঁর স্থান পূর্ণ করবার মত জ্ঞানী, গুণী ও পণ্ডিত ব্যক্তি বাংলার কবিরাজ সমাজে আর বেশী দেখা যাচ্ছে না—এটাই আপসোসের বিষয় এবং চিন্তার কারণ।

আয়ুর্বেদের নিজস্বধারায় একে জনসাধারণের সামনে তুলে ধরার মতো যে গভীর জ্ঞান ও যোগ্যতা কবিরাজ রাখালদাস সেনের মধ্যে আমরা দেখেছি, তা অপূর্ব। তিনি কঠিন পঞ্জিবিধানের সংস্কৃত টীকাকে প্রায়শ বাংলায় অনুবাদ করে যে বইখানা লিখে গেছেন, বাংলার পণ্ডিত ও সুধী-সমাজে উহা বিশেষ সমাদর লাভ করেছে। কেবল তাই নয়, আয়ুর্বেদানুসন্ধিৎসু, আধুনিক বিজ্ঞানীরাও বার্ধক্যের ওপরমহিত এমন সহজ বাংলা ভাষায় রচিত বইখানার অকুণ্ঠ প্রশংসা করেছেন।

বিশ্বপ্রেম তাঁর কাছে কাঁকা বুলি, আকাশ কুসুম নয়, তিনি নিজের দেশ ও জাতিকে ভালো না বেসে, নিজের জাতিকে সমৃদ্ধিশালী না করে, নিজের জ্ঞান-ভাণ্ডার সমৃদ্ধ না করে—স্বাবলম্বী না হয়ে,পরের

অন্তরালে চলে যায়। কবিরাজ রাধালদাস সে-জাতীয় ব্যক্তি ছিলেন না। তিনি ছিলেন স্বজাতি-বৎসল। তাঁহার চরিত্রের প্রধান গুণ ছিল—নিষ্ঠার সহিত, সততার সঙ্গে দেশীয় চিকিৎসা এবং দেশীয় ঔষধের দ্বারা রোগের সেবা করা।

জীবনের শেষদিন পর্যন্ত একনিষ্ঠভাবে তিনি তা করেও গেছেন। ইংরেজী জীবনের শেষভাগে তিনি কানে কম শুনতেন—চোখেও ভাল দেখতে পেতেন না, তবু তিনি আমাদের 'আয়ুর্বেদ-ভারতী'তে আয়ুর্বেদশাস্ত্রে নিজ অভিজ্ঞতালব্ধ জ্ঞানগর্ভ মৌলিক গবেষণাপূর্ণ প্রবন্ধ লিখে আয়ুর্বেদের গবেষণা-ভাণ্ডারকে সমৃদ্ধ করে গেছেন। আয়ুর্বেদ বিজ্ঞান পরিষদে তিনি বহুবার সভাপতিত্ব করে সভার গৌরব বৃদ্ধি করেছেন।

কবিরাজ রাধালদাস সেন শুধু যে আয়ুর্বেদ-শাস্ত্রেই সুপণ্ডিত ছিলেন, তা নয়, তাঁর অন্তরটি ধর্মনিষ্ঠ, কবিত্ব ও সাহিত্যরসে পরিপূর্ণ ছিল। সে-বিষয়ে কবিরাজ মহাশয়ের বহু রচনা রয়েছে। একদিকে গভীর ধর্মনিষ্ঠতাসমন্বিত প্রবন্ধ যেমন তিনি লিখতেন, অপরদিকে আবার হাস্যরসে কৌতুকপ্রদ উচ্চ স্তরের রসরচনাও তিনি লিখতে সিদ্ধহস্ত ছিলেন। তিনি কবিও ছিলেন।

বিগত বিভিন্ন বৎসরের মধ্যে বহুবার তাঁর সান্নিধ্যে আসার সৌভাগ্য লাভ করেছি—আয়ুর্বেদের সভা-সমিতিতে অনেকবার মিলিত হয়েছি। সম্মিলনে তাঁকে আমাদের পুরোধা রূপে নিয়ে যেতাম। একটু মোড়লগিরী হলেও দেখেছি—নিজ সিদ্ধান্ত সমর্থনে যুক্তি ও উপমা-অলঙ্কারে তিনি আমাদের প্রচুর আনন্দ দিতেন—সেকথা ভুলবার নয়।

কবিরাজ মহাশয় খুব অল্প বয়সের মধ্যে অগ্রসর হয়েছেন—সততা ও নিষ্ঠার বলে নিজের চিকিৎসা-কৌশলেই পরবর্তীকালে প্রচুর অর্থের অধিকারী হয়েছিলেন এবং বাঙ্গালার তথা ভারতের অন্যতম ধনবান কবিরাজরূপে খ্যাতিলাভ করেছিলেন। তিনি আয়ুর্বেদীয় চিকিৎসালব্ধ অর্থেই কলিকাতা-সহরে প্রকাণ্ড বাড়ী করে গেছেন। আজকে কবিরাজ-রাধালদাস সেন মহাশয় তাঁহার এই পুরাতন আয়ুর্বেদীয় বিদ্যার শিক্ষিত করে সুযোগ্য কবিরাজ-রূপে প্রতিষ্ঠিত করে গেছেন। কবিরাজ প্রিয়ব্রত সেন পিতার ঐতিহ্য বজায় রেখে বাঙ্গালার আয়ুর্বেদীয় চিকিৎসাক্ষেত্রে আরো সুনাম অর্জন করে আয়ুর্বেদের প্রাচীন বৈজ্ঞানিকতার মর্যাদা রাখতে চেষ্টা করুন এবং আয়ুর্বেদের গৌরব বৃদ্ধির সহায়ক হউন, এটাই ভগবানের নিকট প্রার্থনা করি।

'কাল বিবরণ'

শ্রীযুক্তা অন্নদাদাসী দেবী প্রণীত এই গ্রন্থখানি একাধারে হিন্দুধর্ম ও সমাজের নানা বিষয়সমৃদ্ধ। সংসারের বিবিধ কর্মে ব্যস্ত থাকিয়াও মহাপুরুষাশ্রিতা লিখন আত্মানুশীলন করিতেন এবং এখনও করেন তাহারই ইহা একটি প্রকৃষ্ট নিদর্শন। তাহাদের আদর্শ যে সেবা ও সাধনা, বিশেষত নারী জীবনে পারিবারিক ও সামাজিক শান্তি লাভে একান্ত প্রয়োজন, তাহা মাননীয়া বিদুষী লেখিকা সুন্দরভাবে অঙ্কিত করিয়াছেন। ইহা সকলের পাঠ করা উচিত। মূল্য ২-৫০ টাকা।

— প্রতিষ্ঠাতা-সম্পাদক

প্রাপ্তিস্থান : ১৬, মৈরেল আভিন্যাল এভিনিউ, কলিকাতা-১৭

স্বধর্মনিষ্ঠ কবিরাজ রাখালদাস সেন

অধ্যাপক শ্রীঅরুণনাথ ভট্টাচার্য, এম-এ

"জীবে দয়া নামে রুচি"—পরম ভক্তের কবিরাজ রাখালদাস কবিরাজীর মহাশয়ের দেহ লোকান্তরিত হইলে পর এই প্রবন্ধ 'উত্তরায়ণে' প্রকাশিত হয়। ইহার পূর্বে কয়েক বৎসর ধারাবাহিকভাবে 'মহতের পথে' শিরোনামে ইহা প্রকাশিত হইতেছিল। লেখকের অন্যতম শ্রদ্ধেয় বন্ধু যোগাযোগের যে অপূর্ব আলেখ্যখানি কবিরাজ মহাশয়ের অবয়ব বৈশিষ্ট্যে ফুটিয়া উঠিয়াছে—সহজ ঘরোয়াভাবে ঘটনাগুলির ক্রমিক উৎকর্ষমুখে সজ্জা, চরিত্রাঙ্কণের প্রতি উজ্জ্বল শ্রদ্ধা—পড়িলে লেখকের বাক্তিত্ব যেন প্রত্যক্ষ হয়। তাঁহার অন্তরের অনুরাগ আজীবন কোন দিকে প্রবাহিত তাহা স্পষ্ট অনুভব হয়। মহতের প্রসাদে মানব চরিত্রের যে অসীম রাজ ও বৈচিত্র্য চিকিৎসক জীবনে কবিরাজ মহাশয় লক্ষ্য করিয়াছিলেন এবং সেগুলি তিনি লিপিবদ্ধ করিয়াছেন তাহা অনুপম অনাড়ম্বর লেখনীমুখে। তাঁহার অন্তরের কাঁচাটি বুঝিয়া ফিরিয়া যাওয়ার সেই নিরুপায় মর্মান্তিক অভিমুখে হইতে 'সবার উপর মানুষ সত্য, তাহার উপরে নাই'। প্রসঙ্গে ভিজিটের নাম যে কবিরাজ, উহা তাহাতে সার্থক প্রমাণ হয়। চিকিৎসাসূত্রে তাঁহার নিকট উপস্থিত হইলে শ্রীতিস্নিগ্ধ, আলাপ-নিপুণ, মানবিকতায় তন্ময় তাঁহার অন্তর যেন বাহিরে ছুটিয়া আসিত অবাক্ত স্নিগ্ধতার স্পর্শ ও পরিচয় পাইবার জন্য। শিক্ষকের (অধ্যাপক যোগেশচন্দ্র চট্টোপাধ্যায় প্রণবনাথ তর্কভূষণ) নিকট তিনি যেসময় পড়িয়াছিলেন। আদিত্য কাব্যের উপাধি পরীক্ষার জন্য যখন প্রস্তুত হইতেছিলেন, তখন 'বৈদ্যক চরিত' ও 'শিক্ষণাদর্শের' কিছু অংশ তাঁহার নিকট অনুশীলন করি এবং ঐ পরীক্ষায় যেটুকু সাফল্যলাভ করি তাহার মূলে ছিল কবিরাজ মহাশয়ের উৎসাহ ও প্রেরণা। বিভিন্ন শিক্ষকের মত এবং পরবর্তীর জীবন-সংগ্রামে কৃতী পুরুষের মত তিনি নিপুণ অনুসন্ধিৎসার দ্বারা এবং অধ্যাপনা ও অন্যান্য ব্যবসায়ের মধ্যে কিরূপ অনুপাত রক্ষা করিলে ফলপ্রসূ হয়, তাহা বুঝিতেন।

মৃদু স্বরে আলাপ করিয়া তিনি আনন্দ পাইতেন। পাণ্ডিত্যের বলা হইয়াছে—'সর্বং স্নিগ্ধং মৃদুপ্রায়ং আর্জবং ব্রহ্মণঃপ্রথম্'—কুটিলতা মৃদুনিষ্ঠান-রূপের অনুভব যা সরলতা। বিদুষির পূর্বে স্নেহাস্পদ ডাক্তার তারকনাথ ঘোষ তাঁহার শিক্ষকের আমাদিগের অশেষ কল্যাণকামী শিক্ষক যোগেশচন্দ্র ঘোষ মহাশয়ের প্রতি অকৃত্রিমের অন্তরালির tape-record নেন। কবিরাজ মহাশয়ের স্বরভঙ্গী ও বাক্য-মাধুর্য ধীরে ধীরে অন্তরঙ্গী হইয়া আসে। শুনিলে মুগ্ধ ও স্নেহাকৃষ্ট হইতে হয়—তাঁহার অকপটে নিজের প্রথম জীবনের প্রতিকূল পরিস্থিতির এই বিবরণ এবং শিক্ষক মহাশয়ের প্রতি তাঁহার অকুণ্ঠ কৃতজ্ঞতা-জ্ঞাপন—মানবজীবনের সরল দুঃখ ক্লেশ, সংগ্রামে ও সহিষ্ণুতায় মহনীয় করিয়া তোলে স্বপ্রকাশের এই সত্যনিষ্ঠা। সংসারে প্রীতি, সমবেদনা, অনুকম্পা, ও সহানুভূতির এই স্পর্শ-

পুরুষ, দুর্বল মানুষ অন্যায় ইন্দ্রিয়ের সাথে সংগ্রাম এ সকল আয়ত্ত করিতে চায়, কিন্তু বলিই পুরুষ ইহা জীবন সাধনার অবশ্যই শিক্ষা বলিয়া অন্তরালে প্রকাশ করিয়া থাকেন কবিরাজ মহাশয়ের মত।

বহুপরিবারের সাথে অন্তরের ঘনিষ্ঠতার বিকাশে তিনি সকল পুরুষার্থ অর্জন করিয়াছিলেন— খ্যাতি প্রতিপত্তি, সমাজের শ্রদ্ধা সম্মান, অন্যায় ও অন্যায়ধর্মী অন্তরালে লাভ করিয়াছিলেন। সাহিত্য-চর্চার বিস্তৃত, আয়ুর্বেদের গৌরব-প্রচারে সর্বত্র সম্মানিত—ভারতীয় সংস্কৃতি ও আর্য মহিমার বিস্তারে নিবেদিত-জীবন ছিলেন তিনি। একটি স্বাভাবিক মানুষের রশ্মিমণ্ডলে পরিবৃত হইয়া তিনি বিরাজ করিতেন—মানুষ ও মোক্ষদা ছিল তাঁহার অন্তরিক্ষ স্বরূপ। মহানগরীর বিবিধ সমাজের ও আধুনিকতার বাহ্য কৌলুন্যের মাঝে একটা সহজ আভিজাত্য তিনি শেষ পর্যন্ত অক্ষুণ্ণ রাখিয়াছিলেন। ইহা অতীতের ও আগতের দিকে মনকে আকৃষ্ট করে। রাষ্ট্রের উর্ধ্বে ক্ষেত্র, বৈভব ভাবধারায় বহু সহায়ী বলিয়া অন্তরালিবেক, পুরুষানুক্রমে সাধুর বিদ্যার চর্চা, ঐশ্বর্যের বৈভব-সম্ভারের উচ্চ মর্যাদা - এ সকলের সুস্পষ্ট ধারণা ছিল তাঁহার থাকিবে। সকল বৈচিত্র্য বুঝিয়া ফেলিয়া, অতীতকে অস্বীকার করিয়া মানবতার নূতন নামা পরিকল্পনা যখন জনমনকে আকৃষ্ট করিতেছে, তখন ইতিহাসের বিলীয়মান গৌরবোজ্জ্বল পরিচ্ছেদের দিকে আমাদের অন্তরকে আকৃষ্ট করে কবিরাজ মহাশয়ের মত ইহার একটি তাৎপর্য নির্দেশ।

ঊর্দ্ধলোকের মানুষ

শ্রীসরোজ কুমার রায় চৌধুরী

একদিন সকালে নিচের বসবার ঘরে বসে আছি, হঠাৎ কবিরাজ রামলালাল বাগচীর আগমন এসে উপস্থিত। কখনই তিনি ঘরে ঢুকে আসতেন না। বোধ করি, তার সময়ও পেতেন না। কখনই আসতেন, অবশ্য খুব ঘন ঘন কখনই নয়, এমনি অতর্কিতেই আসতেন।

তাড়াতাড়ি উঠে দাঁড়িয়ে তাঁর পায়ে হাত দিয়ে প্রণাম করলাম। জিজ্ঞাসা করলাম, হঠাৎ যে! আমাকে টেলিফোন করলে আমিই ত যেতাম। কষ্ট করে আপনার আসবার দরকার ছিল না।

তাঁকে একটু অন্যমনস্ক বোধ হল, একটু বাক্য সংযত। বললেন, না, কষ্ট কিছুই নয়। তারপরে কি জানি, ঘরে ঢুকে কোথাও যাওয়া-আসা আমার বড় একটা ঘটে ওঠে না। প্রথমত, অবসর নেই। দ্বিতীয়ত, সময়ও পাই না। সেজন্যে তুমি ব্যস্ত হয়ো না।

অন্যমনস্কভাবে তিনি মাথার হাত বুলোতে লাগলেন ছোট ছোট করে ছাঁটা চুল, সামনে-পিছনে সমান। মধ্যস্থলে একটি শিখা। তাতে গ্রন্থি বাঁধা। মুখের অবয়বও। বড় বড় চোখে অন্তর্ভেদী তীক্ষ্ণ দৃষ্টি।

মুহূর্ত কয়েক কি ভেবে তিনি তাকালেন।

তারপর বললেন, কাল রাত্রে একটি আশ্চর্য স্বপ্ন দেখেছি। ঘুম ভেঙে উঠে তোমার কথা মনে পড়ল।

আমি নিঃশব্দে জিজ্ঞাসু দৃষ্টিতে তাঁর ভাবাবেগ-মন্থর মুখের দিকে চেয়ে রইলাম।

তিনি বলতে লাগলেন, স্বপ্ন দেখলাম, আমি এবং আমার দেহ দুটিতে পাশাপাশি শুয়ে পরস্পর কথা বলছে। কেউ কারো কথা বুঝতে পারছে না। একজন ইংরেজ আর একজন জাপানী পাশা-পাশি শুয়ে নিজের নিজের ভাষায় কথা বললে যেমন হয়, তেমনি। কেউ কারো ভাষা বুঝছে না, অথচ একেবারে যে বুঝছে না, তাও নয়।

হঠাৎ তিনি উত্তেজিত হয়ে উঠলেন: দেখ, বিভিন্ন দেশের ভাষার শব্দের বিভিন্নতা থাকলেও ইংরেজ একটা মিল আছে। আমার মনে হয়, একই ইংরেজ থেকে বিভিন্ন ভাষার উৎপত্তি। তাই জাপানী ভাষা না জানলেও তার চোখের দৃষ্টি, তার অঙ্গভঙ্গী এবং বোধহয়, তার শরীরের তাপ থেকেও তার কথা আমরা একরকম করে বুঝতে পারি।

চোখ বন্ধ করে তিনি হঠাৎ স্বপ্নের গভীরে ডুব দিলেন।

তারপর ধীরে ধীরে চোখ মেলে বলতে লাগলেন, শোন, শোন। আমার কি মনে হল জান? যেটা বাহ্যিক, তার ভাষা বাহ্যিক ভাষা। কিন্তু আসল যে আমি, সে বাহ্যিক নয়। তার ভাষা আলাদা, অন্য, এক পরস্পর বন্ধু। একই ঘরে দীর্ঘকাল বসবাস করে, কিন্তু কেউ কারো ভাষা বোঝে না।

তিনি উত্তেজিতভাবে চারিদিকে চাইতে লাগলেন।

আমার চোখে পলক পড়ে না। তাঁর মুখের দিকে চেয়ে তাঁর কথা কিছু বুঝলাম, অনেক বুঝলাম না। কিন্তু আমার মনের ভাবগুলো একটা অব্যক্ত অনুভূতিতে ভরিয়ে দিতে লাগল।

তিনি সত্যপ্রতিম চিকিৎসক ছিলেন। প্রকাণ্ড বড় পণ্ডিত ছিলেন। এসম্বন্ধে বলে রাখি, অত্যন্ত অল্প বয়সেই কাব্যের পরীক্ষায় তিনি বহরমপুর-কৃষ্ণনাথ কলেজে প্রথম স্থান অধিকার করেছিলেন। তিনি রসিক ছিলেন। তাঁর পাণ্ডিত্য শুষ্ক পাণ্ডিত্য ছিল না। আমি নিজে তাঁকে আত্মীয়ের মত শ্রদ্ধা করতাম এবং ভক্তের মত ভক্তি করতাম। দীর্ঘকালের সম্পর্কে এসে এই কথাই আমার বারবার মনে হয়েছে যে, মানুষটির অতি সামান্য অংশই আমি জানতে পেরেছি। তাঁর অগাধ পাণ্ডিত্য, আয়ুর্বেদশাস্ত্রে জ্ঞান, মুমূর্ষুর রক্তবোধ—এ সবের ঊর্দ্ধে আসল মানুষটি চিরদিন বিরাজ করে এসেছেন। সেই মানুষটিকে আমরা কখনই ভুলতে পারি না।

তাঁকে আমার প্রণাম জানাই

ফোন—৪৪-৪০০৩

রাজবৈদ্য ভট্টর শ্রীপ্রভাকরের

সোমরাজ

ব্রহ্মবটি, ভল্লাতক, পুষ্টি ও রক্তবর্দ্ধক

ডোজ টনিক—৪৲ মাত্র

রাজবৈদ্য আয়ুর্বেদ-ভবন

১৭১, মহাত্মা গান্ধী রোড, কলিকাতা-৭

অমায়িক বন্ধু কবিরাজ রাখালদাস সেন

শ্রীগোপিকা বিলাস সেন

সে ১৯২৪ সালের কথা—আমি তখন কলকাতায় ৺অরবিন্দপ্রকাশ ঘোষের বাসায় থাকতাম। বাংলার জাতীয় আন্দোলনের পুরোধায় যে সমস্ত মনীষী তাঁহাদের সব কিছু ত্যাগ করে আন্দোলন করেছিলেন, ৺অরবিন্দ প্রকাশ ঘোষ তাঁদের একজন। তিনি ছিলেন আদর্শবাদী—সেই আদর্শ বাস্তব জীবনে প্রতিটি কাজের মধ্য দিয়ে ফুটিয়ে তুলতে চেষ্টা করতেন। অসহযোগ আন্দোলনের অনেক আগে থেকেই তিনি বাংলার জাতীয় আন্দোলনের সহিত সক্রিয়ভাবে যুক্ত ছিলেন। জাতীয় শিক্ষা পরিষদে তাঁহার অবদান তাহারও অপেক্ষা কম নয়। আমি জেল থেকে বেরিয়ে তাঁর সান্নিধ্যলাভ করবার সুযোগ পেয়েছিলাম ও তাঁর কাছ থেকে অনেক শিক্ষাও পেয়েছিলাম।

একদিন তিনি আমায় বললেন—"তুমি এই চিঠিখানা নিয়ে যাও, রাখালদাস কবিরাজ মহাশয়কে এই চিঠিখানা দেবে এবং তাঁর কাছ থেকে ওষুধ আনবে"।

কবিরাজ মহাশয় তখন আমহার্ষ্ট ষ্ট্রীটের বাড়িতে থাকতেন। তিনি তখন কলিকাতায় একজন লব্ধপ্রতিষ্ঠ চিকিৎসক। অরবিন্দ বাবু কবিরাজ মহাশয়ের অত্যন্ত গুণগ্রাহী ছিলেন এবং প্রায়ই তাঁহার ভবনে বসে নানা রূপ আলোচনায় সময় কাটাতেন। আমি কবিরাজ মহাশয়কে তখনও দেখিনি কিন্তু তাঁর নাম ও পরিচয় আমার বিশেষভাবে জানা ছিল। অরবিন্দবাবুর কাছ থেকে তাঁর অনেক কথা শুনতাম কিন্তু তার আগে আমি তাঁর অনেক সুখ্যাতি শুনেছিলাম ও তাঁর সম্বন্ধে অনেক কথা জেনেছিলাম। প্রথমত তিনি আমার গ্রামবাসী—দ্বিতীয়ত এবং প্রধানত তিনি আমার পিতৃদেবের অত্যন্ত অন্তরঙ্গ বন্ধু ছিলেন; তাঁদের সঙ্গে আমাদের বাড়ির খুব ঘনিষ্ঠ আত্মীয়তাও ছিল। কাজেই তাঁর অনেক কথা আমি আমার নিজের বাড়িতেই শুনেছিলাম—তাঁর অক্লান্ত অধ্যবসায়, অপরিসীম পরিশ্রম, বিদ্যার্জনের দুর্দম আকাঙ্ক্ষা এবং দারিদ্র্যের বিরুদ্ধে অবিরাম সংগ্রাম—এসব কথা বহুর মুখে আমার বাবা মা ইঁহাদের কাছ থেকে শুনেছি কিন্তু তাঁকে দেখবার আমার সুযোগ হয়নি। তাই চিঠিখানা পেয়েই অত্যন্ত আনন্দের সঙ্গেই আমি তার সঙ্গে দেখা করতে গেলাম।

সেখানে পৌঁছে দেখি, তাঁর কবিরাজী বৈঠকখানার অনেকগুলি ভদ্রলোক নানান্ বিষয়ে আলোচনা করছেন, কবিরাজ মহাশয় তাঁদের বাইরের ঘরে বসেছিলেন—চারিদিকে বই ছড়ান। বালিশের এক সোয়াসুদ্ধি গুল্‌গুল্ করছে, পৈতে কোলানো সাদা বদনে সেই আলোচনা সভাটিকে মুখরিত করে রেখেছিলেন। সেই সব আলোচনা খানিকক্ষণ শুনেই আমি বুঝলাম যাঁরা আলোচনা করছিলেন তাঁরা সকলেই বিদ্বান্ এবং চিন্তাশীল ব্যক্তি। তখন কোন সময়ে সেই আলোচনার অন্ত হয়েছিল, তা আমার মনে নেই। মাঝখানে

অরবিন্দবাবুর নিয়ে আলোচনা চলছিল - তাঁহার ছুটি এবং স্বাস্থ্যের অরবিন্দবাবুর সমর্থনে আমি ছুটিতে প্রবল যুক্তি দেখিয়েছিলাম। যুক্তির জোর, বোধহয়, তার প্রস্তাবটাই আমার বেশী ভরেছিল, কেননা, তখন আমি অসহযোগ আন্দোলনের পর টাইফয়েড জেল থেকে বেড়িয়ে এসেছি। মনে হোল আমার যুক্তি এবং বলার ভঙ্গীতে সকলেই যেন স্তব্ধ হয়েছেন, সকলের দৃষ্টি যেন আমার ওপর এসে পড়ল। আমি একটু লজ্জিতভাবে কবিরাজ মহাশয়ের দিকে তাকালাম, দেখলাম তিনি এক দৃষ্টে আমার দিকে তাকিয়ে আছেন। সে এক স্নেহপূর্ণ দৃষ্টি—যা আজও আমার মনে আছে—মুখে সুপ্রসন্ন হাসি।

আমার দিকে তাকিয়ে বললেন—"তুমি কে যে"।

আমি বললাম "আমি অরবিন্দ বাবুর কাছ থেকে একখানা চিঠি নিয়ে এসেছি।"

তিনি চিঠিখানা পড়ে মিনিট দুই চোখে চিন্তা করলেন—"তুমি কি অরবিন্দ বাবুর বাড়িতেই থাক?"

আমি বললাম - "হাঁ, অনেকদিন আছি।"

তিনি জিজ্ঞেস করলেন -"তোমার বাড়ি কোথায়?"

—"বীরভূম জেলায় সিউড়ী সহরে।" তিনি একটু বিস্মিত হয়ে জিজ্ঞেস করলেন—"সিউড়ী?"

—"আজ্ঞে হাঁ। তারপর আমার জবাব শুনে ভরে বললেন—"এঁকে চেন?"

—"আজ্ঞে হাঁ, আমি ওঁর ছেলে।"

—"ও, তুমিই মোনিকা মিলার?"

—"আজ্ঞে হাঁ।"

সে কি হাসি—সমস্ত ঘরটাই যেন হাসিতে ফেটে পড়ল।

—"তুমি যে আমার অবাক আপনার লোক হে।"

—"আজ্ঞে তা জানি।"

—"জান তো পরিচয় দাওনি কেন?"

—"সুযোগ পেলেই দিতাম।" বাবার কাছে আপনার অনেক গল্প শুনেছি।

—তুমি নিশ্চয় জান তোমার বাবা এই পৃথিবীতে আমার ঘনিষ্ঠতম বন্ধু এবং অকৃত্রিমভাবে এলে আমার এখানেই উঠেন। তুমি এখানেই থাকবে। এই ঘরে নিয়ে যাও।

আমি বললাম—"আমি অবশ্যই রাজনৈতিক কর্মী, সুতরাং এক জায়গায় থাকা বা খাওয়া আমার জন্যে লেখা নেই।"

তিনি আবার জোরে হেসে উঠলেন এবং বললেন—"তা হোক্, তুমি একদিন আমার এখানে খেয়ে যাবে।"

—"আজ্ঞে, আচ্ছা,"—বলে আমি ওঁর পায়ের ধুলো নিয়ে বেড়িয়ে এলাম।

বেড়িয়ে এলাম কিন্তু তার এই অযাচিত স্নেহপূর্ণ ব্যবহারে মুগ্ধ হয়ে গেলাম। মন আমার সেইখানেই পড়ে রইল।

অরবিন্দবাবু জানতেন না কবিরাজ মহাশয়ের সাথে আমার কোন পরিচয় বা সম্পর্ক আছে। আমি ফিরে এসে ওঁকে সব কথা বললাম। অরবিন্দ বাবু আমাকে জড়িয়ে ধরে বললেন—"তাহলে তুমি আমারও পরম আত্মীয়।"

তারপর মাঝে মাঝে ওঁর সঙ্গে দেখা করতাম। ওঁকে যতই দেখতাম, যত আলোচনা করতাম, ততই মুগ্ধ হতাম। কি গভীর জ্ঞান, কি পাণ্ডিত্য, ওঁর জ্ঞানের ঔদার্য্য, আত্মভিমানহীন কথা এবং সংযমশীল

ভগবানের ওপর অটল এবং অবিচল নির্ভরতা খুব কম লোকের মধ্যেই দেখা যায়।

আয়ুর্বেদীয় চিকিৎসা জগতে তিনি লব্ধপ্রতিষ্ঠ। পয়সাও বেশ রোজগার করতেন, কিন্তু সব বিষয়েই তিনি নিস্পৃহ ছিলেন। আমি তাঁকে বলতাম যে, "পরপারে জলবিন্দুবৎ আপনি সামান্য করেন এবং সর্বদাই ভগবান স্মরণ করে রোগীর চিকিৎসা করেন, সুতরাং শেষ জীবনে আপনি সব ত্যাগ করে সম্পূর্ণ আধ্যাত্মিক জগতের মানুষ হয়ে যাবেন।"

—"তুমি তো তোমার বাবার মত কথা বলছ যে, তোমার বাবাও এই কথা বলতেন।"

আজ সেই ঘরের দুলাল সন্ন্যাসী হয়ে কোন কুঞ্জ সাজনে নিযুক্ত আছেন জানি না তবে সব কাজের মধ্যেই আমার তাঁর কথা মনে হয়।

বহু বৎসর পর আবার যখন তাঁর সঙ্গে আমার দেখা হয় জানিনা কেন রোগে, সেই আমার শেষ দেখা। তখন তিনি অতি বৃদ্ধ ও বধির হয়ে গেছেন—কানে ভাল শুনতে পান না এবং চোখেও ভাল দেখতে পান না। ইহজগতের সঙ্গে কোন সম্পর্ক রাখেন না, পরলোকেই তাঁর সতত ধ্যান। সুপণ্ডিত, সুচিকিৎসক, সুপ্রতিষ্ঠিত অভিজ্ঞ কবিরাজ মহাশয় আজ আর কবিরাজ মহাশয় নাই—পরিপূর্ণভাবে আধ্যাত্মিক জগতে আছেন।

আমাকে ও আমার ছেলেকে দেখে অত্যন্ত আনন্দ করলেন, আড়াই ঘণ্টা ধরে আমার সঙ্গে কথা বললেন—সমস্তই সেই আধ্যাত্মিক জগতের কথা, পরলোকতত্ত্বের কথা এবং মৃত্যুর পরের কথা, যার যার আমার বাবার কথা। বললেন—"তিনি আমার বন্ধু ছিলেন ইহজগতে। তাঁরাও সর্বস্ব ত্যাগ করে আমাদের উপরে তিনি এগিয়ে গেলেন। এখন তিনি যেখানে আছেন,সে আমাদের উঁচু—আমাদের মাঝামাঝি আছে। তুমি তার আশীর্বাদ অনেক তাই এত কষ্ট পাচ্ছ। তবে তাঁর আশীর্বাদ তোমার ওপর আছে, আমি জানি। গিরিজাপতি (কবিরাজ মহাশয়ের পুত্র) তোমার চিকিৎসা করবে এবং তুমি ভালও হয়ে যাবে।"

তাঁর এই আশীর্বাদ নিয়ে আমি বেরিয়ে এলাম। সেই আমার শেষ দেখা। এই জগতের লোক আজকাল আর দেখা যায় না। আয়ুকে ঘৃতের করে, কর্মকে সম্পূর্ণরূপে জয় করে জীবনকে ভগবানের কৃপায় ধন্য করে আধ্যাত্মিক জীবন যাপন করা এবং সেই জীবনেই শেষ নিঃশ্বাস ত্যাগ করা ভগবানের অপার কৃপা ছাড়া হয় না।

মানুষ জগতে তিনি নেই কিন্তু আধ্যাত্মিক জগতে তিনি চির-বিরাজমান। সেই জীবন আমাদের চিরদিন উদ্বুদ্ধ করবে।

ওঁ তৎ সৎ

আচার্য রাখালদাস কাব্যতীর্থ

শ্রীহরেন্দ্র নাথ সেন, এম-এ, ডি-লিট্, অধ্যাপক—কলিকাতা বিশ্ববিদ্যালয়

শ্রদ্ধা-নিবেদন

রাখালদাস কাব্যতীর্থ মহাশয়কে আমি মুখ্যত অধ্যাপকরূপেই দেখিয়াছি। দীর্ঘ বারদ বর্ষ তাঁহার পদপ্রান্তে বসিয়া শাস্ত্রানুশীলন করিবার সৌভাগ্য আমার হইয়াছিল। সম্ভবত তাঁহার ছাত্রবর্গের মধ্যে আমি সর্বকনিষ্ঠ এবং সেই কারণে তাঁহার জীবনের পরিপূর্ণ অভিজ্ঞতা ও

আনন্দাশ্রমের কিরূপে আমাকে তিনি লাভ করিয়া নিয়াছেন।

কবিরাজ মহাশয়ের বিদ্যাধারায় কয়েকটি বৈশিষ্ট্য আমাকে বিশেষ ভাবে অনুপ্রাণিত করে। প্রথমত তাঁর নাড়ি দেখা ও মূত্রপরীক্ষা এইরূপ সুদক্ষতা পাইয়া শুধু বাংলাদেশে কেন, আজ ভারতবর্ষের অন্যত্রও বিরল। আমি ভারতবর্ষের বিভিন্ন আয়ুর্বেদচর্চার কেন্দ্রগুলি, বিশেষত কাশী পুণা ও মাদ্রাজে ভ্রমণ করিয়াছি। সবত্রই আয়ুর্বেদ পঞ্চম-পাঠের যুগের বর্তমান যুগোপযোগী করিবার চেষ্টা চলিতেছে। এই প্রচেষ্টা নিঃসন্দেহে প্রশংসনীয়। কিন্তু গভীর দুঃখের সহিত লক্ষ্য করিয়াছি, সর্বত্র আয়ুর্বেদের স্বকীয় ধারা, বিশিষ্ট চিন্তা-পদ্ধতি বর্জন করিয়া এলোপ্যাথির সহিত একটি সোঁতাশিল মেরামত চেষ্টা চলিতেছে। শ্রদ্ধাস্পদেষু কাব্যতীর্থ মহাশয় সম্প্রতি আয়ুর্বেদের স্বকীয় ধারার শেষ প্রবক্তা। যাঁহারা তাঁহার সংস্পর্শে আসিয়াছেন, তাঁহারা জানিবেন শ্রদ্ধাস্পদ কাব্যতীর্থ মহাশয়ের সহিত বাংলাদেশে আয়ুর্বেদ-চর্চার একটি যুগ শেষ হইল।

কবিরাজ মহাশয়ের আয়ুর্বেদ-চিন্তার মধ্যে দুইটি দিক আমাকে প্রভাবিত করে—একটি তাঁহার পরীক্ষণের আলোচনা ও ব্যাখ্যা। কবিরাজ মহাশয় ছিলেন সাংখ্যবাদী। মহর্ষি চরককে তিনি সাংখ্য-দৃষ্টিতে বিচার করিয়াছেন। পাতঞ্জল যোগসূত্রের সহিত তাঁহার একটি মনের যোগ ছিল। মহর্ষি চরকের সহিত পাতঞ্জল যোগসূত্রকারের সমন্বয় তাঁহার আয়ুর্বেদ-চিন্তায় এক বিশেষ স্থান অধিকার করিয়াছে। এই দৃষ্টিভঙ্গিতে আধুনিকতা কিছুই নাই। আমার মনে এইরূপই ধারণার মনে হইয়াছে—ইহাই যথার্থ হিন্দু দৃষ্টিভঙ্গী, যাহা বহু যুগে এক, বিশ্লেষণের মধ্যে সমন্বয় আবিষ্কার করিয়াছে। কবিরাজ মহাশয়ের দৃষ্টিভঙ্গীর সাম্প্রতিকতা বজায় রাখার সাম্প্রদায়িক দৃষ্টিভঙ্গির উপরে সদা বিরক্ত করিত। সম্ভবত এই দৃষ্টির জন্যই যৌবনেই তিনি ভক্তিবাদী হইয়া উঠিয়াছিলেন। রামানুজপন্থী বৈষ্ণবদর্শন ও পাতঞ্জল যোগ সাংখ্যের ভিতর তিনি সমন্বয়ের প্রয়াসী হইয়াছিলেন।

চিকিৎসাক্ষেত্রে তাঁহার প্রধান আকর্ষণ ছিল বাতব্যাধির nervous diseasesএর পর্যালোচনা। এই বিষয়ে তাঁহার কয়েকটি মূল্যবান মন্তব্য করিয়াছে। তাঁহার সহিত ঘনিষ্ঠ সম্পর্কে যাঁহারা আসিয়াছেন, তাঁরা তাঁহারা জানিবেন। ত্রিদোষবাদ সম্পর্কে তাঁহার অনেক বৈশিষ্ট্য পণ্ডিতবর্গ বিশেষ অনুধাবনযোগ্য মনে করেন। বাতের লক্ষণ ও বিকারের কারণ তাঁহার দৃষ্টি বিশেষ আকর্ষণ করে। কিন্তু গতানুগতিক বিচার ত্যাগ করিয়া বাতের ভিতর তিনি বিশেষ প্রকৃতি ও বিকারের ভিতর তিনি বিশেষ বিকৃতি—এক কথায় বিশেষ ভিতর বিশেষ স্বরূপ তিনি দেখিয়াছেন এই দার্শনিকতা বর্তমান যুগোপযোগী না হইতে পারে—বর্তমান বস্তুতান্ত্রিকতায় এই দৃষ্টি আজ হেয়, উপেক্ষণীয়। কিন্তু ইয়োরোপের কয়েকজন শ্রেষ্ঠ মনীষীও আজ মানুষকে বিশ্বজগতের বিরাট ছন্দের একটি বিশিষ্ট সুরূপে দেখিবার পক্ষপাতী। বিজ্ঞানিরা বহু, ঐকান্তিকী ভারতীয় দৃষ্টিভঙ্গীর স্বকীয় মর্যাদা রূপ। আয়ুর্বেদ-চর্চায় এই রূপের শেষ ও শ্রেষ্ঠ প্রবক্তা আমার পূজ্যপাদ অধ্যাপক শ্রদ্ধাস্পদেষু কাব্যতীর্থ।

———

P27207

আয়ুর্বেদ বিজ্ঞান পরিষদ

১৪শ বার্ষিক চরক-প্রবন্ধি-বিবস পালন

স্থান—ইণ্ডেটিউশন, কলেজ স্কোয়ার, কলিকাতা

বুধবার ১৯শে জ্যৈষ্ঠ, ১৩৭২, (২রা জুন, ১৯৬৫)

সভাপতি কবিরাজ শ্রীপ্রভাকর চাটার্জির অভিভাষণ

মাননীয় আয়ুর্বেদ বিজ্ঞান পরিষদের সভাপতি মহোদয় এবং সমবেত সুধীবৃন্দ, আপনারা আমাকে চরক-প্রবন্ধি-দিবসে, সভাপতিরূপে নির্বাচিত করিয়া যে সম্মান প্রদর্শন করিয়াছেন, তজ্জন্য আমি আপনাদিগকে আন্তরিক ধন্যবাদ প্রদান করিতেছি।

অদ্য চরক-প্রবন্ধি সভায় আগমন করিয়া প্রথমতঃ চরকসম্বন্ধে কোন কিছু বলিতে যাইবার পূর্বে আমার মনে এই আশঙ্কাই জাগিতেছে যে, এই স্বল্পপরিসর সময়ের মধ্যে কিছু বলিয়া যেন চরক-মাহাত্ম্য ক্ষুণ্ণ না করি। কারণ, চরকসম্বন্ধে এত বেশী আলোচনা এবং বক্তৃতা হইয়াছে, যাহা একটি, দুইটি সভায় বলিয়া শেষ করা যায় না।

চরক কে ছিলেন—এই বিষয় নানা মুনির নানা মত রহিয়াছে। এই সভায় উক্ত বিষয়ে আলোচনা সম্ভব নহে।

অদ্যকার আমাদের আলোচনা সভায় চরক-সংহিতার উপরে নিবদ্ধ রাখিব।

আমি বহু দিবস হইতেই স্থির করিয়া রাখিয়াছি, যদি আমি এমন কোন অবস্থায় পতিত হই যে, এই পৃথিবীর বিশাল গ্রন্থাগার হইতে কেবলমাত্র একখানি গ্রন্থ পাঠ করিতে পাইব, তাহা হইলে আমি নিঃসঙ্কোচচিত্তে নির্দ্বিধ চক্রপাণি ও গঙ্গাধরের টীকা সহিত সমগ্র চরকসংহিতাই বাছিয়া লইব। কারণ, এইরূপ সুবিধি ও সুব্যবস্থিত গ্রন্থ আধুনিক পৃথিবীতে আর দ্বিতীয় নাই। চিকিৎসাগ্রন্থ হিসাবে চরকসংহিতা অত্যাপি সর্বশ্রেষ্ঠ এবং সর্বজনাদৃত। ইহার শ্লোকসংখ্যা—৮, অধ্যায়সংখ্যা—১২০, শ্লোকসংখ্যা—দ্বাদশ সহস্র, পংক্তিসংখ্যা—২৫০১৯, মুদ্রিতসংখ্যা—১৪, এবং মন্ত্রসংখ্যা—২৪৬০১৪, টীকাকার-সংখ্যা—৪৫। ভারতের ১৪টী প্রধান ভাষা ছাড়াও আধুনিক পৃথিবীর প্রায় সকল দেশের সকল প্রধান প্রধান ভাষায় মূল-চরকসংহিতার অনুবাদ হইয়াছে। আরবী, ফার্সী, হিব্রুটী, পোলস্তী এবং চৈনিক ভাষায় অতিপূর্বে ইহার অনুবাদ হইয়াছে। অদ্যাধিক বর্ষ পূর্বে আমেরিকাতে চরক-সোসাইটি প্রতিষ্ঠিত হয়। একজন প্রসিদ্ধ এলোপ্যাথিক চিকিৎসক বলিয়াছেন যে, চরকসংহিতায় লিখিত পদ্ধতি অনুসারে জনগণের চিকিৎসা সুসম্পন্ন হইলে পৃথিবীতে ঔষধব্যবসায়ের সংখ্যা কম হইয়া যাইবে। ইহা ছাড়া বহুস্থানে বহু ব্যক্তি চরকপ্রবন্ধি করিয়াছেন। পৃথিবীতে একমাত্র মহাকবি শেক্সপীয়র ব্যতীত অন্য কোন লেখকের সম্পর্কে এইরূপ প্রবন্ধি করা হয় নাই বা অন্য কোন লেখকের লিখিত বিষয়সম্বন্ধে ইহার অপেক্ষা অধিক সংখ্যায় টীকা, টিপ্পনী, ভাষ্য, পঞ্জিকা, বার্ষিক গ্রন্থতি ব্যাখ্যামূলক পুস্তক লিখিত হয় নাই। কলাপে

মানুষকে মানুষ হইয়া বাঁচিতে হইলে, বিশেষ করিয়া নীরোগ, দীর্ঘায়ু অর্থাৎ সুস্থায়ু লাভ করিতে হইলে যাহা কিছু জানিবার প্রয়োজন, তৎসমুদায় চরক-সংহিতায় মানব-সভ্যতার সেই সুদূর অতীত কাল হইতে লিখিত হইয়াছে। শুধু চিকিৎসাগ্রন্থ-হিসাবে নয়, মানুষের সর্বপ্রকার মানসিক উন্নতির জন্য যে কিছু জ্ঞানের প্রয়োজন আছে, তৎসমুদয় চরকসংহিতায় লিখিত হইয়াছে। মানুষের মন, প্রাণ ও পরলোক চিন্তা বিষয়ে এইরূপ সুলিখিত ও সুষ্ঠু উপদেশপূর্ণ গ্রন্থ পৃথিবীর জ্ঞানভাণ্ডারে আর দ্বিতীয় নাই। এই সম্পর্কে চরক সংহিতার উপসংহারে লেখকের নিম্নলিখিত শ্লোকটি উদ্ধৃত করা অপ্রাসঙ্গিক হইবে না বলিয়া মনে করি :

"যস্ত যাবদ্ভবেদ্ভক্তো গুরৌ বিপ্রবরে সদা।
সোঽধ্যেষ্যতে স বিজ্ঞাস্যত্ত চিকিৎসানুবন্ধকঃ।
রোগাংশ্চৈষাং চিকিৎসাঞ্চ স বিজ্ঞাস্যতি নান্যথা।
চিকিৎসা হ্যধিকৃত্যেয়ং স্বস্থাতুরহিতায় হি।
যদিহাস্তি তদন্যত্র যন্নেহাস্তি ন তৎ ক্বচিৎ॥"

অর্থাৎ এই আয়ুর্বেদশাস্ত্রটী (যে গ্রন্থে মোট সহস্র শ্লোক আছে) সংহিতা যাঁহার জন্যে বর্তমান আছে, তিনি বিজ্ঞাতব্য ও চিকিৎসানুকূল হইয়া থাকেন। তিনি রোগ ও রোগের চিকিৎসা কেনই বা না বুঝিতে পারিবেন? সুস্থ ও রোগীর চিকিৎসা-সম্বন্ধে অগ্নিবেশ যাহা বলিয়াছিলেন, তাহা সমুদয় চরকসংহিতাতে আছে। চরকসংহিতাতে যাহা আছে, তাহা অন্য চিকিৎসাগ্রন্থে থাকিতে পারে, কিন্তু চরকসংহিতায় যাহা নাই, তাহা অন্য তন্ত্রে নাই।

শাস্ত্রে লিখিত হইয়াছে—

"নিদানে মাধবঃ শ্রেষ্ঠঃ, সূত্রস্থানে চ মাধবঃ।
আতুরে সুশ্রুতঃ প্রোক্তঃ, চরকস্তু চিকিৎসিতে।"

অর্থাৎ চিকিৎসায় চরক সর্বশ্রেষ্ঠ। আমাদের বিচার করিয়া দেখিতে হইবে যে, চরকসম্পর্কে উক্ত শাস্ত্রোক্তির যাথার্থ্য বর্তমানেও আছে কিনা। এই সম্পর্কে বিচার করিতে হইলে চরকের চিকিৎসা-পদ্ধতি সম্বন্ধে কিছু বলা অপ্রাসঙ্গিক হইবে বলিয়া মনে হয় না। সূত্রস্থানে চরক বলিয়াছেন যে "ত্রেধৈবৈষিষিবর্তন্তে বিকারাঃ সাধ্যলক্ষণাঃ। সাধনস্ত অসাধ্যানাং ব্যাধিনাং নোপলভ্যতে" অর্থাৎ, চরক তথাকথিত অসাধ্য ব্যাধির "চিকিৎসাসম্বন্ধে কোন উপদেশ প্রদান করেন নাই।" এই সূত্রানুসারে বিচার করিয়া দেখিলে দেখা যাইবে যে, মাধব-নিদানবর্ণিত রোগগুলির অর্ধেকের অধিক রোগের চিকিৎসাবিষয়ে চরক কোনরূপ মন্তব্য করেন নাই। এখানে বিশেষ দ্রষ্টব্য বিষয় এই যে, চরক যে সমস্ত ব্যাধিকে অসাধ্য বলিয়া উল্লেখের চিকিৎসাবিধি লিখিতে বিরত হইয়াছিলেন, সেই সকল ব্যাধি অদ্যাপি অসাধ্য করিয়া রহিয়াছে। চরকের মতে যক্ষ্মা রোগ অসাধ্য। উহাকে সাধ্য করিয়া তুলিলে রোগী কিছুকাল বাঁচিতে পারেন। আধুনিক বিজ্ঞানের তথাকথিত 'ঔষধের চিকিৎসা-প্রণালীও মনুষ্যকে সাধ্য করিতে পারে নাই। সুতরাং চিকিৎসা-বিষয়ে চরকীয় সিদ্ধান্ত অভ্রান্তই রহিয়াছে। চরকীয় চিকিৎসার আর একটী দ্রষ্টব্য বিষয় এই যে, চরক চিকিৎসা-বিষয়ে বর্ণনা করিতে গিয়া প্রথমেই রোগানুরূপ রোগ-চিকিৎসাবিধি রোগানুযায়ী লিপিবদ্ধ করেন নাই। ঔষধসমূহের জীবদ্রব্য যে প্রতিনিয়তই ক্ষয়প্রাপ্ত হইতেছে, শিল্প-বর্ণনের এই শাশ্বত বিধান বুদ্ধি চরকের অজ্ঞাত ছিল না। এই জন্য তিনি ঔষধিযুক্ত চিকিৎসাধ্যায়ের প্রথমে নিদানানুযায়ী রোগ চিকিৎসা না লিখিয়া প্রত্যেক রোগগ্রস্ত ব্যক্তির জন্য ঔষধ-বিধির

উপদেশের ব্যবস্থা প্রদান করিয়াছিলেন। চিকিৎসা-বিষয়ে তাঁহার বিশেষ উপদেশ বাক্যসমষ্টিকে বিরুদ্ধ প্রাণবর্ধক প্রকৃতির বিভিন্ন লীলার বিবর্তনের এবং মানবদেহের সহজ বিজ্ঞান ক্রিয়ার মূলে মানবকুল প্রতিনিয়ত অগ্রসর হইয়া যাইতেছে। রসায়ন বাক্যসমষ্টির দ্বারা এই সব প্রতিবন্ধক হইলে সব রোগ আপনা আপনিই সারিয়া যায় এবং বিজ্ঞান-বর্ণিত রোগের চিকিৎসা পৃথকভাবে করিতে হয় না।

চরকের মতে রোগের সংখ্যা অনন্ত। চিকিৎসা-ক্ষেত্রে চিকিৎসক যদি বিজ্ঞানানুযায়ী প্রতি রোগের নাম বলিতে না পারেন, তবে বিজ্ঞানে লজ্জিত হওয়া উচিত নয়। কারণ, আজ মানবশরীরে আবিষ্কৃত সকল রোগের নাম লিখিত হয় নাই। দোষ ছাড়া যখন কোন রোগ হয় না, তখন দোষের কারণ ও লক্ষণ দেখিয়া তদনুসারে চিকিৎসা করিলে চিকিৎসক রোগনিরাকরণে কৃতকার্য হইয়া যাবেন।

পরিষদের সরকার মোহিত ব্যক্তিগত চিকিৎসা ও অনুশীলনে যে সিদ্ধান্তগুলি নিরূপিত হয়েছে—তা রোগের চিকিৎসা ও রোগবিশ্লেষণে প্রভূত বিস্ময়কর ফল প্রদর্শন করেছে। নিত্য নূতন একদেশদর্শী ঔষধ আবিষ্কারের ক্রমপরিবর্তনের মধ্যে যে বাহ্যিক ও অধিক ফলের ইঙ্গিত করে ও অন্য রোগ সৃষ্টি করতে সাহায্য করে, তা স্বীকার না করলেও উপলব্ধি করা যায়। অনুসন্ধানের যে চিরন্তন প্রেরণা মানুষে সঞ্চারিত আছে—তা স্বভাবের তাকে স্থির থাকতে দেয় না—ক্রমাগত সৃষ্টিরহস্য উদ্ঘাটনের জন্য চিত্তচঞ্চল করে তোলে—তা পৃথিবীতে হয় প্রকৃতির পঞ্চমহাভূতের সঙ্গে মানুষের সৃষ্টি চাতুর্যে। আত্মরক্ষার চিরন্তন আবেগ জীবের মধ্যে ত্রিগুণাত্মক—এই ত্রিগুণাত্মকতা প্রকৃতি ও জীব জগতের সর্বপ্রকার প্রকৃতি ও বিকৃতির কারণ ও প্রতিষেধক বের করতে উদ্দীপিত করে—বিপক্ষে যেমন প্রতিকারের চিন্তা, রোগ হলেও তেমন নিবারণের বিজ্ঞানবিধি অনুশীলনের পথে আয়ুর্বেদের শ্রীবৃদ্ধি সম্ভব করেছিল। সর্বদা সকল সৃষ্টি সর্বতোভাবে জাতিকে উন্নত করতে পারে।

যা পেয়েছি, তার চেয়ে যা পাই নাই—তা কত অসীম ও সম্ভাবনাপূর্ণ—তা কল্পনায় মন আত্মতৃপ্তির মধ্যে ভুলে যায়। স্বাধীনতাপূর্ব যুগে দেশাত্মবোধের প্রেরণায় যে আগ্রহ দেখেছি দেশের সংস্কৃতি ও সভ্যতা, জ্ঞান ও বিজ্ঞানের প্রতি—তা যেন স্বাধীনতার পরবর্তী যুগে নিষ্প্রভ হয়েছে। অবশ্য প্রতিভার আবির্ভাব ইচ্ছামত হয় না কিন্তু যুগ-যুগান্তের সঞ্চিত অবদানকে রক্ষা করবার দাবিতে এবং আয়োজনের প্রয়োজনীয়তাও কম নয়। আজ দেশের ক্ষুধা বেড়েছে, তৃষ্ণা অবশ্য সাধারণ ব্যবস্থা নাই সরকারী ব্যবস্থাপনায়—মনের ক্ষুধা, সাধনা স্বভাবের সার্থকতা ও পরমার্থ। ঐতিহ্য রক্ষা করা সাধারণের যেমন দায়িত্ব, সরকারের দায়িত্ব তার চেয়ে ঢের বেশি। সেখানে যে মন্থরগতি ও দৃষ্টিহীনতা ও অব্যবস্থা আয়ুর্বেদের বেলায় দেখছি, তা নানা কারণের অজুহাতে এড়ান যেতে পারে—বলিষ্ঠ কল্যাণরাষ্ট্রের তা লক্ষণ নয়। দেশের দৃষ্টিহীনতা ও সিদ্ধান্তহীনতা, আর পশ্চিমবঙ্গ সরকারের বিরুদ্ধির কল্পিত অসামর্থ্য, অনাদর ও দায়িত্বজ্ঞানহীনতা আয়ুর্বেদের গঠনমূলক কার্যের পুষ্টিসাধন করতে তেমন সাহায্য করছে না। আয়ুর্বেদ বিল পাশ হ'ল—তার রূপরেখাদানের কার্য অগ্রসর হচ্ছে না। এখানে এক অদ্ভুত অবস্থার মধ্যে আয়ুর্বেদের নিষ্ক্রিয় চলছে, ফলে একে বাঁচিয়ে রাখাই দায়।

তাই সরকারী-বেসরকারী প্রতিষ্ঠানগুলি অর্ধমৃত অবস্থায় আছে। সাহায্যের অর্থে ও প্রেরণায় পুষ্ট সাধারণ যেমন, তেমন সরকারের সাহায্যে ও প্রেরণায় নূতন প্রাণ সঞ্চারিত হয় সাধারণের মধ্যে। সরকার যদি অকপট ও সহানুভূতিশীল হয় তখন জনসাধারণের উদ্যোগেই প্রাণ সঞ্চারিত হবে

আয়ুর্বেদের। উনবিংশ শতাব্দীর প্রতিষ্ঠা ও সাধনা যদি ভারতের অন্তরাত্মা যুগ যুগে স্বাধীনতার আলো আনতে সমর্থ হয়, তবে বিংশ অন্তর্যামীর সাধনা আবার আয়ুর্বেদের উৎকর্ষ সাধন করবে সন্দেহ হবে, এ বিষয়ে কোন সন্দেহ নেই। আসুন, আমরা সকলে সবদের হয়ে এই মহাযজ্ঞে আত্মাহুতি দেই—আয়ুর্বেদ বিজ্ঞানের মহাতীর্থে আবার নূতন মন্দির প্রতিষ্ঠা করি যেখানে প্রাচীনকালের মত ভারতীয় কৃষ্টি ও সংস্কৃতির মূলে দেশবিদেশ হতে জ্ঞান-পিপাসুগণ ভিড় করবে জ্ঞানলাভের জন্য—মূর্ত জনেরা সারা-আসারা সকল রোগের হাত হতে মুক্তি পাবার আশায়।

পত্রদ্বারা যারা নানা বিষয়ে গবেষণা ও অভিজ্ঞতা সঞ্চয় করেছেন, তাদের মধ্যে উল্লেখযোগ্য :

(১) ভেষজ বিজ্ঞান—কবিরাজ শ্রীবিভিষণচন্দ্র সাম্যাল, (২) রসায়ন-বাজীকরণ—অধ্যাপক কবিরাজ শ্রীবিজয়কালী ভট্টাচার্য, এম-এ, (৩) অনিয়মিত আহারের কুফল—কবিরাজ শ্রীঅমলাচরণ সেন, বৈদ্যশাস্ত্রী, (৪) রস ও অলঙ্কার—ডঃ শ্রীরমেন্দ্রনাথ সেন, ডি-লিট, (৫) স্নায়ুরোগবিজ্ঞান ও যন্ত্রপাতিকথা—কবিরাজ শ্রীযতীন্দ্রকুমার মজুমদার, (৬) মস্তিষ্কবৃদ্ধি—কবিরাজ শ্রীসুধাংশু মোহন ঘোষ, সাংখ্যতীর্থ, (৭) আচরণবাদ- পণ্ডিত শ্রীকমলাক্ষ মুখার্জি, (৮) বর্তমান সমাজ এবং তাহার ক্রমোন্নতি—অধ্যাপক শ্রীত্রিপুরা-শঙ্কর সেন শাস্ত্রী, এম-এ প্রভৃতি।

কবি রজনীকান্ত সেনের জন্মবার্ষিকী উদ্‌যাপিত হয় ১৩ই ভাদ্র, ১৩৭২। ২৫তম বার্ষিক আয়োজ্যশালা সম্মেলন, ১৪শ বার্ষিক ছাত্র প্রদর্শনী 'বিজয়া পালন ও বিজয়া সম্মিলনী অনুষ্ঠিত হয় যথাক্রমে, ৬ই চৈত্র, ১৩৭১; ১৯শে জ্যৈষ্ঠ, ২৪শে আশ্বিন, ১৩৭২—আয়ুর্ব্যাগে সমুজ্জ্বল লালবাতাহর বাহ্যী ও আচার্য নামক কবিরাজ রাধালদাস সেনের কৃপাতে শোকসভা জন্মাবধ ২৯শে পৌষ ও ১২ই ফাল্গুন, ১৩৭২ সুসম্পন্ন হয়।

যারা আমাদের সক্রিয় সহযোগিতা করেছেন, আলোচ্য-বিষয়ে সাহায্য করেছেন এবং শুভেচ্ছা জ্ঞাপন করেছেন, তাদের সকলকে ধন্যবাদ জানাচ্ছি। পুনরায় আপনাদের আন্তরিক অভ্যর্থনা জানাচ্ছি এবং পশ্চিমবঙ্গ বিধান সভার অধ্যক্ষ শ্রীকেশব চন্দ্র বসুকে পরিষদের এই ৩৫তম বার্ষিক সম্মেলন উদ্বোধন করবার জন্য অনুরোধ করি। জয় হিন্দ্‌

আয়ুর্বেদ বিজ্ঞান পরিষদ
৫২ মহাত্মা গান্ধী রোড,
কলিকাতা-৯

কবিরাজ
শ্রীযতীন্দ্রকুমার মজুমদার
প্রতিষ্ঠাতা-সভাপতি,
আয়ুর্বেদ বিজ্ঞান পরিষদ

রবিবার, ১৬ই মাঘ, ১৩৭২

ফোন—৪৭-১০৭৩

রাজবৈদ্য ডক্টর শ্রীপ্রভাকরের

সোমরস

রসায়নশক্তি, কর্মশক্তি, স্মৃতি ও রক্তবর্দ্ধক শ্রেষ্ঠ টনিক—৪৲ মাত্র

রাজবৈদ্য আয়ুর্ব্বেদ ভবন

১৭২, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

আয়ুর্বেদ বিজ্ঞান পরিষদ

প্রথম বার্ষিক অধিবেশন, কলিকাতা, ১৩৭২

অনুষ্ঠান-সূচী

উদ্বোধন-উৎসব

স্থান—রাজভাষা হল্, কলিকাতা বিশ্ববিদ্যালয়

রবিবার, ১৬ই মাঘ, ১৩৭২ (৩০শে জানুয়ারী, ১৯৬৬), বেলা ৪টা

কার্যক্রম :

১। মঙ্গলাচরণ ও মাল্যদান

২। স্বাগত সম্ভাষণ—কবিরাজ শ্রীবঙ্গলালকুমার মজুমদার, প্রতিষ্ঠাতা-সভাপতি, আয়ুর্বেদ বিজ্ঞান পরিষদ

৩। উদ্বোধন—শ্রীকেদারচন্দ্র বসু, অধ্যক্ষ, পশ্চিমবঙ্গ বিধানসভা

৪। প্রধান অতিথি—বিচারপতি শ্রীপ্রফুল্লবিহারী মুখার্জি

৫। উপস্থিত কয়েকজন অতিথির বক্তৃতা

৬। সভাপতির অভিভাষণ—
কবিরাজ শ্রীবিমলানন্দ তর্কতীর্থ

৭। ঘোষণা-জ্ঞাপন—কবিরাজ শ্রীজ্ঞানেন্দ্রনাথ চ্যাটার্জি, সম্পাদক।

অষ্টম বার্ষিক ভারতীয় সংস্কৃতি সম্মেলন, ১৩৭২

স্থান—রাজভাষা হল, কলিকাতা বিশ্ববিদ্যালয়

২৩শে মাঘ, ১৩৭২, বেলা ৪টা

কার্যক্রম :

১। মঙ্গলাচরণ ও মাল্যদান

২। অভ্যর্থনা-জ্ঞাপন—শ্রীবিশ্বনাথ-সভাপতি, আয়ুর্বেদ বিজ্ঞান পরিষদ

৩। ভারতীয় সংস্কৃতি ও সভ্যতার নানা বিষয়ে বক্তৃতা—অধ্যাপক শ্রীত্রিপুরাশঙ্কর সেন শাস্ত্রী, অধ্যাপক ডঃ শ্রীআশুতোষ ভট্টাচার্য, ডঃ শ্রীরমা চৌধুরী, কবিরাজ শ্রীবিজয়রত্নসেন ভট্টাচার্য, শ্রীডি. এন. আঢ্যা, কবিরাজ শ্রীপ্রিয়ব্রত সেন, কবিরাজ শ্রীকৃষ্ণচৈতন্য ঠাকুর, কবিরাজ শ্রীঁঁরাধিমোহন ঘোষ, শ্রীঅমলীকান্ত মৈত্র, অধ্যাপক শ্রীঁঁর্ধমেন্দ্র চক্রবর্তী, অধ্যাপক শ্রীকিতীশ চন্দ্র আঢ্যা, ডঃ শ্রীঅমরেন্দ্র নাথ সেন প্রভৃতি।

সভাপতির অভিভাষণ—শ্রীহরিসাধন বন্দ্যোপাধ্যায়।

বিভাগীয় সভা, আলোচনা, অভিজ্ঞের বক্তৃতা,

ক্ষেত্রভ্রমণ

স্থান - ইউটস্ হল, ওলেড কোয়ার, কলিকাতা

সোমবার, ১৭ই মাঘ, ১৩৭২ (৩১শে জানুয়ারী, ১৯৬৬),

১। আয়ুর্বিজ্ঞান বিভাগ : বেলা ২টা

সভাপতি - কবিরাজ শ্রীনিত্যানন্দ গুপ্ত মজুমদার, সাংখ্যযোগ ব্যাকরণতীর্থ

সূচনা—কবিরাজ শ্রীপ্রফুল্লচন্দ্র চ্যাটার্জি, এম.এ., আয়ুর্বেদ-বৃহস্পতি

প্রবন্ধপাঠ :

সাংক্রামিক রোগের সম্প্রাপ্তি ও চিকিৎসা—কবিরাজ শ্রীসুবোধচন্দ্র মুখার্জি, বৈদ্যশাস্ত্রী

বিষয়বস্তু—কবিরাজ শ্রীললিতমোহন শর্মা

ঔষধ—কবিরাজ শ্রীসুরেন্দ্রনাথ দে, এম্-এ, এস্-এফ, আয়ুর্বেদতীর্থ

আলোচনা : রোগ, রোগ ও ব্যাধি

—কবিরাজ শ্রীহরেন্দ্রচন্দ্র নাগ, বিদ্যারত্ন, এল্-এ এম্-এস্

২। আয়ীরতত্ত্ববিজ্ঞান : বেলা ৩৫টা

সভাপতি—অধ্যাপক কবিরাজ শ্রীসতীন্দ্রনাথ গুপ্ত, এম-এ

প্রবন্ধপাঠ :

রোগের উপর মনের ক্রিয়া—কবিরাজ শ্রীযাদবেশ্বর ভট্টাচার্য

চিকিৎসার শাস্ত্রীয় প্রকৃতি—কবিরাজ শ্রীজয়নারায়ণ সেন

রোগের কারণ ও প্রসারের রীতি—কবিরাজ শ্রীঅনন্তকুমার সেন শর্মা

জনপ্রিয় বক্তৃতা :

প্রাচ্য ও পশ্চাত্যে চাওয়া—কবিরাজ শ্রীযোগেন্দ্র নাথ চৌধুরী, কবিরাজ শ্রীপ্রকাশ চন্দ্র ভট্টাচার্য।

রবিবার, ১৮ই মাঘ, ১৩৭২ (১লা ফেব্রুয়ারী, ১৯৬৬)

স্থান—ইউনিভার্সিটি ইন্সটিটিউট হল, কলেজ স্কোয়ার, কলিকাতা

৩। জনস্বাস্থ্য-প্রাণীবিজ্ঞান বিভাগ : বেলা ২টা

সভাপতি—কবিরাজ শ্রীঅমলাচরণ সেন, বৈদ্যরত্নাচার্য

প্রবন্ধপাঠ :

মুদ্রাবিজ্ঞান—কবিরাজ শ্রীআশুতোষ ভাটাচার্য

রোগনির্ণয়—কবিরাজ শ্রীমিহিরকালী ভট্টাচার্য

ভারতীয় ভাবধারায় পরিবার-পরিকল্পনা—কবিরাজ শ্রীপ্রফুল্লচন্দ্র ভট্টাচার্য, এম্-এ এম্-এস্, ভিষগ্‌রত্ন

আলোচনা : স্নায়ু ও মস্তিষ্কের ওষাধ-ক্রিয়া—অধ্যাপক কবিরাজ শ্রীবিজয়কালী ভট্টাচার্য, এম-এ, স্মৃতিতীর্থ

৪। শিশুরোগ চিকিৎসা বিভাগ : বেলা ৫টা

সভাপতি—কবিরাজ শ্রীপ্রেমানন্দ নাথ শর্মা, এল্-এ-এম্-এস্, ভিষগ্‌রত্ন

প্রবন্ধপাঠ :

শিশু চিকিৎসা—কবিরাজ শ্রীকবিভূষণ রায়, এল্ এ-এম্-এস্, ভিষগ্‌রত্ন

শিশুর জন্ম ও লালনপালন—কবিরাজ শ্রীমনোরঞ্জন লাহাতীর্থ

শিশুর লালনপালন ও চিকিৎসা—কবিরাজ শ্রীগোপালকৃষ্ণ দাশগুপ্ত, আয়ুর্বেদশাস্ত্রী

জনপ্রিয় বক্তৃতা—ছেলেদের মনে ও স্বাস্থ্যের অবনতি—কবিরাজ শ্রীমুরারিমোহন ঘোষ, কবিরাজ শ্রীললিতমোহন শর্মা।

বুধবার, ১৯শে মাঘ, ১৩৭২ (২রা ফেব্রুয়ারী, ১৯৬৬)

স্থান ইউনিভার্সিটি ইন্সটিটিউট হল, কলেজ স্কোয়ার, কলিকাতা

৫। মনোবিজ্ঞান শাখা : বেলা ২টা

সভাপতি—অধ্যাপক শ্রীত্রিপুরাশঙ্কর সেন শাস্ত্রী, এম-এ

প্রবন্ধপাঠ :

সূচনা—কবিরাজ শ্রীকৃষ্ণচৈতন্য ঠাকুর, পঞ্চতীর্থ

দেহ ও মনের ক্রিয়া-প্রতিক্রিয়া—কবিরাজ শ্রীগোপালচন্দ্র সেনগুপ্ত, এম্-এ-এস্-এফ্, আয়ুর্বেদতীর্থ

আচরণবাদ—পণ্ডিত শ্রীকৃষ্ণপদ মুখার্জী

৬। শল্য-শালাক্য বিভাগ : বেলা ৩টা

সভাপতি—কবিরাজ শ্রীমুরারিমোহন ঘোষ, কাব্যতীর্থ, আয়ুর্বেদাচার্য

প্রবন্ধপাঠ :

চক্ষুরোগ—কবিরাজ শ্রীরামকান্ত পাত্রাধি

গলরোগ—কবিরাজ শ্রীনরেন্দ্রনাথ আচার্য, শাস্ত্রতীর্থ

৭। রসায়ন-সম্মীলন বিভাগ : বেলা ৪টা

সভাপতি—কবিরাজ শ্রীযোগেন্দ্র শর্মা

প্রবন্ধপাঠ :

রসায়নশাস্ত্র—কবিরাজ শ্রীরাধাগোবিন্দ প্রসাদ

ধাতুপুষ্টি—কবিরাজ শ্রীজ্যোতিপ্রসাদ সেন

বাক্তীকরণ—কবিরাজ শ্রীসুশীল কুমার সেনগুপ্ত, এম্-এ-এম্-এল্, বিদ্যারত্ন

অন্যান্য বক্তৃতা :

দেশী ও বিদেশী সভ্যতায় সমীকরণ কি সম্ভব, না শ্রেয় ?—অধ্যাপক শ্রীত্রিপুরাশঙ্কর সেন শাস্ত্রী।

জনস্বাস্থ্য-দ্রব্যবিজ্ঞান বিভাগ

সভাপতি কবিরাজ শ্রীঅমলাশঙ্কর সেন বৈদ্যশাস্ত্রীর অভিভাষণ

মঙ্গলবার, ১৮ই মাঘ, ১৩৭২

স্থান—ইউনিভার্সিটি ইন্সটিটিউট হল, কলিকাতা।

সমাগত সুধীবৃন্দ,

জনস্বাস্থ্য জাতি ও সমাজের মেরুদণ্ড। যে দেশের জনস্বাস্থ্য যত উন্নত, সে দেশ তত সুখী ও সমৃদ্ধিশালী। ভারতের ঐতিহ্য—ভারতের কৃষ্টি, ভারতের সংস্কৃতি-রক্ষা এবং ভারতীয় সভ্যতার সম্যকরূপে জনস্বাস্থ্যের উন্নয়ন অনবচ্ছিন্নভাবে নির্ভরশীল। ভারতের প্রাচীন ইতিহাসে প্রাচুর্য, কৃষ্টি ও সমৃদ্ধির যে চিত্র অঙ্কিত রহিয়াছে তাহা বর্তমান যুগে বিরল এবং ধারণারও অতীত।

আয়ুর্বেদের মূল উদ্দেশ্য হইতেছে রোগ আরোগ্য-করা অপেক্ষা দেশে যাহাতে রোগ হইতে না পারে তাহারই উপায় অবলম্বন করা। তাই চরক প্রস্থারম্ভের প্রথমে "অথাতো দীর্ঘঞ্জীবিতীয়মধ্যায়ং ব্যাখ্যাস্যামঃ" বলিয়া ঐ অধ্যায়ের অবতারণা করিয়া বিজ্ঞগণ সুস্থ শরীরে দীর্ঘজীবী হওয়া যায় তাহার উপায় জোর দিয়াছেন। বাস্তবিকই মানুষের দেহ লইয়া যেখানে কারবার, সেখানে দেহ যাহাতে সুস্থ থাকে তৎপ্রতি লক্ষ্য রাখাই সর্বপ্রথম কর্তব্য।

আজ শুধু অধিবক্তা বাঙ্গালার ঘাটতিতে নহে—সমগ্র ভারতবর্ষেই জনস্বাস্থ্য অতীব শোচনীয়রূপে হীন ও বিপন্ন—কলিকাতার স্বাস্থ্য ও সংক্রামক প্রভৃতি রোগের প্রাদুর্ভাবে সময় সময় এমন ভয়াবহ হইয়া উঠে।

বাংলায় ২ কোটি ৫০ লক্ষ লোকের বাস—একমাত্র কলিকাতাতেই ৪০ লক্ষের অধিক লোক নানা কর্মব্যপদেশে অবস্থান করেন। ইহার এক তৃতীয়াংশ অস্বাস্থ্যকর জন বিরিড় বসতিপূর্ণ স্থানে অতি-কষ্টে এবং অত্যধিক ব্যয়ের বিনিময়ে বাস করিতে বাধ্য হয়। ফলেরা, বসন্ত, প্লেগ এবং সর্বোপরি, বন্যা দেশের সর্বনাশ সাধন করিয়াছে। ম্যালেরিয়া সর্বাপেক্ষা বহুলাংশে হ্রাস পাইয়াছে সত্য কিন্তু ভারতের এক কোটি লোক প্রতিবৎসর ম্যালেরিয়ায় আক্রান্ত হয় এবং বাংলায় ১০ লক্ষ লোক মারা যায়।

কলিকাতার একটী সংক্ষিপ্ত জন-মৃত্যুর তালিকার দিকে দৃষ্টিপাত করিলে দেখিতে পাইবেন দেশের

স্বাস্থ্যের অবস্থা বিশেষ শুরুতর। এক বৎসরে মোট জন্মের সংখ্যা ২ লক্ষ ৬৭ হাজার ৯ শত উনষাট ; আর ঐ এক বৎসরে মৃত্যুর-সংখ্যা সাড়ে-তিয়াত্তর হাজার সাত শত ছিয়াশীজন।

কলিকাতা কর্পোরেশন অধীনস্থ প্রাথমিক বিদ্যালয়সমূহের ছাত্রছাত্রীদের স্বাস্থ্য পরীক্ষা করিয়া যে বিবরণ প্রকাশ করিয়াছেন তাহা দেখিলে মনে হইবে আমাদের এ নগরীর ভবিষ্যৎ বংশধর বালকবালিকাদের স্বাস্থ্যের অবস্থা কত শোচনীয়! উহাদের স্বাস্থ্যের পরিমাণ-সম্বন্ধে একটা আন্দাজ পাওয়া যায়—প্রথমে ১৯১২ সালে প্রথম ৭ মাসে তাহারা ১১ হাজার ৬ শত ৭০ জন ছাত্রছাত্রীর স্বাস্থ্য পরীক্ষা করেন। তাহাতে ৩ হাজার ৪ শত ১ জন ছাত্র এবং ২ হাজার ৮ শত ১ জন ছাত্রী বিভিন্ন রোগে ভুগিতেছে দেখিতে পাওয়া যায়। ইহার মধ্যে ১ হাজার ২ শত ৫৯ জন ছাত্রী অপুষ্টিজনিত স্বাস্থ্যভঙ্গে দুষিত বলিয়া মেডিকেল চিকিৎসকগণ অভিমত প্রকাশ করিয়াছেন।

ভারতের এইরূপ স্বাস্থ্যহানি ও রোগের কারণগুলি অনুসন্ধান করিয়া বিশ্লেষণ করিলে স্বভাবতই প্রতীয়মান হয় যে, উপযুক্ত পুষ্টিকর খাদ্যের অভাবে, যথা মাছ, মাংস, দুধ, ঘৃত, চাউল, ঘব, ডাল,তৈল টাটকা শাক-সব্জীর দুর্মূল্যতা—বিশুদ্ধ পানীয় জলের অভাব, দারিদ্র্য,নগরের ঘন ঘুপ্তির প্রাচুর্য—অবনতিপূর্ণ আলোবাতাসহীন অস্বাস্থ্যকর গৃহে বসবাস, অপরিচ্ছন্নতা, রাস্তার জঞ্জাল ও ড্রেনের দুর্গন্ধ—এগুলির অবশ্য ব্যবসায়িগণের ঘাড়ে বেতাল, দুর্নীতি বেকার সমস্যা, শিক্ষার অসম্পূর্ণতা ও অভাব—ম্যালেরীগুলিতে দীর্ঘকাল হাড়ভাঙ্গা পরিশ্রম, সুচিকিৎসার অভাব—আয়ুর্বেদসম্মত স্বাস্থ্যবিধি প্রতিপালনে লোকের অজ্ঞতা ও অসমর্থতা দেশকে অবনতির দিকে নিয়া চলিয়াছে। ইহার উপর বর্ত্তমান সময়ে চড়কার ধানা হইতে প্রস্তুত খাদ্য-বিটায়-বিহীন—চিড়া মুড়ি প্রভৃতি বিহীন—এত চাউলের ছড়াছড়ি—রেশনের চাল ভক্ষণ এবং দুর্মূল্য প্রভৃতির জন্য জনসাধারণের যে কি দুর্ভোগ ঘটিতেছে তাহা ভাষায় ব্যক্ত করা যায় না। ইহার উপর আধিক অসচ্ছলতাহেতু ক্রয়ক্ষমতা লোপ পাওয়ায় স্বাস্থ্যভাবে স্বাস্থ্যের অবস্থা আরও শোচনীয় হইয়াছে—এ বিষয়ে গবর্ণমেণ্ট যদি দৃষ্টি না রেখে তবে জনস্বাস্থ্য রক্ষা করা অসম্ভব হইবে। মাত্র হাসপাতাল খুলিলেই প্রতীকার হইবে না।

ভারতের স্বাস্থ্যরক্ষা ও রোগ-প্রতিষেধক-সম্পর্কে জ্ঞানবিস্তারের জন্য ভারত গবর্ণমেণ্ট যুক্তরাষ্ট্রের রকফেলার ফাউণ্ডেশনের পক্ষ হইতে ৩ লক্ষ ৫৩ হাজার ১০৫ ডলার লইয়া মাদ্রাজ ও কলিকাতার নিকটবর্ত্তী সিন্ধু ও দিল্লীর আশপাশ-অঞ্চলে ৫টি স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করিবেন। পঞ্চবার্ষিকী যুদ্ধে দুই কোটী পঞ্চাশ লক্ষ লোকের চিকিৎসার জন্য আঠার হাজার শয্যার ব্যবস্থা আছে। এই শয্যাগুলির সমস্তই পাশ্চাত্য চিকিৎসা-পদ্ধতি অনুসারে পরিচালিত। এই হাসপাতালগুলির কিন্তু একটিও আয়ুর্ব্বেদীয় মতে চিকিৎসার জন্য নহে। যদি কিছু সংখ্যক শয্যারও আয়ুর্ব্বেদীয় হাসপাতালগুলিতে ব্যবস্থা করা যাইত, তবে কি স্বাধীন রাষ্ট্রের মর্য্যাদা কিছু রক্ষিত হইত না? বড়ই পরিতাপের বিষয় আমাদের জাতীয় সরকার আয়ুর্ব্বেদের উপর বিদেশীসুলভ অবজ্ঞার পরিচয় এখনও সম্পূর্ণ ত্যাগ করিতে পারেন নাই।

উপসংহারে আমার বক্তব্য এই যে, দেশের

ক্রমবর্ধমান আন্তর্জনক অবস্থা এবং দেশের অন্যান্য আভ্যন্তরীন উন্নতিসাধনে কোন সন্দেহবাদিমহলের বা ব্যক্তিবিশেষের সাহায্যের নহে। তবে জনসাধারণ স্বাধীন সরকার আয়ুর্বেদকেও যদি নিজেদের উন্নতিসাধনের অঙ্গরূপে ব্যবহার করিতে উদ্যোগী হন তবেই এই সরকার আর্থিক সমাধান সম্ভবপর হইতে পারে। রাজ্য ও ভারত সরকার দেশের যান-বহু-বিদ্যুৎ-বিজ্ঞান-পূর্ত-শিক্ষা প্রভৃতি সব কিছুর উন্নতিসাধনে বদ্ধপরিকর, এমন কি, সেতু-পথ-ঘাট—যাতায়াতের উন্নতিবিধান পর্যন্তও পরিকল্পনার অন্তর্ভুক্ত করিয়াছেন। কিন্তু একমাত্র রাজ্যের চিকিৎসা-বিজ্ঞান আয়ুর্বেদের সর্বাঙ্গীন উন্নতি-সাধনের কার্যে কেন্দ্রসরকার মনোনিবেশ করিয়াছেন বলিয়া মনে হয় না। এই কার্যের প্রাথমিক চেষ্টা-স্বরূপে আমাদের জাতীয় সরকারকে আয়ুর্বেদীয় বিদ্যা ও চিকিৎসাকেন্দ্রগুলিকে যথোপযুক্ত সাহায্য দান, আয়ুর্বেদ-প্রচার রিসার্চকেন্দ্র খোলা—আয়ুর্বেদসম্মত জনস্বাস্থ্য-সংস্থাপন—আয়ুর্বেদীয় চিকিৎসকদলকে উপযুক্ত ও অধিকতর মর্যাদা দান প্রভৃতি কার্যে আগাইয়া আসিতে অনুরোধ করি।

দেশের প্রাচীন কৃষ্টি ও সম্পদ যথোপযুক্ত অর্থ-ব্যয়ের অভাবে যেন আজ শোচনীয়ভাবে হারাইয়া না যায়—ইহা দেশের রাষ্ট্রশক্তি এবং জনসাধারণের বিশেষভাবে লক্ষ্য রাখা উচিত।

স্বাধীন ভারত ও বাংলায় আয়ুর্বেদের উজ্জ্বল ভবিষ্যতের যত কিছু সম্ভাবনা সমস্তই এখন রাষ্ট্র-শক্তির দৃষ্টিভঙ্গির পরিবর্তনের উপর নির্ভর করিতেছে।

পাশ্চাত্যের বিদেশী বণিকের স্বাস্থ্যতত্ত্ব যাহা-রাইবে স্বাস্থ্য কিনিবে না—তাহার উহাদের স্বাস্থ্য-পালন-বিধির মধ্যে ছিল ব্যবসাদারি—যাহাতে মানুষের প্রাণ রক্ষা করিতে গিয়া প্রাণান্ত ঘটায়। বিদেশী বণিকের প্রত্যেকটী কথার মধ্যে ছিল ব্যবসায়ীর স্বার্থ ও শোষণ। আর আমাদের আয়ুর্বেদ তাহার জন্মলগ্নে জীবিত মানুষের পর হইতেছে স্বার্থ-প্রণোদিত না হইয়া মানুষের কল্যাণ-চিন্তা—"আরাধ্যং নাশিকাধার্যমিব কুসুমাদ্যপি"। "বর্তমানে বি. সি. জি টীকাদানের, রাজ্যের সততা এবং পেনিসিলিন সম্বন্ধে উহার, আবিষ্কর্তা ফ্লেমিং সাহেবের নির্দেশ আপনারা জানেন—আমার বলিবার কিছু নাই। এখন এই সমস্ত অবস্থাদৃষ্টে সর্বদাই মনে হইতেছে আমাদের পথ কি? তখনই মনে হয় ভারতবর্ষের কল্যাণের পথ, বাঁচিবার পথ—আর্ষঋষি প্রদর্শিত পথ—সেই পথেই মানুষ সুস্থ ও নীরোগ হইয়া থাকিবে। জনস্বাস্থ্যের কথায় ঋষিরা বলিয়াছেন—সুস্থ ব্যক্তির নীরোগতত্ত্ব। যাহাতে মানুষ রোগগ্রস্ত না হয় তাহার চিন্তাই ছিল প্রথম চিন্তা। আর আজ রোগ হইলে কিরূপে রোগমুক্ত হইবে তাহার চিন্তাই প্রধানভাবে দেখা দিয়াছে। আয়ুর্বেদ-মনীষীদের ঠিক উহার বিপরীত ব্যবস্থা। রোগ কিসে না হওয়ায় তাহারই চিন্তা।

প্রয়োজনীয় ও অপ্রয়োজনীয় যে বহু বিষয়ের আলোচনায় আপনাদের অমূল্য সময় নিয়াছি সেজন্য আপনাদের নিকট আমার অপরাধ হইয়া থাকিবে। আপনাদের ধৈর্যের জন্য আপনাদিগকে ধন্যবাদ জানাইতেছি।

দ্রব্যবিজ্ঞান

পশ্চিমবঙ্গের প্রাক্তন মুখ্যমন্ত্রী ডাঃ রায়ও কলিকাতায় তৃতীয় ইণ্ডিয়ান কংগ্রেসের উদ্বোধনী বক্তৃতায় ঔষধনৈরী এবং আয়ুর্বেদ চিকিৎসা-বিজ্ঞান সম্বন্ধে কোন কিছু না বলিলেও একমাত্র আয়ুর্বেদেই ঔষধ প্রস্তুতির জন্য যে অনুচ্ছেদে এবং উপযুক্ত সময়ে ভৈষজ্য-উপাদান সংগ্রহের-সুনির্দিষ্ট নিয়ম-প্রণালী সংগ্রথিত আছে, অথচ পাশ্চাত্য কোন চিকিৎসা-বিষয়ে তাহা উল্লিখিত নাই—তাহা বর্ণনা করিয়াছেন। বস্তুত ইহা অনস্বীকার্য যে ঔষধপ্রস্তুতি-কার্যে ভৈষজ্য-উপাদান সংগ্রহের বিষয়টী বিশেষ প্রয়োজনীয় ও মূল্যবান। আর ইহাও বিশেষজ্ঞগণের ধারণা যে, "অস্ত মেষস্য যো রক্তস্তল্লাক্ষায়াং হিতম্।" এ দেশের নাগরীর পক্ষে এ দেশীয় চিকিৎসা-পদ্ধতি পাশ্চাত্য চিকিৎসা-পদ্ধতি ও ঔষধ অপেক্ষা অধিকতর উপযোগী।

এই চিকিৎসা-পদ্ধতিতে ঔষধ প্রস্তুতের জন্য এত অধিক ও এত বিভিন্ন প্রকারের দ্রব্য-সম্ভারের কথা উল্লিখিত হইয়াছে এবং তাহা এত বিস্তৃত যে তাহা পাশ্চাত্য চিকিৎসাবিদের ধারণার অতীত। যেমন উল্লিখিত আছে "অশ্বমেধবিধূতমিহ প্রভবি ভিষক্-ভিঃ"। ডক্‌সিডার অষ্টেল যখন এদেশে প্রচারিত হয়, তখন বোধ হয়, ভৈষজ্যঘটিত ঔষধ পাশ্চাত্য চিকিৎসা-বিষয়ে এত দৃষ্টিগোচর হইত না। কিন্তু আয়ুর্বেদে ঘৃত, তৈল, বসা, মজ্জা ভিন্ন ও জান্তব ভৈষজ্য-উপাদানের ভূরি ভূরি প্রয়োগ দৃষ্টিগোচর হয়। ধাতব-খনিজ-ভৈষজ্য সম্ভারের মধ্যে স্বর্ণ-রৌপ্য-লৌহ-মণ্ডূর-বঙ্গ-প্রবাল-মুক্তা-হীরক প্রভৃতি ছাড়াও রস, গন্ধক, হরিতাল প্রভৃতি ঔষধরূপে অলৌকিক ক্রিয়াকারিত্বের নিদর্শন আয়ুর্বেদকে মহীয়ান করিয়া রাখিয়াছে। আপনারা কি বিশ্বাস করিবেন আয়ুর্বেদ বিজ্ঞানের গভীর অনুসন্ধিৎসায় উদ্ভিজ্জ দিকে দিকে কতভাবে বিস্তৃতি লাভ করিয়াছে? সিংহ-ব্যাঘ্র-শূকর-মূষিক-নকুল-কর্কট-মৎস্য-পারাবত-হংস-কুক্কুট-ময়ূর-রাজহংস-অশ্ব-গজ-গো-মেষ-মানব-নকুল-হস্তী-গৃধ্র-উলূক-মার্জার-কপি প্রভৃতির অঙ্গবিশেষের যে যথাযথভাবে ঔষধার্থ ব্যবহারের নির্দেশ আয়ুর্বেদে সবিস্তারে উল্লিখিত আছে তাহা আপনাদের অবিদিত থাকিবার কথা নহে। এইরূপ গবেষণাতেই আয়ুর্বেদের সার্বভৌম শাশ্বত বাণী তাহাদের আকাশ বাতাস ছাইয়া রহিয়াছে।

———

আয়ুর্বেদে শারীরতত্ত্ব

কবিরাজ শ্রীরামমোহন প্রসাদ কাব্য-ব্যাকরণ-সাংখ্যতীর্থ

আয়ুর্বেদীয় চিকিৎসকদিগের মধ্যেও কিছু কিছু ডাক্তারী বিদ্যালয়ের প্রভাব-বিদূষিত পথ হইতে শারীরতত্ত্ব লইয়া একটী গুরুতর ভুল হইতেছে। ডাক্তারী মতের সহিত অনেকস্থলে চরক-সুশ্রুতাদি-বর্ণিত বিষয়ের ঐক্য না থাকায় চরক-সুশ্রুতের বর্ণনা-গুলিই ভ্রান্তিপূর্ণ বলিয়া কিছু কবিরাজ ও ছাত্র-সমাজের ধারণা জন্মিতেছে; ইহা আয়ুর্বেদের পক্ষে ঘোর অমঙ্গলকর। যাঁহারা আয়ুর্বেদের আশ্রয়স্থল, তাঁহাদের হৃদয়ে আয়ুর্বেদ ভ্রান্তিপূর্ণ বলিয়া ধারণা বদ্ধমূল হইলে তাঁহাদের দ্বারা আয়ুর্বেদের উন্নতি করা দূরে থাকুক, রক্ষা করাও সম্ভব হইবে না। তাঁহাদের বিদ্যালয়ের শিক্ষাদ্বারা প্রাণপণ চেষ্টা যদি বিফল না যায়ে তাঁহাদের দ্বারা ঐ শাস্ত্রের অবনতি ছাড়া উন্নতি হইতে পারে না। এই কারণে আয়ুর্বেদ-শিক্ষার্থী এবং আয়ুর্বেদ-ব্যবসায়ীর মনে আয়ুর্বেদের সিদ্ধান্তগুলি অভ্রান্ত বলিয়া ধারণা যাহাতে প্রতিষ্ঠিত না হয়, সে বিষয়ে প্রত্যেক আয়ুর্বেদ-হিতৈষীর অবহিত হওয়া উচিত।

চিকিৎসাবিদ্যায় নৈপুণ্য লাভ করিতে হইলে শারীরতত্ত্বে জ্ঞান থাকা বিশেষ প্রয়োজন। কোন্ বস্তু কিরূপ যৌক্তিতে গুরু-মাংস হইতে শরীরের সৃষ্টি হয়, গর্ভ মধ্যে গর্ভাশয়ে কিভাবে পরিবর্দ্ধিত হইয়া থাকে, গর্ভের অবস্থান-প্রকার, প্রসবকালে নির্গমন-প্রণালী, রস-রক্তাদি ধাতুর উৎপত্তিক্রম, ফুসফুস, মূত্রাশয়, অন্ত্র, প্রভৃতি কি কোন্ কোন্ বিষয় অর্থাৎ যাবতীয় শরীরতত্ত্বের জ্ঞাতব্য বিষয় আয়ুর্বেদে উপদিষ্ট হইয়াছে। প্রত্যেক প্রত্যক্ষযোগ্য বস্তুগুলি যেরূপ কোনস্থানে কিভাবে বর্ত্তমান আছে তাহার উল্লেখ করিয়া যে-গুলি প্রত্যক্ষ হয় না, অথচ অর্থ দেখিয়া অনুমানের দ্বারা জানিতে হয় এরূপ বহুতর সূক্ষ্ম-তত্ত্বও প্রকটিত উল্লেখ রহিয়াছে। প্রত্যক্ষীকরণপূর্বক শারীরতত্ত্বের অধ্যয়ন-অধ্যাপনা বহুকাল হইল বন্ধ হইয়া গিয়াছে। তথাপি শাস্ত্রের এ গুরুতর উপদেশে অতীতে সকল অঙ্গ-প্রত্যঙ্গ সম্বন্ধে একটা সুনিশ্চিত ধারণা করিতে পারিলে চিকিৎসা-কার্যে কোনরূপ বিশেষ অসুবিধা হয় না। অঙ্গ-চিকিৎসকের পক্ষেই প্রত্যক্ষ শরীর-জ্ঞান দ্বারা আবশ্যক, যথা—

ত্বগাদিমাংসয়ঃ জ্ঞানং গর্ভে। বলাচ্চ ধাতবঃ।
শোণিতাদ্ বৃদ্ধঃ সম্ভবো হৃদয়োপক্রমিশ্চিরঃ।

এই সূত্রস্থ বাক্যে "গর্ভে। বলাচ্চ" এই পদদ্বয় দ্বারা বুঝা যায়। ডাক্তারী-বিদ্যালয়ে ভ্রূণবিদ্যা বা শারীরতত্ত্বে প্রত্যক্ষ জ্ঞানলাভ করার উপায় আছে। এখন দেশীয় বহু ব্যক্তি ডাক্তারীশাস্ত্রে অভিজ্ঞ হইয়াছেন। কিন্তু তাঁহাদের সাহায্যে আয়ুর্বেদ-শিক্ষার্থিগণের প্রত্যক্ষমূলক শারীরশিক্ষার ব্যবস্থা করিলে উহা আয়ুর্বেদের সিদ্ধান্ত অনুযায়ী শিক্ষা হইবে কিনা সন্দেহ। কারণ, আয়ুর্বেদের শারীরতত্ত্ব বহুবিষয়ে ডাক্তারীমত হইতে আপাতদৃষ্টে ভুল বুঝিতে বাধ্য বলিয়া মনে হয়। দুই একটী দৃষ্টান্ত দিলেই উহা স্পষ্ট বোঝা যাইবে, যেমন—আয়ুর্বেদ মতে ফুসফুস একটী, আর ডাক্তারি মতে দুইটি—আয়ুর্বেদে যেখানে পাঁচ খণ্ড স্পষ্ট দুইটী যমনী ও

সাত পর শিরার মূল নাড়ি। কিন্তু শবব্যবচ্ছেদ করিয়া ডাক্তারেরা দেখিয়াছেন যে, নাড়ি কোন নাড়ীর জন্য দেয় নাই। শরীরের অভিমূল পদার্থ অস্থিসন্ধিতেও সংযোগ আছে। সুশ্রুত ও বাগভট্ট ত্রিশখানি অস্থি, তার মধ্যে প্রতি অঙ্গুলীতে তিন তিনটি করিয়া মোট পনের খানি—ইহা চরক-সুশ্রুতে এমন কি, আয়ুর্বেদ অস্থিপুরাণ গ্রন্থগুলিতেও উক্ত আছে। আর ডাক্তারী মতে অঙ্গুষ্ঠে দুইখানি করিয়া মোট চৌদ্দখানি। এইরূপ নানা বিষয়ে বিভিন্নতা আছে। এই সকল বস্তুর বর্ণনা কি তাৎপর্যের জন্য বিভিন্ন প্রকারে আয়ুর্বেদে করা হইয়াছে—ইহার ব্যাখ্যা করিয়া তাহাদের উপদেশ দেওয়া ডাক্তারী-শাস্ত্রে অভি সুশিক্ষিত ডাক্তারের পক্ষেও সম্ভব হইবে না। বরং উহারা ঐ সকল অংশে ডাক্তারি-গ্রন্থবিদ্যার সংস্কারবশত আয়ুর্বেদকেই প্রমাদযুক্ত বলিয়া স্থির করিবেন। ডাক্তারি গ্রন্থের পঠন-শ্রবণ-সংস্কার আমাদিগকে এমন তরল করিয়াছে যে, ডাক্তারীর সঙ্গে ঐক্য না দেখিলে আয়ুর্বেদকে ভ্রান্তিপূর্ণ বলিয়া স্থির ধারণা করিয়া থাকি। অঙ্গুলীপর্বাস্থি ডাক্তারীমতের পনর অনুযায়ী চৌদ্দখানি, ইহা সাধারণ চর্মচক্ষুতে দেখা গেলেও সকল অস্থির পনের খানি বলিবার তাৎপর্য ব্যাখ্যা করিতে পারিলে সুশ্রুতের পাঠ ভ্রান্ত বলিবে কেহ না। আমার পূজ্যপাদ "শিরোর সিদ্ধান্ত" লইয়া শ্রীযুক্ত যাদবলাল কাব্য-ব্যাকরণ-তর্কতীর্থ মহাশয় 'আয়ুর্বিজ্ঞান' পত্রিকায় এ সম্বন্ধে আলোচনা করিয়া দেখাইয়াছেন যে, ডাক্তারী মতে চৌদ্দখানি অঙ্গুলী পর্বাস্থিতে আয়ুর্বেদে কিরূপে পনের খানি বলিয়া বর্ণনা করা হইয়াছে।

ফুসফুস্ সম্বন্ধেও সকল অঙ্গের সমাবেশ করা যাইতে পারে। শ্বাস-প্রশ্বাস যন্ত্রের নাম- ডাক্তারী ও সুশ্রুতমতে একই ফুসফুস্, চরকের শারীরস্থানে ঐ অঙ্গের ফুসফুস্ নামোল্লেখ না দেখিয়া উহার সম্বন্ধে সংশয়ের কারণ নাই—চরক ঐ অঙ্গের নাম 'ক্লোম' দিয়াছেন মূলস্থানাবলী হইতে আরম্ভ করিয়া হৃদয়ের বাম ও দক্ষিণভাগে অবস্থিত ঐ সমগ্র বস্তুটিকেই চরক-সুশ্রুতাদি ঋষিগণ একটি বলিয়াছেন। শ্বাসনালীর উপরে মুখভাগে বায়ু পূরণ করিলে বাম ও দক্ষিণ পার্শ্বে স্থিত সকল অংশই বায়ুদ্বারা স্ফীত হইতে দেখা যায়। ঐ শ্বাসযন্ত্রের মিম্ন অংশে দুই কোষে বিভক্ত হইয়া দুই পার্শ্বে অবস্থিত আছে; যেন হয়, ডাক্তারীমতে মাত্র ঐ কোষদ্বয়কেই ফুসফুস্ বলায় ফুসফুস্ দুইটি হইয়াছে। পরম সূক্ষ্মদর্শী সুশ্রুত শ্বাসযন্ত্রের ঐ কোষদ্বয়ের মধ্যে হৃদয়ের বাম পার্শ্বে স্থিত কোষকে ফুসফুস্ নামে অভিহিত করিয়াছেন। আর দক্ষিণ পার্শ্বের কোষটির আকারের পার্থক্যবশত এবং শরীরের শ্বাস-বায়ুনী শিরার মূলস্থান বলিয়া বুঝাইবার উদ্দেশ্যে ঐ অংশের, 'ক্লোম' বলিয়া আর একটি বিশেষ নাম দিয়াছেন মাত্র। বস্তুত ঐ অংশও ফুসফুস্ শ্বাস-যন্ত্রের অন্তর্গত, উহাতে প্রকৃত বস্তুর কোন হানি হয় না।

ক্লোম নামে নির্দিষ্ট দক্ষিণের অংশটিও যে ফুসফুসের অন্তর্গত ইহা গর্ভ-ব্যাকরণ-অধ্যায় পাঠে বুঝা যায়। সেখানে প্রত্যেক পদার্থের বিশেষ বিশেষ নামোল্লেখকালে ক্লোমের আর পৃথক নাম না ধরিয়া কেবল ফুসফুসেরই নাম ধরিয়াছেন। ঐ স্থলের ফুসফুস্ শব্দে ক্লোমসহিত শ্বাসযন্ত্র বুঝাইতেছে। চরক ঐ শ্বাসযন্ত্রকে ক্লোম বলিয়া নির্দেশ করিয়াছেন। ইহা শারীর-সংখ্যাব্যাকরণ-

ব্যবহারে কোষ্ঠাদি বর্ণনা দেখিয়া নিদান করা যায়। সামান্য জ্ঞানের অভাবের বৃদ্ধি করিয়া এ সম্বন্ধে আর বেশী আলোচনা সঙ্গত হইবে না। আমার মনে হয় যে, আয়ুর্বেদ-নিদানে যাহাতে কাহারও ভ্রান্তি না আসে সে জন্য আয়ুর্বেদের ঔষধির তাৎপর্য ব্যাখ্যা-করত ডাক্তারী মতের সহিত সামঞ্জস্য করিয়া শিক্ষা দিতে পারিলে তবেই আয়ুর্বেদের শারীরতত্ত্বের শিক্ষা দেওয়া হইবে।

---

* বিগত ১৭ই মাঘ, ১৩৭২ কলিকাতা ইউনিভার্সিটি ইন্সটিটিউট হলে আয়ুর্বেদ বিজ্ঞান পরিষদের একবর্ষ ব্যাপি অধিবেশন উপলক্ষে 'শারীরতত্ত্ব বিজ্ঞানে' লেখককর্তৃক পঠিত হয়।

—প্রতিষ্ঠাতা-সম্পাদক

আয়ুর্বেদ বিজ্ঞান পরিষদ

একাদশ বার্ষিক অধিবেশনের বিবরণী, ১৩৭২

৪-দিবসব্যাপী অনুষ্ঠান

আয়ুর্বেদ বিজ্ঞান পরিষদের একাদশ বার্ষিক অধিবেশনের উদ্বোধন-প্রসঙ্গে বিগত ৭ই মাঘ ১৩৭২, রবিবার, কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ভারতাচার্য হলে পশ্চিমবঙ্গ বিধান সভার অধ্যক্ষ শ্রীকেশব চন্দ্র বসু বলেন—আয়ুর্বেদ-বিজ্ঞান ভারতীয় জীবনের সহিত ওতপ্রোতভাবে জড়িত। ইহা কেবল একটি চিকিৎসা-বিজ্ঞান নহে, ইহা জনসাধারণের নৈতিক, ধর্মীয় ও বৈষয়িক জীবনের সহিত সংশ্লিষ্ট। উহার প্রতি ভারতীয়ের অগাধ বিশ্বাস ও শ্রদ্ধা আছে। ইহার উৎকর্ষ নির্ভর করে সরকার, জনসাধারণ ও কবিরাজদের সম্মিলিত প্রচেষ্টার উপর।

উপস্থিত সুধী সমাবেশকে সাদর অভ্যর্থনা জানাইয়া পরিষদের প্রতিষ্ঠাতা-সভাপতি কবিরাজ শ্রীযামিনী কুমার মজুমদার পরিষদের বৈজ্ঞানিক, সাংস্কৃতিক, আর্থিক ও সাংগঠনিক কার্যকলাপসম্বন্ধে বিবরণ প্রদান করেন এবং অন্যান্য প্রতিষ্ঠানগুলিকে ইহার সহিত সহযোগিতা ও অভিজ্ঞতার বিনিময় করিতে অনুরোধ জানান।

সভাপতির ভাষণে কবিরাজ শ্রীবিমলানন্দ তর্কতীর্থ পরিষদের কার্যাবলীর প্রশংসাপ্রসঙ্গে বর্তমান যুগোপযোগী আয়ুর্বেদ বিদ্যা পাঠ করিবার জন্য ভারতের অন্যান্য পরিষদের কথা বর্ণনা করেন। তিনি আরও বলেন, আয়ুর্বেদে আয়ুর্বেদ—ইহা খাঁটি বা কৃত্রিম বলিয়া মনের কোন অবসর নাই—যেভাবে হোক, আয়ুর্বেদের উৎকর্ষ সাধন প্রয়োজন।

এই উপলক্ষে অধ্যাপক শ্রীকিতীশ চন্দ্র সাহা, কবিরাজ শ্রীরাজেন্দ্র চন্দ্র নাথ, কবিরাজ শ্রীকৃষ্ণপদ মুখার্জি, কবিরাজ শ্রীসুবোধ চন্দ্র মুখার্জি, কবিরাজ শ্রীঅমলাচরণ সেন প্রভৃতি আয়ুর্বেদের ঐতিহ্য পথে নানা বিষয়ের আলোচনা করেন। পরিষদের সম্পাদক কবিরাজ শ্রীঅরবিন্দ রায় চৌধুরি ধন্যবাদ প্রদান করেন।

বিতর্কসভা, অধিবেশনবার্তা, জনপ্রিয় বক্তৃতা, কেন্দ্রস্থ-প্রদর্শনী

১১ই মাঘ—১৯শে মাঘ, ১৩৭১, (৫১শে জানুয়ারী—২রা ফেব্রুয়ারী, ১৯৬৬) পর্যন্ত

অনুষ্ঠিত হইয়াছে। কবিরাজ শ্রীপ্রভাত চট্টোপাধ্যায়, কবিরাজ শ্রীঅমলাচরণ সেন, কবিরাজ শ্রীবসন্ত কুমার মজুমদার, অধ্যাপক শ্রীত্রিপুরাশঙ্কর সেন শাস্ত্রী, কবিরাজ শ্রীযুধাংশু মোহন ঘোষ, কবিরাজ শ্রীসোমেন্দ্র শর্মা আয়ুর্বেদের ভারতচিকিৎসা ও নারীরোগ, জলবায়ু-ঋতুবিজ্ঞান, শিশুরোগ, মনোবিজ্ঞান, অস্থি-শল্যতন্ত্র এবং রসায়ন-বাস্তীকরণ বিভাগে প্রবন্ধাদি পাঠ করেন। তাঁহারা প্রত্যেকে নিজ নিজ বিষয় সম্বন্ধে অভিজ্ঞতা ও গবেষণাপ্রসূত তথ্যাদি পরিবেশন করেন।

কবিরাজ শ্রীসুবোধ চন্দ্র মুখার্জি, কবিরাজ শ্রীললিত মোহন শর্মা, কবিরাজ শ্রীঅঘোরনাথ প্রামাণিক, কবিরাজ শ্রীঅরবিন্দ নাথ চ্যাটার্জি, কবিরাজ শ্রীকৃষ্ণচৈতন্য ঠাকুর, শ্রীকৃষ্ণপদ মুখার্জি, কবিরাজ শ্রীমহেন্দ্র নাথ আচার্য যথাক্রমে দাম্পত্যিক রোগের লক্ষণাদি ও চিকিৎসা, শিরঃস্নায়ু, নারীরোগ, ঋতুবিজ্ঞান, চরকের নীতি, আয়ুর্বেদবাদ, অম্লরোগ সম্বন্ধে তথ্যপূর্ণ বৈজ্ঞানিক প্রবন্ধ পাঠ করেন।

কবিরাজ শ্রীবসন্ত কুমার মজুমদার বিভাগীয় ও অন্যান্য বিষয়ের আলোচনা এবং পরিচালনার গুরুত্বপূর্ণ ভার গ্রহণ করেন।

'গ্রাম্য ও সহরে জনতা' সম্বন্ধে জনপ্রিয় বক্তৃতা প্রদানকালে অধ্যাপক শ্রীত্রিগুণ চন্দ্র শাস্ত্রী প্রাচীন সভ্যতার গুণাগুণ বর্ণনা করেন এবং সহরের সঙ্কীর্ণ মানসিক ও বিকৃত মনোবৃত্তির কথা বলেন। পুরাকালে আরণ্যক সভ্যতার অভূতপূর্ব অবদান ভারতকে জগতের সম্মুখে মহীয়ান করিয়াছে। গ্রামীন ও সহরে সভ্যতার বিমলনে যে আদর্শ সভ্যতার উৎকৃষ্ট প্রকাশ সম্ভব, তাহা সম্বন্ধে তিনি অনুসন্ধান করিতে বলেন।

'জেলার খাদ্য ও স্বাস্থ্যের অবনতি' সম্বন্ধে জনপ্রিয় বক্তৃতাপ্রসঙ্গে কবিরাজ শ্রীযুধাংশু মোহন ঘোষ চাল, দুধ, তেল, মাখন প্রভৃতি দ্রব্যের গুণাগুণ বর্ণনা করেন এবং ভেজাল ও বিষাক্ত দ্রব্যের ফলে জনস্বাস্থ্যের অবনতি ঘটিয়াছে—উহার প্রতিকার করিতে হইলে সরকার ও জনসাধারণ উভয়ের সম্মিলিত প্রচেষ্টা দরকার উহা বিশদভাবে বিবৃত করেন।

'দেশী ও বিদেশী সভ্যতার সমীকরণ কি সম্ভব—না শ্রেয়?'—সম্বন্ধে জনপ্রিয় বক্তৃতাপ্রদান প্রসঙ্গে অধ্যাপক শ্রীত্রিগুণাশঙ্কর সেন শাস্ত্রী বলেন যে, ভারতীয় সভ্যতার মূল হইল 'ধর্ম—জীবনের লক্ষ্য পরাবিদ্যা'—প্রাচ্য ও পাশ্চাত্যের মিলন অসম্ভব বলিয়া কিন্তু বলিলেও বাস্তবিক বলেন যে, দুই সভ্যতার শ্রেষ্ঠ শ্রেষ্ঠ অবদান দুই দেশের মনীষীরাই গ্রহণ করিবেন। ভারতীয় সভ্যতার আছে বহুমুখীনতা—চার্বাকের নাস্তিকবাদও যার বাদ না বাদিয়ের প্রকাশ অন্তরূপ হইলেও অন্তরের প্রকৃতি সেই পুরাতন সনাতন ভারতবাসীর।

অবশেষে কবিরাজ শ্রীবসন্ত কুমার মজুমদার সকলকে আন্তরিক ধন্যবাদ জানান।

৮ম বার্ষিক ভারতীয় সংস্কৃতি সম্মেলন

রবিবার, ২৮শে মাঘ, ১৩৭২ (৬ই ফেব্রুয়ারী, ১৯৬৬)

বেলা ৪টা, স্থান—আয়ুর্বেদ ইন্স. কলিকাতা

প্রারম্ভে সকলকে সম্বর্ধনা জ্ঞাপন পূর্বক কবিরাজ শ্রীবসন্ত কুমার মজুমদার বলেন—আয়ুর্বেদ বিজ্ঞান পরিষদের ৫৪তম বার্ষিক অধিবেশন উপলক্ষে আজ বার্ষিক ভারতীয় সাংস্কৃতি সম্মেলনের আয়োজনের একটি বিশেষ তাৎপর্য আছে। বৈদিক ও বেদোত্তর সভ্যতার

বিচিত্র জ্ঞানের জ্ঞান ও বিজ্ঞানের নানা বিষয়ে পুনরায় নব নব উন্মেষের পথে সম্বর অগ্রসর হোলাই সকলের কর্তব্য। কোন কোন বিষয়ে পরানুকরণের প্রয়োজনীয়তা থাকিলেও ভারতীয় বৈশিষ্ট্যের উৎকর্ষ সাধন ও পর্যালোচনা সর্বাপেক্ষা শ্রেয় ও বিশ্বসভ্যতার উন্নতি-সাধনের সহায়ক। ভারতীয় সংস্কৃতির শ্রেষ্ঠ অবদান আয়ুর্বেদ।

এই অধিবেশনে পৌরোহিত্য করেন অধ্যাপক শ্রীত্রিপুরাশঙ্কর সেন শাস্ত্রী।

কবিরাজ শ্রীসুরারি মোহন ঘোষ বলেন—আয়ুর্বেদ সম্বন্ধে বিভিন্ন বিদ্বানে বিবিধ বিষয়ে আলোচনার পর ভারতীয় সংস্কৃতিতে আলোচনার বৈশিষ্ট্য হইল আয়ুর্বেদ ভারতীয় জীবনের সহিত ওতপ্রোতভাবে জড়িত—সুতরাং ভারতীয় সংস্কৃতির বিস্তৃত আলোচনার ফলেই আয়ুর্বেদেরই ফলও ও মাহাত্ম্য উপলব্ধি হয়। পরিষদের সহিত সহযোগিতা করুন আপনারা সকলে। বঙ্গলা বাবুর ঐকান্তিক প্রচেষ্টা ফলপ্রসূ হোক, এই কামনা করি।

কবিরাজ শ্রীপ্রকাশ চন্দ্র ভট্টাচার্য বলেন—ভারতীয় সংস্কৃতির আলোচনার মাধ্যমে সকলের সহযোগিতা ও সহানুভূতির সাহায্যে আয়ুর্বেদের উৎকর্ষ সাধন দরকার। শ্রীঅরুণোদিন্দ চৌধুরী বলেন—প্রতিষ্ঠানের সভাপতির বিরলস প্রয়াসে সাফল্যমণ্ডিত হোক। পরিষদের ভাবিকল্পে আমি সম্বন্ধ ও উহার সহিত নিজিত হইতে পারিয়া আনন্দিত ও কৃতার্থ। শ্রীঅবনীকান্ত মৈত্র বলেন—যেসে যে আয়ুর্বেদের উৎপত্তি, তাহার পথের অভিযাত্রি চিরদিন মানবজাতিকে কল্যাণের পথে নিয়া যাইবে। কবিরাজ শ্রীঅরবিন্দ নাথ চাটার্জি বলেন—পূর্বাচার্যদের সাধনার ফল আরও মহিমান্বিত করিবার জন্য আয়ুর্বেদসেবীদের আরও সাধনায় উদ্বুদ্ধ হওয়া প্রয়োজন।

পরিশেষে সভাপতির ভাষণে শ্রীসেন শাস্ত্রী বলেন—রাজনীতির ক্ষুটরাগে যতই কুৎসিত চিত্রিত অঙ্কিত হোক, ভারতীয় সভ্যতার বিচিত্র ধারার মাঝে মোকলাভ করাই, তার উদ্দেশ্য। আত্মকেন্দ্রিক জাতি কখনও মৃত হইতে পারে না। মানব, ঈশ্বর, রাজার প্রভৃতি সম্বন্ধে বিরোধ নয়—ঐক্যেরই সন্ধান করিয়াছেন। ভারতীয় জীবনের চতুরাশ্রম অত্যন্ত স্বাভাবিক। চরকের মূলসূত্র প্রাণৈষণা, ধনৈষণা ও পরলোকৈষণা—এই সকলের মধ্যে সামঞ্জস্য বিধান করিতে হইবে। পূর্ণতা প্রাপ্তির জন্য সকলের চেষ্টার পথে গৃহী ও যোগী প্রত্যেকেই সমান পরিপূরক। 'অন্নমেবো ব্রহ্মেতি' ভারতের রীতিনীতি। ভারতীয় সভ্যতার শ্রেষ্ঠত্ব এই যে, অন্ন কোন ক্ষেত্রে এইরূপ সর্বজনীন ভাব অপ্রাপ্য। চরৈবেতি চরৈবেতি'—চলিতে হইবে—থামিলেই জীবনের পূর্ণতাপ্রাপ্তির জন্য। 'অন্নমা ব্রহ্মেতি ব্যজানাৎ, অন্নাদ্ধ্যেব খল্বিমানি ভূতানি জায়ন্তে,—লোক অন্বিষায় পর তারই থাকে—সংসারের দ্বারা ব্রাহ্মণ হইয়া যাকে। সুতরাং ভারতীয় সংস্কৃতির মূল আদর্শ মানব জীবনের পরিপূর্ণ সৃষ্টি। ইহা জীবনকে বাদ দিয়া নয়—জীবনে সর্বভাবে পরিপূর্ণতার সমন্বয়ভিত্তিতে আহ্বান করিয়া।

অবশেষে সভাপতি, বক্তা ও উপস্থিত অন্য-অন্যান্যকে, আর কলিকাতা বিশ্ববিদ্যালয় ও যাদবপুর বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষকে স্থানদানের জন্য আন্তরিক ধন্যবাদ প্রদান করিবার পর এইবারের মত অধিবেশন সমাপ্ত হইল।

The Principle of Ayurveda—A Synthesis

Rajvaidya Kaviraj Bagala Kumar Majumdar, M.A., Ayurvedacharya,

Formerly Professor, Maharaja Kasimbazar Gorinda Sundari Ayurveda College, Calcutta.

The philosophy of Ayurveda, unlike most other healing sciences, bristles with the ultimate analysis of life and matter penetrating into the theatre of mind and body acting and reacting upon each other—the soul being the eternal anchor or the centre of perennial bliss in the ever-changing manifestations of worldly existence.

The synthesis of life is the basic truth behind creation. Life is like a flower formed of petals of single colour or different colours to fulfil the destiny of perfection. Nature persists in a cycle of development and decay whether in the making of a leaf, a blade of grass, a man or animal etc. But man out of curiosity or for sheer necessity, utilises them in different forms and norms. His creativeness entails transformation of natural materials to his likes and dislikes. He is a stranger to the world of his living even though shaping and reshaping his manhood in myriads of types never recognisable in the sojourn of his life. He cannot sit still to repeat his creation but imbued with a zeal for greatness, works on in innumerable ways to multiply in thought, word and deed the unfolding of his inner faculties for higher achievements whether they contribute to the welfare of humanity or its destruction.

However different in nature and form, matters exert a common relation —a general law among their constituents—a common force to attract as to dispel each other as well. Though all are in the process of movement for complete fulfilment of purpose, there happens disorder to set at naught the process or to bring in disruption both from outside and inside. Man being the most developed of all beings on earth, poses a great intricacy of institutions as well as an unlimited scope and opportunity for realising even the unknown as also to bring about his downfall through inordinate passions. He has not only the material hankering but also the moral and spiritual aptitude to conquer the bondage of existence—not only a body but also mind and soul to transcend his earthly existence and to overcome the shackles of the body. So mind, soul and body are like three pillers upon the unison of which stand mankind and creation. What to speak of the body and mind, Ayurveda has recognised soul also to set up a full

picture of human existence and to work out a full manhood physically, mentally and spiritually. In both health and disease the body works synthetically. To analyse it, therefore, is to know the relation between a cell and another, a limb and another or among all limbs—their relativity of action and reaction, growth and decay in the normal and abnormal conditions.

To refer to a few of the wide range of subjects, the science of Ayurveda, besides being a mine of knowledge about causes, symptoms, medicines—treatment of the healthy and the unhealthy, mainly centres round the three fundamental principles of Bayu (wind), Pitta (bile) and Sleshma (phelm) as the preservers and destroyers of the body reacting upon the tissues like the sun, the moon and wind preserving and destroying the universe. The equilibrium of the tissues of the body are maintained and disordered by their equipoise and derangement. The whole texture of the science henceforth is based on Tridoshas as the connecting link in normalcy or disorder of the various actions and reactions—growth and annihilation—culture of herbs and metals—their properties and actions upon the body normally and abnormally.

Ayurveda deals with the composite character of diseases which not only affect particular parts of the body but have their reaction upon the whole system as the body is a chemical compound and not the result of mechanical juxtaposition—its parts linking with each other physically and functionally. Therefore medicines thereof are prepared in such a way as to act upon the whole system in equilibrium with the cure of diseases. The reaction of analytic treatment and germ-theory instead of synthetic one, brings in recovery with maladjustment in the body suppressing and creating diseases. Healthy existence results from the healthy body, mind, senses and soul.

The rule of life as also of the science of Ayurveda strikes at the law of greater strength with addition of things of common properties and their difference bringing in loss or diminution. The five elements, soul, mind, time and directions are the basis of matter. Those having senses, are conscious and those having no senses, senseless or inert. There is nothing in the world without property. The effect of matter is to add and divide if taken inwardly or applied outwardly. Bodily diseases are created by the derangement of Tridoshas and those of mind, by the disorder of Trigunas, viz., sattwa (nobility or goodness), Rajas (quality of activity) and Tamas (inertia). But Tridoshas and Trigunas nourish mutually as also defile or vitiate each other. The character of man as

well as his proneness to diseases result from these as from climate and environments. These also help curing diseases or creating them. So a balanced adjustment of Tridoshas and Trigunas with intake of balanced diets, seasonal rules and regulations, is the sine qua non of good health, happiness and longevity — a sure preventive to diseases.

(To be continued)

A Note on the Utility or Otherwise of Research on Single Drug

By Kaviraj **Prabhakar Chatterjee**, M.A.

Member, Planning Commission, Panel on Ayurveda and other systems of Medicine, Government of India.

Of late, there has been a tendency on the part of Ayurvedic teachers to conduct researches on a single drug. And a good amount of money has been alloted towards this end in the various states of India. Researches on single drugs, if carried on with a view to discovering the other unknown properties than what have been hitherto discovered by the Purbacharyas (previous preceptors and writers of Ayurvedic Nighantus or Meteria Medica), should be encouraged. But if they are carried on with a view to utilising them as remedies of diseases to be created either in private practices or in the hospitals and charitable dispensaries by the physicians, they should be discouraged as the expenditure incurred for the purpose will not bear the requisite results.

A perusal of the science of Homeopathy has been to a considerable extent responsible for giving importance to the researches on single drugs. But veteran Homeopaths have, of late, taken recourse to using more than one drug one after another in the course of a day for the treatment of a single complicated case.

Now let us trace the history of the Ayurvedic medicines since its inception in the Vedic age. We have seen in the Vedic age that a particular root of a herbal ingredient was used along with a Mantra for curing a disease. And gradually, a few such medicinal ingredients in the shape of roots, barks, leaves, fruits and flowers began to be used. Ultimately we find it clearly stated in Charaka Samhita, the best book on Ayurvedic therapeutics, that there is no article on earth which can not be used as medicines.

In Ayurveda Charaka is considered to be the best authority in the treatment of diseases, so much so that an American physician is said to have remarked that if the people of the world are treated according to the principles of Charaka, they would stand in need of less bier-carriers than at present And gradually Ayurvedic pharmacology developed the knowledge of Pancha-Kasaya, viz. Swarasa, Kalka, Shita Shreeta, Fanta; and Kwatha and from them, knowledge of the different forms of the Ayurvedic chemistry such as Asab, Arista, Abaleha, Paka, Modaka, Khanda, Ksara, Lavana, Dravaka, Arka, Sura, Bharmas, Fisris, Tailam, Ghritam, Bartikas, Anjana, Pradeha, Aschetanas, Abapida, Dhumaprayoga, Pindasweda, Salvana-sweda, Kabala etc. with a view to preserving the medicines, prepared from Panchakasaya. (To be continued)

মুষ্টিযোগ বিভাগ

বিবিধ রোগের মুষ্টিযোগ

পণ্ডিত কবিরাজ শ্রীমহেন্দ্র নাথ রায় শর্মা, বৈদ্যশাস্ত্রী

(১৩৭১ ফাল্গুনের পরবর্তী অংশ)

বসন্তরোগের প্রচলিত লক্ষণাবলী ও তাহার চিকিৎসা সম্বন্ধেই বিশেষজ্ঞ ব্যতীতদের চিকিৎসকগণের নিকট হইতে প্রত্যক্ষ কলপ্রদ ঔষধসমূহ এবং চিকিৎসা-প্রণালী যাহা সাগ্রহপূর্বক নিজে বহু রোগী চিকিৎসা করিয়া সুফল লাভ করিয়াছি এবং বিভিন্ন পুস্তক হইতেও যাহা সংগৃহীত সেই সব লক্ষণাবলী ও চিকিৎসা-পদ্ধতি সংক্ষেপেই বর্ণিত হইল।

এই রোগের প্রফুরণকাল ১২ দিন। অর্থাৎ রোগাণু দেহে প্রবেশের পর হইতে বারদ দিন পরে লক্ষণসমূহ প্রকাশ পায়। প্রথমতঃ অতিমাত্রায় প্রবল কম্প দিয়া ১০৩ ডিগ্রি, ১০৪ ডিগ্রি জ্বর হয়। জ্বরের সহিত মাথার যন্ত্রণা, অঙ্গপ্রত্যঙ্গে, বিশেষতঃ কোমরে ও মাথায় অত্যন্ত বেদনা অনুভূত হয়। জ্বরের যন্ত্রণা অপেক্ষা গুটিবেরের বেদনাই রোগী বেশী বিপদ্ধি হয়। বসন্তরোগের প্রাদুর্ভাবের পূর্বে তীব্র কোমরে বেদনা সহিত প্রবল জ্বর হইলেই প্রথমেই বসন্তরোগের আক্রমণ হইবার সম্ভাবনা—এ ধারণা একেবারে সুনিশ্চিত।

আক্রমণের সঙ্গেই বমন, জিহ্বার তিক্ততা, প্রবল তৃষ্ণা, কোষ্ঠকাঠিন্য ইত্যাদিও থাকে। এইরূপ ৩ দিন চলিবার পর গুটিকা বাহির হয় এবং জ্বর সম্পূর্ণ ছাড়িয়া যায়। এই সময়ে রোগী খুব সুস্থ বোধ করে। গুটিকাগুলি এক সঙ্গে সম্পূর্ণ বাহির হয় না—প্রায় ১২-১৪ ঘণ্টার মধ্যে সমস্ত গুটি প্রকাশ পায়। এই সঙ্গে রোগীর যন্ত্রণা ও বেদনার অবসান হয়।

গুটিকাগুলি প্রথমে সূচীর মাথার আকারে লাল ফুসকুড়ির ন্যায় দেখিতে হয়। মুহূর্তের মধ্যে চুলাইলে

ঐগুলি শক্ত শক্ত দানার মত বোধ হয়। ঐ বৃদ্ধি প্রথমে মুখে ও মাথায়, তাহার পর অভিশীঘ্র হাতের কবজায় ও পায়ের গোড়ায় দেখা দেয়। তাহার পর যথাক্রমে বাহুতে, পীঠে, বুকে, উরুতে ও অবশেষে পায়ের অন্যান্য স্থানে বাহির হয়। বিশেষভাবে লক্ষ্য করিলে দেখা যায় যে, শরীরের যেসব স্থানে গুটিকাসমূহ বেশী নির্গত হয় এবং যুদ্ধে ও পেটে কম থাকে। কেহ কেহ ইহাকে 'মেরুপ্রদেশী' বলিয়া আখ্যায়িত করেন। জলবসন্তের সহিত এই রোগের পার্থক্য নির্ণয়ের ইহা একটী সহজ উপায়; কারণ ইহার গুটিকাবিন্যাস শরীরের অন্যান্যস্থানে অর্থাৎ মুখে, পেটে ও পীঠেই বেশী দেখা যায়। গুটিকা বাহির হইবার দুইদিন পরে, অথবা পঞ্চম দিবসে শক্ত গুটিকা—দানাগুলি ক্রমে অনাবৃত কোস্কার মত হইয়া উঠে, কিন্তু জলীয় পদার্থে তাহা হইলেও ইহা নিটোল গোল হয় না—অধিকাংশের অগ্রভাগ অল্প একটু টোল খাইয়া নাভির ন্যায় লক্ষিত হইয়া থাকে। বহু চিকিৎসকের মতে বসন্ত-গুটিকার এই টোল-খাওয়া ইহার বিশেষ লক্ষণ। জলবসন্তে এই প্রকার থাকিবার পর রোগের সপ্তম বা অষ্টম দিনে গুটিসমূহ পাকিতে আরম্ভ করে এবং কিরূপের জলীয় অংশ ক্রমশ ঘাড় হইয়া পূঁযে পরিণত হয়।

এই সময়ে বসন্তরোগীর মুখমণ্ডল ফুলিয়া যায় আরম্ভ হয় এবং উহারও লক্ষণসমূহ দেখা দেয়। গুটিকাসমূহ বিষাক্ত পদার্থে ক্রমশ রক্তের সহিত মিশ্রিত হইবার ফলে নানা প্রকার উপসর্গ আসিতে থাকে। চিকিৎসকগণের এই পুনরাক্রমণের সময় বিশেষ সতর্কতার সহিত চিকিৎসা করা একান্ত প্রয়োজন।

পাকা আরম্ভ হইবার সঙ্গে সঙ্গে রোগীর যে সব উপসর্গ প্রকাশ পায়, সেই অবস্থানুকূল নানাবিধ ঔষধসমূহ বিবেচনা করিয়া প্রয়োগ করিবেন। কারণ রোগ মারাত্মক হইলে এই সময়ই অধিকাংশ রোগী মারা যায়। গ্রামে একটী প্রচলিত প্রবাদ আছে যে, রোগীর টানের সময়ই খুব বেশী সতর্কতা নিতে হয়। কারণ এই সময়ই মৃত্যুর আশঙ্কা বেশী। প্রায়শই রোগের ত্রয়োদশ দিবস হইতে গুটিকা শুষ্ক হইতে আরম্ভ করে। সপ্তদশ দিনে মাংসি উঠিতে আরম্ভ হয় এবং একুশ দিনের মধ্যে চর্ম পরিষ্কার হইয়া যায়।

বসন্তের প্রকার ভেদ :—

ডাক্তার ক্যালাওয়ে মতে চারি প্রকার ভেদ পরিলক্ষিত হয়, যথা—

১। মৃদু বসন্ত—এই শ্রেণী গুটিকার সংখ্যা অতি অল্প হয়, এবং পূঁয হইবার আগেই ইহা শুকাইয়া যায়।

২। সরল বসন্ত—ইহাই প্রকৃত বসূরিকা।

ইহাতে বসন্তরোগের লক্ষণাবলী পূর্ণমাত্রায় দেখিতে পাওয়া যায় এবং অধিকাংশ রোগীই আরোগ্য হয়।

৩। লিপ্ত বা সংযুক্ত বসন্ত—

যে বসন্তে অসংখ্য গুটিকা বাহির হইবার ফলে সেগুলি পরস্পরের সহিত যুক্ত হইয়া যায় তাহাকেই সংযুক্ত বসন্ত বলে। কেহ কেহ ইহাকে "সম্মিলন" বসন্ত বলে। এই বসন্ত সাধারণ বসন্ত অপেক্ষা অধিক মারাত্মক। ইহাতে রোগীর মুখ ও চক্ষু স্ফীত হইয়া অতিশীঘ্রই আকার ধারণ করে।

৪। রক্তজ বসন্ত—

ইহাই সর্বাপেক্ষা মারাত্মক এবং এই রোগে মৃত্যু প্রায় অনিবার্য। কিন্তু ইহা প্রায়ই দৃষ্ট হয় না।

ইহার প্রধান বিশেষত্ব রক্তস্রাব। কোন ২ ক্ষেত্রে গুটিকা উদ্গমের পূর্ব্বেই চর্ম্মের নিম্নে রক্তপাত হইতে থাকে। ইহা শীঘ্র মিলাইয়া গিয়া সন্নিপাতের লক্ষণসহ প্রবল জ্বর এবং চক্ষু-নাসিকা-মুখ প্রভৃতি হইতে রক্তস্রাব হইতে থাকে। আবার কোন কোন ক্ষেত্রে গুটিকা বাহির হইবার পর পাকিবার সময় সেগুলি নীল বর্ণের হইয়া তাহার মধ্যে রক্তের সঞ্চার হয় এবং পর্যায়ক্রমে দেহের বিভিন্ন স্থান হইতে রক্তপাত হইতে থাকে।

আয়ুর্বেদের মতে ইহা একেবারে অসাধ্য ব্যাধি নহে, কৃচ্ছ্রসাধ্য। তবে সুদক্ষ চিকিৎসকের দ্বারা সুনিপুণভাবে চিকিৎসিত হইলে অনেক বাঁচিতে পারে। হোমিওমতে প্রতিষেধক :—বসন্তের প্রাদুর্ভাব কালে—"অ্যাকনিসিনাম" ৬x দুই ১ মাত্রা (১ ড্রেম) একবার মাত্র সেব্য। অথবা ঐ ৩০ শক্তি, বা "থেরিডিলিয়াম," ৩০ শক্তি বা বাসেরিনাম ৩০ শক্তি সপ্তাহে একবার ১ মাত্রা সেব্য।

(ক্রমশঃ)

হাওড়া কুষ্ঠ-কুটীর

রুগ্ন মানবের সেবায় নিয়োজিত সুপ্রসিদ্ধ প্রতিষ্ঠান

প্রাচীন ও আধুনিক

চিকিৎসা বিজ্ঞানের অপূর্ব্ব সমন্বয়ে নবীন পদ্ধতিতে

রক্তস্বল্পতা দুর্ব্বল রোগ আরোগ্য

ইহা ছাড়া পায়ে ঘা, বসারক্ত, আমুলের রক্ত, একজিমা, সোরাইসিস্, দুষিত ক্ষত ও অন্যান্য কঠিন চর্ম্মরোগ আরোগ্য করা হয়। সাক্ষাতে অথবা পত্রে পরামর্শ লউন এবং বিনামূল্যে বিস্তৃত পুস্তক পাঠ করুন।

হাওড়া কুষ্ঠ কুটীর প্রতিষ্ঠাতা : পণ্ডিত রামপ্রাণ শর্ম্মা

১ নং আবদ খোষ লেন, হাওড়া (ফোন : ৬১-২৩১৭)

শাখা :— ৩৬নং মহাত্মা গান্ধী রোড, কলিকাতা-৯ (পুরবী সিনেমার পাশে)

॥ সঞ্চয়ে সুখ ও সমৃদ্ধি ॥

আপনার টাকা এগুলিতে লগ্নী করুন ঃঃ

জাতীয় প্রতিরক্ষা সার্টিফিকেট

জাতীয় সঞ্চয় সার্টিফিকেট

পোষ্ট অফিস সেভিংস ব্যাঙ্ক

ক্রমবর্ধমান নির্দিষ্ট মেয়াদী আমানত পরিকল্প

বিস্তারিত বিবরণের জন্য খোঁজ করুন ঃ

ডাকঘরসমূহ, স্বল্প সঞ্চয় অধিকার রাইটার্স বিল্ডিংস, কলিকাতা:-১

এবং আঞ্চলিক রাজ্য সঞ্চয় সংস্থা, হিন্দুস্থান বিল্ডিংস, কলিকাতা:-১৩

ডব্লিউ. বি. আই. ৫৩ পি. আর (এ. বি. বি-বি ১৭৮১১) /৮১

A revolution in Ayurvedic Medicine...

Baidyanath medicines are Manufactured in 5 big Rasayanshalas by Ras-Shastries (Chemists) and for their effectiveness enjoy the confidence of the Medical profession all over the country and abroad.

Baidyanath medicines are a symbol of Revolution in the world of Indian Medicine.

SHREE BAIDYANATH AYURVED BHAWAN PRIVATE LTD. CALCUTTA

SHREE
Baidyanath
AYURVED BHAWAN
PRIVATE LTD.

CALCUTTA · PATNA · JHANSI · NAGPUR · ALLAHABAD

পাইওনীয়ার

জন্মুনং জন্তী

বিজ্ঞান সম্মত উপায়ে ধৌত !

প্রথম সাবানের সঙ্গে এই প্রকার ফেনিয়াযী দ্রব্যটি ব্যবহার করা উচিত

এ ধুলো টিলাটি, ঘোলা যাই, এর যাই, ধুলার পরে ধীরে

পাইওনীয়ার কিমিক্যাল্স লিঃ পাইওনীয়ার বিল্ডিং, কলিকাতা-১ ফোন : ৩৩-১১৩৩

The Ayurveda-Bharati is printed by the Founder-Editor Kaviraj Bagala Kumar

The Ayurveda-Bharati, a multilingual Quarterly Journal of Ayurveda & Indian Culture

আয়ুর্বেদ-ভারতী

প্রতিষ্ঠাতা-সম্পাদক

কবিরাজ শ্রীবগলাকুমার মজুমদার, এম্-এ, আয়ুর্বেদাচার্য

'আয়ুর্বেদ-ভারতী' কার্যালয়

৪১, মহাত্মা গান্ধী রোড, কলিকাতা-৯

প্রতিসংখ্যা ১৫ প. | ৪র্থ বর্ষ-বৈশাখ, ১৩৭৩ | বার্ষিক—সডাক ৪৲ টাকা মাত্র

আয়ুর্বেদ-ভারতী—সূচীপত্র, বৈশাখ, ১৩৭৩

	বিষয়	লেখক	পৃষ্ঠা
১।	কবিরাজ রবীন্দ্রনাথ	[illegible]	১১
২।	সম্পাদকীয়	[illegible]	১৩
৩।	A Note on the Utility or otherwise of Research on Single Drugs	[illegible]	১১১
৪।	[illegible] 'বহুদর্শনী' আলাপ	[illegible]	১১৪
৫।	আয়ুর্বেদে চিকিৎসা বা [illegible]	[illegible]	১১৮
৬।	ভারতীয় [illegible]	[illegible]	১১৯
৭	The Principle of Ayurveda—A Synthesis	[illegible]	১১৮
৮।	A Research on T. B. Treatment according to Ayurvedic System	[illegible]	১২১
৯।	[illegible]	[illegible]	১২৭
১০।	সম্পাদকীয় ([illegible])		১২৮

'আয়ুর্বেদ-ভারতী'র বিজ্ঞাপনের হার

'আয়ুর্বেদ-ভারতী' বিজ্ঞান ও সংস্কৃতির [illegible] পত্রিকা, বিশেষভাবে আয়ুর্বেদ-বিজ্ঞানের। ইহার [illegible] ইহার একবার বিজ্ঞাপন প্রকাশের মূল্যের হার—

প্রথম পৃষ্ঠা :

প্রথম আবরণ পৃষ্ঠা—	১৪০৲	সাধারণ পৃষ্ঠা—	১০০৲
তৃতীয় পৃষ্ঠা—	১০০৲	সম্পাদকীয় স্তম্ভ বা অন্যান্য	
দ্বিতীয় পৃষ্ঠা—	১০০৲	প্রবন্ধাদির অংশ বিশেষ	
চতুর্থ পৃষ্ঠা—	১৪০৲	বিশেষ স্থানের হার—	
		১৫৲ ঘন ইঞ্চি	

বিজ্ঞাপন বা অন্যান্য বিষয়বস্তুর ব্যবস্থাদি ও পরিমাণ পূর্বাহ্নেই 'আয়ুর্বেদ-ভারতী'র অধিষ্ঠাতা-সম্পাদকের নিকট জানিতে হইবে। বিজ্ঞাপনের টাকা চুক্তি হইবার সঙ্গে সঙ্গে অগ্রিম দেয় এবং পরিমাণ বিজ্ঞাপন মুদ্রিত হইবার ১৫ দিনের মধ্যে সম্পূর্ণ দিতে হইবে। ইহা ব্যতিক্রম বিজ্ঞাপনের প্রকাশিত হইবে।

আয়ুর্বেদ-ভারতী কার্যালয়,
৫২, মহাত্মা গান্ধী রোড,
কলিকাতা-৯

অধিষ্ঠাতা-সম্পাদক,
আয়ুর্বেদ-ভারতী

AN APPEAL

The Ayurveda-Bharati

A Multilingual Journal of Ayurveda and Indian Culture—an Organ of the Ayurveda Bijnan Parishad has stepped into its fifth year. Its pages are adorned with thoughtful articles of erudite scholars. The articles bear testimony to the vast lore of Ayurveda and its unique exposition of the Indian system of Medicine and research that was carried on throughout the centuries—the checkered culture of India. To support and subscribe it is to help & uplift the science of Ayurveda as well as the Indian mind and spirit.

Founder-Editor, Ayurveda-Bharati.

Office : 52, Mahatma Gandhi Rd., Cal.-9

সত্যমেব জয়তে নানৃতম্

আয়ুর্বেদ-ভারতী

প্রতিষ্ঠাতা-সম্পাদক—কবিরাজ শ্রীবগলাকুমার মজুমদার, আয়ুর্বেদাচার্য

ত্রৈমাসিক ৪র্থ সংখ্যা | বৈশাখ—১৩৭৩ May—1966 | ৫ম বর্ষ Vol V, No. 4

কবিগুরু রবীন্দ্রনাথ

শ্রীবগলাকুমার মজুমদার

হে মহাকবি, তুমি বিশ্ব সৃষ্টির রঙ্গমঞ্চে—
এত রূপ এত রস ভাব ভালবাসা ভাষা-ছন্দকে
কী ভঙ্গিতে একাধারে। প্রভাতের শুভ্রিমিত স্পর্শে
সকল বেদন ভাবনা-মুখরিত কিরণ রশ্মে
এনেছিলে উচ্ছ্বাস স্নিগ্ধতায় সবুজ খোয়াই
ধারাবাহে আকাশ বাতাসে মোহিনী মূরতি উষার—
মধুল মনিমালায় উজ্জ্বল বাইচৈত্র তালে
ঝঙ্কারিলে মাধুরী সর্ব অঙ্গে বীণার তারে তারে
সে-বীণার বাইশপদ-মিলন মধুল প্রীতি রাগে
অজানা-কলুষ নাশি ভরিলে ভুবনে নানা সাজে—
তাহিত শিব জেগেছে শ্যামা পল্লবের কাননে,
সকলির হৃদেমুল দীঘিজলে। কি অমর টানে

উদাসিত নব রূপে বিশ্বভারতী সুকলাবী
নিসর্গের অমৃত বাণি নিখিল-রঙ্গিনী রাগিনী
অমিয় তরঙ্গে তরঙ্গে সকল বরন-বাহিনী
সুহাসিনী নবযৌবনা ধরিত্রীর বিভাসঙ্গিনী;
উত্তরায়ণের নীহারিকা ছেড়ি উদয়ন ধামে
সন্ধ্যাদীপে অক্ষয় কাঞ্চন মধুর নিকষে—
বিচিত্রের খেলাঘরে অভিনেতা এস বারে বারে
মুক্তির মহা-মন্ত্রে ধরি নবতী বন্দনার ছন্দ
মিলনের মর্ম ছেঁচিলে বিশ্বকবি সকল বন্ধ—
খেলাঘরে অক্ষয়ী লালিমার ধীর চঞ্চলে
সৃষ্টির নব ভুবনে অমীমের যৌন অঞ্জনে
বিশ্বভির কবাটুলে বন্ধুরের নব কিশলয়ে
যুগে যুগে নতুনের করো আহ্বান চিরবিরাজে।

———



ভাঙাগড়া প্রকৃতির নিয়ম—মনুষ্যসমাজেও এর ব্যতিক্রম নেই। পরাধীন ভারতের তুলনায় স্বাধীন ভারতের প্রকৃতি ও প্রকাশ অন্যরূপ, আর তা হওয়াই স্বাভাবিক। যে প্রভাব সুদূর ও অবস্তীর্ণ ছিল, তা এখন মুক্তির স্বাদে উদ্বেলিত—বাঁধনহারা। পরাধীন ভারতে বীরত্বের ও সাহসিকতার বিশেষ স্থান রেখেছি স্বদেশের মুক্তির জন্য—নিশীথিনীর ক্রন্দনে। কিন্তু স্বাধীনতার সঙ্গে সঙ্গেই যে ঘনিষ্ঠ সম্বন্ধও বিশেষ অনুরোধ তা আজ ভুলবার নয়। শিশুকাল হতে শিক্ষালাভের মধ্যেই গড়ে আদর্শ-জীবনের ভিত্তি রচিত হতে থাকে। তার জন্যই যা-কিছু খারাপ, যা-কিছু অশোভন, তা সহজে উদ্রেকিত হতে পারে না। লজ্জা, অন্তের, অপরিগ্রহ, অহিংসা, ব্রহ্মচর্য—এই পাঁচটি মৌলবিধা জীবনে আলো বিকীরণ করে থাকে। পারিপার্শ্বিক ও কৃষ্টির জীবনযুদ্ধে এদের অনুশীলন অপরিহার্য। সংযম ও ধৈর্যের মধ্যে যাযাবর অনেক—এটি সামগ্রিক মনুষ্যত্বগঠনের পক্ষে স্বাভাবিক সুন্দর আচরণ—শুধু বাহ্যিক নয়, অন্তরের সত্যনিষ্ঠা এবং বীর্যবত্তার নির্দেশ, অকৃত্রি কার্যসিদ্ধি ও সুযোগের কৌশল, দাক্ষিণ্য ও অসহায়ীনতার জন্য। তা বলে অত্যাচারীর অত্যাচারের প্রতিরোধ করবার অক্ষমতা বা ভীরুতা লক্ষ্যের নয়—কাপুরুষতা।

অভাবের বোধই কর্মে প্রবৃত্তি আনে—তা ভালই হোক, আর মন্দই হোক। যেখানে অভাবের কর্ম করবার প্রেরণা নেই, সেখানে জড়তা বা তামসিকতা এসেছে বুঝতে হবে। জড়তা শুধু ব্যক্তিগত নয়—জাতিগত জীবনও তমসাচ্ছন্ন এবং অন্তরঙ্গ করে তোলে যেমন আবদ্ধ কূপ। শিক্ষার দ্বার দিয়ে শুধু বিদ্যার্জন নয়, গোটা মানুষের চারিত্রিক উৎকর্ষও প্রকৃতি নিয়ন্ত্রিত এবং সুগঠিত হত যেমন প্রাচীন কালে আশ্রমে তপোবনে, অধুনা বিশ্ববিদ্যালয়ে, বিদেশের বিদেশের অক্সফোর্ড ও ক্যামব্রিজে। আজকের চারজনই ভবিষ্যতের শাসক, অধ্যাপক ও সমাজনায়ক ইত্যাদি। প্রত্যেক দেশে প্রতিদিনের জীবনযাপনের মানও আদর্শ আছে। আজ যে হঠাৎ দেশের সকল স্তরের লোক আদর্শভ্রষ্ট হয়ে গেল, তা হতে পারে না। যুগ-প্রবাহে মানুষই সৃষ্টি করে—তা ভাল পথে চালিত হলে বাক্তি, সমাজ ও দেশ উন্নত হয়—মন্দ পথে অনাসৃষ্টি অনাচার আনে। অতীত চৌদ্দশির মধ্যে নানা ধারা বিশ্লেষণের মধ্যেও মূল্যবান লোক প্রজ্ঞারের মতই স্বাধু। তার তালেমাপের মাপকাঠি ও স্বাধীনতা বিভিন্ন হলেও বুদ্ধি ও উন্নত ওজনার দিগন্ত খোলা থাকা সমীচীন। তাহলে কারো হিসেবের ভুল সময় মানুষ ধরে ফেলে না যদিও হিসেব একটা আছে অন্তরঙ্গ ও পারিপার্শ্বিক অবস্থার ভিত্তি দিয়ে। হিসেবের বাইরে বড়বড়ে ও চলবার তার যে অবস্থা আছে, তা দেখেছি বাল্মিকী, শেক্সপীয়ার, আব্রাহাম, টলষ্টয়, তানিবাল প্রভৃতির জীবনে। ইদানীং কালে দেখেছি রামকৃষ্ণ, বিবেকানন্দ, বিদ্যাসাগর, মাইকেল, সুরেন্দ্রনাথ,

চিত্তরঞ্জন, শ্রীঅরবিন্দ, সুভাষ, মোহাম্মদ, সুভাষ প্রভৃতির মধ্যে।

দুর্নীতি এবং উচ্ছৃঙ্খলতার জন্য দোষ দিতে পারি কিন্তু কি কারণে হলো, আর তা নিরসন করবার পথ বা কি—তার জবাবও সমাধান করতে হবে। দোষে গুণে মানুষ, তার চিত্তবৃত্তিও খেলা করছে আলো অন্ধকার, সৎ অসৎ, ভাল মন্দ। যানবাহনের সুবিধার জন্য পৃথিবী ছোট হয়েছে সত্য কিন্তু বিভিন্ন দেশ ও সমাজের লোক বিভিন্ন পরিবেশে গঠিত হয়ে থাকে—তার শিক্ষা এবং আচার ব্যবহারও বিভিন্ন। তবু সর্বদেশের সেই আদর্শ অভিন্ন। এক্যবদ্ধের ঐতিহ্য, সমাজ, সংস্কৃতি ও মেলামেশার—লাভিবোর আদান প্রদানে চিত্তের বাঁকাচোরা অনেক ছেঁটে ছুঁটে একটা নিশ্চিত মিলার সামঞ্জস্য আদর্শ ও প্রতিষ্ঠা সম্ভব হয়েছে সত্য কিন্তু সমাজ পরিবর্তনশীল। নব নব ভাবের অভিব্যক্তি অথবা চিরন্তন ভাবরাজি যুগে যুগে নতুন রূপ ধরে আসে-সামাজিক, রাজনৈতিক চেতনার পরিপ্রেক্ষিতে—নতুন সুভাষ, আধুনিক পৌরাণিক হয়ে দাঁড়ায়। এই ওলটপালটের বিবর্তনের গতি অব্যাহত রয়েছে যুগে যুগে। তার চিহ্ন দেখতে পাই সংস্কৃতি ও সভ্যতার বিবর্তনে—স্থাপত্যে ভাস্কর্যে, চিত্রকলায় ও সাহিত্যে। যেগুলি কালিক, তা ছেড়ে গেছে মহাকালের অবলুপ্তির মধ্যে। তা হলেও সেই কাব্য, মহাকাব্য, উপন্যাসের মধ্যে যুগের মধ্যে কীটের অবস্থানে তার তার স্পর্শ অনুভব করি। ঘোটের ওপর, সূর্যোদয়ের সঙ্গে আকাশের বিচিত্র ছবি চলচ্চিত্রের মত চলতে চলতে যেমন দৃষ্টের অন্তরালে আশ্রয় হয়, তেমনি সমাজও বিচিত্র প্রকরণের মধ্যে ভালো পরদা টেনে দেয় অতিপথে। এতে মানুষ হতাশ হতে পারে কিন্তু যে পরিবর্তন দেখা যেন সমাজের চলনকে স্বাধীনতার পরে—তা আধুনিক বলে গর্ব করুক, দক্ষিণ বা বামের উন্মাদনায় চলাচল হোক—তা কি কর্ম তাণ্ডবের ভেতর নয়, যা নৈতিক পতনের সীমারেখা ছাড়িয়ে যায়নি? নূতনের পরিবেশনে হয়ত প্রয়োজন ছিল স্বীকার করে নিলেও এমন নীলকণ্ঠ কই যিনি ঐ কালকূট হাসি করতে পারবেন। প্রকৃতির নিয়মে অনর্থকে অর্থপূর্ণ অত্যাচারের শক্তিকে আপ্তি ও অনর্থের পথে নিয়োজিত করবার জন্য প্রতিরোধ শক্তি সঞ্চিত হয়ে থাকে। তার লক্ষণ প্রকাশমান। যে নদী পর্বত শ্রেণীর মধ্য দিয়ে ছেঁড়ে ছুটে চলেছে সেই আবার সমতলে উর্বর ভূমি শ্যামল করে তোলে।

যুগের কোলাহলের মত নবশিশুও সমাজের আলো বাতাসে পরিপালিত পরিবর্ধিত হতে হতে নানা অবস্থার সম্মুখীন হয়। প্রথম তার অনুসন্ধিৎসু মন অনেক বিষয়ে জ্ঞানলাভ গ্রহণ করতে থাকে। তারপর আসে তার জড়ি-অজড়ি, জ্ঞানলব্ধ, স্বার্থ-নিঃস্বার্থ—বিচিত্র ভাবের বন্যার বিশ্লেষণ। কি গ্রহণ করবে, কি ত্যাগ করবে—এ নিয়ে মনে ওঠে দোলাচল। তার ব্যক্তিত্ব গড়ে উঠতে থাকে নানা প্রতিকূল অবস্থার মধ্যে। স্বাধীন চিন্তা, আত্মসুখ, স্বেচ্ছাচারিতা, প্রতিদ্বন্দ্বিতা, অহমিকা মাথা চাড়া দিয়ে ওঠে—কে তাকে পথ দেখাবে? ঘরে ঘরে অভিভাবক আদর্শহীনতা—বিদ্যালয়ে অরাজকতা অসম্পূর্ণ শিক্ষাব্যবস্থা—রাজনীতিতে অর্থের কৌলিন্যে মর্যাদা—দুর্নীতি, দুর্ব্যবহার, গুণের অনাদর—আদর্শের অনাচার—জীবন যুদ্ধে সহজ সরল পথের নিরুদ্দেশ। অবশ্যই কৃতকার্যতার পথ—তা রাজনীতি হোক, অর্থনীতি, সমাজনীতি বা শিক্ষানীতি হোক। তাই সত্যের প্রতি, সভ্যতার প্রতি, শিক্ষার প্রতি,

সর্বোপরি, মানুষের প্রতি শ্রদ্ধের অবিশ্বাস। রাজনৈতিক দলগুলি সভায় ও সাময়িকে যে চিত্র দিনের পর দিন প্রচার করে থাকে, তা সত্যই হোক, আর মিথ্যাই হোক, তাদের মনে বিভ্রান্তির সৃষ্টি করে—নীতি, ধর্ম ও সদাচারের প্রতি আস্থা ও শ্রদ্ধা হারায় বলেই পুরাণ আয়োজনের দুরবস্থা হোক। নেতৃস্থানীয় লোকের প্রতি বিশ্বাস ও শ্রদ্ধা হ্রাস পেয়েছে, ফলে কোন সমস্যার সমাধান হয় না - শিক্ষা প্রতিষ্ঠানে এর ফল মারাত্মক। যে প্রতিষ্ঠান ও শিক্ষক ভবিষ্যৎ সমাজ গড়ে তুলবে, তার প্রতি অশ্রদ্ধা উচ্ছৃঙ্খলতা—কারণ যাই হোক না কেন, সুস্থ প্রণালী অনর্থই সৃষ্টি করছে।

ছাত্রদের প্রতি স্নেহশীল ও সহানুভূতিসম্পন্ন হয়ে যেমন তাদের প্রতিটি সমস্যা সমাধান করার জন্য আগ্রহ দেখা করতে হবে অধ্যাপক বা শিক্ষকদের, তেমন তাদের প্রতি শ্রদ্ধা ও তাদের নিকট হতে ছাত্রদের পেতে নিতে হবে এবং বিশ্বাসও করতে হবে। শাসন, সেবা ও যথাযোগ্য শিক্ষাপ্রদানই হবে শিক্ষকদের কর্তব্য। দীনহীন কিন্তু আদর্শ শিক্ষক তত্ত্ব সন্ধান পেয়েছেন যাঁর ও জনসাধারণের নিকট হতে-তাঁর নির্দেশ, তাঁর স্মৃতি এখনও ভারতের আকাশে বাতাসে রয়েছে। আজকের দিনেও এমন শিক্ষকের অভাব নেই—বেতনের চাপে তাঁদের প্রতি শ্রদ্ধা ও মর্যাদা হারাই হয়ে যায়। তা বলে প্রশাসকদের প্রশ্রয়ে অন্যায়কারী ছেলেরা সরকারী ও বেসরকারী কর্তৃপক্ষের প্রদান কর্তব্য, উহা কেহই অস্বীকার করতে পারে না। শিক্ষক ও অধ্যাপকগণ যখন রাস্তায় মিছিল বা অবস্থান-ধর্মঘট করেন এই যুক্তিতে বেতনবৃদ্ধির জন্য তাঁর ওজর উপলব্ধি করা অতি সহজ। অর্থের দাবিতে উহা কিছুটা ফলপ্রসূ হলেও অশোভন—এ দ্বারা ছাত্রদের মনে বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি হওয়া অস্বাভাবিক নয়। অযাচিত বৃদ্ধি ও টাকার নিম্ন মূল্যায়নে যে দুরবস্থা সৃষ্টি, তা সরকার দেখেও দেখেন না। এ এক অদ্ভুত অবস্থা! তথাপি ঈপ্সিত সাধনের পথে ঈপ্সিত সিদ্ধির পথও বিচার্য, বিশেষত শিক্ষাক্ষেত্রে।

শিক্ষালাভ একটি মৌলিক অধিকার। আদি-গঠনে ও জাতীয় সংস্কৃতির শিক্ষিতের প্রয়োজন, তাই সকল কাজের চেয়ে শিক্ষা ও শিক্ষকের বিষয় সর্বাগ্রে প্রণিধানযোগ্য। শিক্ষক অন্তরে অনাস্থা থাকলে শিক্ষাক্ষেত্রেই কলুষিত হবে—শিক্ষালাভের কর্তব্য ব্যাহত হবে। ঠিকমত শিক্ষা-দান না হলে—শুধু বেতনভোগী শিক্ষা নয়, চরিত্রগত খানিকটা শিক্ষাও—সমাজে উচ্চ হতে পারে না। যে সমাজে অধ্যাপক, শিক্ষক, জ্ঞানবৃদ্ধ, বয়োবৃদ্ধদের সম্মান নেই, সেখানে অরাজকতা ও বিশৃঙ্খলা থাকবেই—তা পরীক্ষায় হলে হোক, ক্লাসে হোক বা অন্য স্থানে হোক। অবশ্য সম্মান চাইলেই পাওয়া যায় না—সম্মান পাবার যোগ্য হতে হবে। অপর পক্ষে বিশৃঙ্খলা বা অন্যায়ের ধ্বজা ছিঁড়ে ফেলে বা ঘরছা ভাঙা বাঁধে না, স্বাভাবিক সৃষ্টিতরি আঘাত করলেই এতে সন্দেহ নেই।

একটি কথা উঠেছে ছাত্রদের অপরাধ ছাত্রেরাই বিচার করবেন তাদের কমিটির মাধ্যমে, তাতে সাময়িক শান্তি বজায় থাকবে। এঁরা একটি সোজা কথা ভুলে যান—ছাত্রদের অন্যায়ের সঙ্গে প্রতিষ্ঠান, শিক্ষক ও অধ্যাপক জড়িত থাকাই স্বাভাবিক সর্বক্ষেত্রে বা পরোক্ষভাবে। তখন ছাত্র-কমিটিই শাস্তির মত উচিত করবেন, তা কি শৃঙ্খলা, সম্মান ও শান্তির পথ প্রশস্ত করবে, না সমূলনের মূলে

(সেখানে ১২৮ পৃষ্ঠার নীচে)

A Note on the Utility or Otherwise of Research on Single Drugs

By Kaviraj Prabhakar Chatterjee, M.A.,
Member, Planning Commission, Panel on Ayurveda and other systems of Medicine, Government of India.

(Continued from Magh Number, 1372 B.S.)

Now let us see how much stress Charaka has laid upon the use of a single drug in the eradication of a disease. Perusal of the Chikitsasthana of the Charaka Sambita, a section of the book specially devoted to the principles of treatment and the treatment of diseases with specific medicines will indicate that according to Charaka diseases are the outcome of debility, loss and wastage produced out of long-continued non-conformity to the hygienic rules of life and consequent indulgence in the sexual habits. Thus, while writing his treatise on the treatment of diseases, Charaka did not forthwith recommend any specific medicines for the treatment of specific diseases according to the findings of the Ayurvedic Nidana-Shastra or Etiology. On the other hand, he asked his patients to have recourse to Rasayana and Bajikarana systems of treatment for removing their general debility which has made them fall victims to the wasting diseases. If the body is freed from the clutches of this debility, it will be endowed with the power of withstanding the attack of many diseases for which specific treatment is necessary.

In the existing order of things, every animal has to face the inclemencies of weather due to the constant vagaries of nature. As a result, he has to undergo changes or deterioration in his constitution. Attempts of human beings have been directed towards coping with the deterioration since time out of memory and all the palliative and curative measures invented so far by the ancient Acharyas or seers, have been included in the science of medicine with a view to fighting against this ever-changing eternal principles of nature.

Now, while mentioning the list of Bajikaranic and Rasayanic drugs, Charaka did not lay any special emphasis on the use of any single drug. On the other hand, he has specially mentioned the names of a very large number of drugs possessing almost the same properties for storing up the Rasayanic and Bajikaranic value in the specific medicine to be prepared for the purpose of removing the debility and early decay brought about by the

vagaries of ever-changing principles of nature to which every animal of the world is subject.

Now let us study a little about the Ayurvedic method of arriving at a conclusion about the medicinal properties of an individual drug. The medicinal value of an individual drug in Ayurveda is always assessed with reference to the Pancha-Bhautik theory of earth, water, heat, wind and ether and a knowledge of the Dravya, Guna, Rasa, Virya, Vipaka and Prabhava theories current in the Ayurvedic Paribhasa. An individual Ayurvedic drug is first of all to be studied with reference to the Pancha-Kasaya theory of Ayurveda, viz., the value of Swarasa, Kalka, Shita Shreeta, Panta and Kwatha or Pachan of a particular drug and then gradually its functions in other forms of Ayurvedic chemical preparations such as Asaba, Arista, Taila, Ghrita, Avaleha, Prasha, Modaka, Khanda, Paka, Gura, Churna, Batika etc. are known. At the time of ascertaining its Guna, the Satwa, Rajas and Tamas properties are also determined. In this way all the different aspects of an individual drug are ascertained and then it is placed in the different Vargas and Ganas by the different Nighantukaras or the makers of Ayurvedic Materia Medica according to their merit. Drugs possessing similar properties are included in one Gana, such as Jivaniya Gana. Charaka has ascertained fifty such Ganas placing ten drugs in each Gana. He has thus described very skilfully within a short compass, the properties of 500 individual drugs which are very largely used as medicines in different forms in Ayurvedic chemical preparations as mentioned above. Thus we see that Purbacharyas have made use of a single drug very sparingly and in a very few cases.

Now, let us see in how many cases Charaka has made use of single drugs in the eradication of diseases. Let us take the example of fever which is the king of all diseases. Charaka has prescribed the decoction of Kshetra-Parpati in all kinds of fever due to the excess of Pitta in the system. He has prescribed the decoction of Sunthi in fevers due to the influence of Kafa, the use of the decoction of Guduchi for curing cases of fever due to the influence of Vata and in all other kinds of fever. But there are innumerable other kinds of fever in which decoctions made of a combination of a large number of efficacious drugs, have been used with absolute success. In the kingdom of drugs decoctions have been considered as the best by the sages. Some of the best decoctions meant for the eradication of even the most obstinate types of fever are Dasmyadi, Dasyadi,

Brihat-bhargvadi, Dasamuladi, Katphaladi, Nidigdhikadi, Bhunimbadi and many others which space at our disposal does not permit to dilate upon. Similarly, in the treatment of all diseases of which mention has been made in the science of Œtiology, Charaka, the prince of physicians has made copious use of complete drugs. Although there are in Charaka Samhita some very powerful and effective single drug-remedies in every Rogadhikara, a physician cannot wholly rely on it for the successful completion of his treatment of the cases in the Rogadhikara, as the case comes to the physician for treatment only in its complicated condition when a combination of effective drugs possessing the same virtue is generally prescribed for treatment. Thus in the Jwaratisara, a decoction of Mustaka is a good remedy. But in its complicated stage Nagaradi, Bilvadi and Kanadi have to be applied for radical cure. Similarly in Atisar, ½ tola of the root of Ankota is a very good single drug-remedy if it is taken with Atap rice water and honey. The juice of Changeri is a very good single drug-remedy if it is taken with honey. The juice or decoction of Kutaja is a very good remedy in Blood Dysentery. But a combination of the following drugs is a very good remedy in all kinds of dysentery, namely, Kutaja, Darimba, Ahnadi, Mustaka, Kanchata or Kancharadam, Indrajab, Mochras, Belsunth, leaves of Paniphala or Sringataka, flowers of Dhataki, Ataich, Mandukaparni, Changeri, Bhang, stones of Mango fruits, Priyangu, Anantamul, Barabakranta, Bamanhati, bark of Lodh, bark of Shyona and Sunthi—all these articles to be taken in equal quantity to weigh 2 tolas and boiled in ½ a seer of water, reduced to ¼ seer, then strained and taken. After Atisar, comes Grahani. But in Grahani there is no single drug remedy excepting the use of Takra and goat's milk, failing which all medicines to be used are composite in character. Parpati is the best remedy for Grahani. But it is a preparation of more than one drug. After Grahani comes Arsha or piles. In the treatment of piles, medicines generally used, are mostly made of combined drugs excepting three drugs, namely, Sankara Lauha, Bhallataka and Surana. After piles, comes Mandagni Chikitsa. In the treatment of Mandagni, all Shastric good medicines are made of a combination of a large number of drugs excepting only two drugs, namely, ginger and Jamani. But with the help of these two drugs a physician cannot control all disorders or diseases belonging to the loss of the digestive heat or Agnimandya. After Agnimandya, we come across Krimi-Rogadhikar or the chapter on the treatment of worms where three remedies made of three single drugs are powerful, namely,

Biranga, seeds of Palas and powder of Kamalaguti. But medicines made of combined drugs are more powerful. After worms comes the treatment of Jaundice in which composite medicines are more powerful than medicines made of single drugs excepting the following drugs, namely, Lauha, Mandura, Amalaki, Ayaskriti or the purified dust of Kanta Lauha, incinerated Mandura, juice of raw Amalaki and the powder of Katki. Shastric medicines made of combined drugs such as Punarnabadi Mandura, Nabayas Lauha, Astadasanga Lauha, Amritaharadi Ghrita etc., are much better in producing quicker results. After Pandu comes Raktapitta in which the use of the single drug Basaka is the most powerful. Next in importance comes Kusmanda and then comes Amalaki. These three medicines may be used singly to curb the progress of Rakta-pitta in which medicines made of combined drugs act more speedily and powerfully. After Raktapitta comes Raja-jakshma in which a few single drugs work very well, namely Bantapitta Harital, Gold, Nagabala, Nirgundi, Basaka and Rudanti. Of course, there are innumerable other medicines made of combined drugs and they have made their influence felt in the field of practice. All the above-mentioned six medicines have also been used along with many other drugs and Raja-jakshma has been described by Charaka and the subsequent makers of Ayurvedic Eriology to be a curable disease. Medicines meant for the treatment of Raja-jakshma do not produce the required results because of the absence of incinerated gold in the preparation of medicines. The findings of Rasa-siddhas and also of Charaka are that gold is the best killer of extraneous poison that enters into a debilitated body due to intemperance and that it is the best pacifier of wind which becomes extremely disorderly when Raja-jakshma invades human constitution and gets entangled with Kafa, and produces the 11 kinds of symptoms which are the characteristic features of a patient suffering from Raja-jakshma in its fully developed stage.

The efficacies of the incinerated Bantapatra Harital and gold have not been fully studied in Ayurvedic Materia Medica and consequently in the Ayurvedic pharmacology and as such physicians practising the science of Ayurvedic medicine are not fully acquainted with their potentialities in the field of treating so-called wasting diseases and the problem-diseases of the civilised world which have so far baffled the attempts of the research-workers of all countries. Moder Chemistry lags far behind the Hindu Chemistry in which 37 disciples of Siddha Nagarjuna excelled and discovered the main principles of Hindu Chemistry or Siddha system of Ayurvedic chemistry.

(To be continued)

চরকের "অতুল্যগোত্রীয়" অধ্যায়

কবিরাজ শ্রীকৃষ্ণচৈতন্য ঠাকুর, পঞ্চতীর্থ

মহর্ষি চরক তাঁর সংহিতার শারীরস্থানের বিতীয় অধ্যায়ে একটি প্রসঙ্গ তুলেছেন—নাম দিয়েছেন "অতুল্য গোত্রীয়"। সেখানের প্রথম শ্লোকটি এই—

অতুল্য গোত্রাম রজঃ অবীক্ষ্যেহ যতো
বিশিষ্ট বিদুষীকরম্।
কিং স্যাৎ চতুষ্পাৎ প্রতিষেক যুক্তয়া
যদং স্ত্রীম্ গর্ভযুপৈতি পুমান্। চ-শা-২

অর্থাৎ অতুল্য গোত্রীয়া (সপিণ্ডীকে ত্যাগ করে বিবাহ করতে হবে, কারণ তাদের এই সমানার্ষ সমাচার) স্ত্রীর ঋতু-প্রবৃত্তির তিন দিনের পর থেকে ষোল দিনের মধ্যে অতুল্য গোত্রীয় পুরুষের দ্বারা নির্জনে নিষিক্ত শুক্রই স্ত্রীর গর্ভরূপে পরিণত হয়।

সেই শুক্রই গর্ভ। সেই শুক্রের দ্বারাই গর্ভ হয়। সেই শুক্রের আকাশের গুণ থাকে না। বাকী চারটি থাকে, অর্থাৎ বায়ু, অগ্নি, ভূমি ও জলের গুণ থাকে। আর থাকে ছটি রস।

শুক্রং রসনা প্রবরাণি যীয়া
ষড়ীরতে গর্ভমনুপ্রবাস্য।
বায়ুর্হি ভূয়াংশ্চতুরাশ্রয়স্তং

যতোহ্যা যোনিতঃ প্রজানাং জনন। চ-শা-২ ইত্যাদি

এখানে সংশয় ও প্রশ্নের ক্ষেত্র প্রথম শ্লোকটিতে। শ্লোকটি চরকের মত মহান চিকিৎসকের রচিত কি? কারণ অপ্রাসঙ্গিক ও অযৌক্তিক কথা চিকিৎসকের সম্মান নষ্ট করে।

শ্লোকটিতে একটি কথাই অযৌক্তিক হয়ে আছে। সেটি "অতুল্যগোত্রীয়"। কেন সেখানে সংশয়, তাহাই উত্থাপন করিতেছি।

সোজা সহজে বলা যায়—

অসপিণ্ডা চ যা মাতুরসগোত্রা চ পিতুঃ। সা প্রশস্তা দ্বিজাতীনাং দারকর্মণি মৈথুনে।

অর্থাৎ যে রমণী মাতার সপিণ্ডা নয়, এবং পিতার সগোত্রা নয়, সেই রমণীকেই বিবাহ করবে এবং তাকেই মৈথুনে যোগ্য বলে মনে করবে। দ্বিজাতিদের প্রতি এই বচন।

ভাল কথা। ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য, এরা হলেন দ্বিজাতি।

"ব্রাহ্মণঃ ক্ষত্রিয়ঃ বৈশ্যঃ ত্রয়ো বর্ণা দ্বিজাতয়ঃ"

অর্থাৎ এই দ্বিজাতিরা পূর্বকথিত ঐ রমণীকে বিবাহ করবেন।

কিন্তু মনু তো কোথাও বলেন না "যোনি" শব্দের কি অর্থ? তবে টীকাকার মেধাতিথি বলেন—

যাবদ্ যোনেঃ সম্ভূতিঃ সমান জাতীয়ত্ব"

অর্থাৎ যোনি মানে সম্ভূতি এবং সমান জাতীয়ত্ব।

তা হলে ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্যের মধ্যে যদি এক যোনি দেখা যায় তবে কি সকলেই এক জাতি, না এক জাতি?

মেধাতিথির মনেও এমন সংশয় জেগেছিল, তাই আবার সুন্দর পরিষ্কার করে বলেছেন —

"গৌরহিত্যাম্ ব্রাহ্মণ বৈশ্যয়োরিতি"

(বসু সূত্রভাষ্য)

অর্থাৎ ক্ষত্রিয় ও বৈশ্যদের যে গোত্র তা মাতের নিজের গোত্র নয়। সে পুরোহিতদের। তা হলে বোঝা গেল, এই দুই জাতির নিজের গোত্র নাই। তাঁরা একই আদিপুরুষের সন্তান হয়েও সমগোত্র হন না।

তা হলে প্রশ্ন আসে, গোত্র মানে কি, যেহেতু গোত্র কখনও স্থায়ী অর্থের নয়। মেয়েরা গোত্রান্তরিতা হন। মানবের দেহের মৌলিক জন্মের মত গোত্রও সঙ্গে সঙ্গে জন্ম নিলে গোত্রান্তর কখনই হয় না। সন্ন্যাসও বর্ণান্তরের অন্তর্গত। তাদেরও গোত্রান্তর হয়। পালিতা কন্যা, পালিত পুত্রেরও গোত্রান্তর হয়।

অতএব প্রশ্ন হয়, গোত্র মানে কি ?

ব্যাকরণ মতে—গো+ত্র+ঙ এবং গো অর্থ—অপত্য। তা হলে দাঁড়াচ্ছে এই—অপত্যে অপত্যের পূর্বপুরুষাণ্ যং তৎ গোত্রম্ (অমর)।

সহজ অর্থ—যে অপত্যরা পূর্বপুরুষকে বিস্তারিত করে, তাই গোত্র। এই গোত্র যখন স্ত্রীলিঙ্গ হয়ে—তখন গোত্র বহুবচন পর্যন্ত। আর স্ত্রীলিঙ্গে অর্থ হবে গাভী।

বৈদিক সংস্কৃতিতে গোত্র খুব ব্যবহৃত এইভাবে—গোগৃহ এবং গোশালা দ্বারা গ্রাম সহর নির্ধারিত হতো। সেই গোগৃহ-সম্পত্তির সীমানার ভিতর যারা বাস করতেন, তাঁরা হতেন সগোত্র। সেই জন্য ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্যের মধ্যে একই গোত্রের প্রচলন রয়েছে। এরা বৈদিক সংস্কৃতিতে সকলেই অগোত্র। কারণ, গোত্র মানে কারও বংশপরিচয় নয়। রাজস্থানে গুজরাটে, উত্তর-পশ্চিম অঞ্চলে ব্রাহ্মণ ছাড়া অন্যান্য শ্রেণীর মধ্যে যে সব গোত্র সেগুলি যে গোত্র থেকে এসেছিলেন পূর্বে—সেই সব সহর ও গ্রামের নামেই গোত্র। আর দক্ষিণাত্যের ব্রাহ্মণ-সমাজের মধ্যে এখন সব গোত্র আছে সেগুলি বেদে নাই, কোন ঋষিনাম ঋষিরও নয়—মুনিরও নয়। তারপর আসছে বর্তমান বৌদ্ধ-সমাজের অধিক ষটার গোত্রের পূর্বপুরুষের অধিকার নিয়ে নিয়েছিল।

এবার গোত্র শব্দের অভিধানিকদের অর্থ বলি (অমর কোষ)—

গোত্র মানে—সন্ততি পৌত্র প্রভৃতি অপত্য কুলসন্ততি-
জনাখ্যেয়ো সংঘোঽন্বয়ঃ সন্তানঃ।

এই প্রতিশব্দে অভিধান চিন্তামণিতে—

গোত্রং তু সন্তানেঽন্বয়ান্তরেঽপি ক্ষিতিনঃ কুলং
অন্বয়ো বংশঃ।

মৌদ্গল্যের মতে—

বিশ্বামিত্রো জমদগ্নির্ভরদ্বাজোঽথ গৌতমঃ।
অত্রির্বশিষ্ঠঃ কাশ্যপ ইত্যেতে সপ্ত ঋষয়ঃ
যেষাং সন্তত্যৈনাম্নবর্ত্যন্তে তানি গোত্রাণি
তদপোদ্বিমুচ্যতে।

এই সাতজন ঋষিই গোত্রকারী।

মহাভারত পঞ্চদশ সত্রাধ্যায় বা ষোড়শ সত্রাধ্যায় ভগবান শ্রীকৃষ্ণের মতে গোত্রকারী আট জন—

জমদগ্নির্ভরদ্বাজো
বিশ্বামিত্রোঽথ গৌতমঃ।
অত্রিঃ কাশ্যপশ্চাষ্টৌ ঋষয়ঃ গোত্রকারিণঃ।
এতেষাং যানি গোত্রাণি তানি গোত্রাণি যন্তুতে
(উদ্যোগপর্ব)

শ্রীঅনুশাসন আর একটি কথা বলেছেন ব্রাহ্মণ ভিন্ন অন্য তিনটির জন্য—"ক্ষত্রিয়বৈশ্যয়ো রূপ-দিষ্টাকিদিষ্টে গোত্রে সূত্রত অভিদিষ্টাবিদিষ্টৌ গোত্রম্।

অর্থাৎ—ক্ষত্রিয়ের গোত্র উপদিষ্ট এবং বৈশ্যের অতিদিষ্ট এবং শূদ্রের গোত্র অতিদিষ্টাতিদিষ্ট।

অন্যত্র পুরাণের অভিমত—

"গোত্রাণাস্তু সহস্রাণি অনুক্রান্তানি।"

কোনও পুরাণের অভিমত—

"চতুর্বিংশতি বৈ গোত্রাঃ কথিতাঃ পূর্বশাস্ত্রিভিঃ।" অর্থাৎ চব্বিশজন গোত্রকারী।

মহাভারত যাঁরা পড়েছেন (সংস্কৃত ভাষায়) তাঁরা বিরাট পর্বে ভরদ্বাজ আর কোথাও গোত্র সম্বন্ধে ব্যক্তি-পরিচয়ের প্রসঙ্গ পাবেন। আর পরিচয়ের মধ্যে বিরাট রাজার পক্ষপাতদোষই পুনঃ পুনঃ পরিচয়প্রসঙ্গে গোত্রের উল্লেখ পাওয়া যায়। এ প্রবাদ দীর্ঘ হবে যাবে, তাই শুধু বিরাট পর্বের ১১শ অধ্যায়টির উল্লেখ করলাম।

চরকের বক্তব্যের সঙ্গে "গোত্র অধ্যায়ের অসামঞ্জস্য এবং প্রসঙ্গ বাহুল্য হওয়ায় যে সব প্রমাণ তুলনায় তারও তালিকা এখ হবে না। কারণ, বাঙ্গালার ব্রাহ্মণদের যেমন শাস্ত্রপ্রধান সর্বত্রাহ্মণের হিন্দুধর্মের শাস্ত্রব্যবস্থায় তেমনি একক কেউ প্রামাণ্য নন। প্রতি প্রদেশে শাস্ত্র ব্যবস্থা পৃথক্। অন্তত গোত্র প্রবরের ব্যাপারে তো বটেই। কেবল একটি জায়গায় সকলে একমত। সেটি হচ্ছে সন্তান দেওয়া এবং মৃত্যুকে, যোনিযিনি বা যৌবাহন এবং আবশ্যায়ন প্রভৃতিকে অনুসরণ করা। এই জন্যই বিজ্ঞানেশ্বর তাঁর মিতাক্ষরায় বলেছেন—

এবং চ যদপি ব্রাহ্মণবিশাং প্রাতিস্বিক গোত্রাভাবাৎ প্রবরাভাবঃ তথাপি পুরোধিতানাং গোত্রপ্রবরাঃ বেদিতব্যাঃ ইতি। অর্থাৎ ক্ষত্রিয় এবং বৈশ্যদের নিজস্ব গোত্র নাই অতএব তাঁদের গোত্র-প্রবর কেবল তাঁদের পুরোহিতের গোত্র প্রবরই জানবে। আপস্তম্বেরও ঐ কথা।

মনুর বক্তব্য রয়েছে—সেই কন্যাকে বিবাহ করবে, যে কন্যা মাতৃপক্ষের অসপিণ্ডা, আর পিতার পক্ষে অসগোত্রা। সরল অর্থ দাঁড়াচ্ছে—যাদের পাঁচ পুরুষ ও পিতার সাত পুরুষের মধ্যে পড়লে কন্যাটি বিবাহের অযোগ্যা।

তা হলে চরক কি করে বলতে পারেন অতুল্য-গোত্রা কন্যা বিবাহযোগ্যা। মাতার সপিণ্ডা কন্যাকে বিবাহ করলে কি চরকের সম্মতি থাকবে? আর এ ব্যবস্থা তো ব্রাহ্মণের জন্য অনুমোদিত হতে পারে, কিন্তু ক্ষত্রীয় বৈশ্য কি চরকের কন্যা-বিচার্য্য জাতি? তা কি হয়? চিকিৎসকের আবার কন্যা-বিচারের প্রয়োজন হয় কি জন্যে?

মনু এক জায়গায় বলেছেন—

অপি ব্রাহ্মণঃ সগোত্রাং গত্বা সাম্ভ্রাপত্যং জনয়েৎ।

তস্মাদ্ধি পরিনিষ্ঠিতো ব্রাহ্মণীং ন পরিত্যজেৎ।

অর্থাৎ ব্রাহ্মণ সগোত্রা কন্যা বিবাহ করলেও সেক্ষেত্রে সন্তানের জন্ম হবে, কিন্তু ব্রাহ্মণীকে পরিত্যাগ করবে না। সেখানে ক্ষত্রিয় বৈশ্যের প্রশ্নও নাই। চিকিৎসাশাস্ত্র মহামুনি চরক কি এমন মত সমর্থন করেন?

এক্ষেত্রে মনে হয়, তাই "অতুল্য গোত্রস্য" পাঠটি পরবর্তি যুগে আরও বসিয়ে দেওয়া। চরকে এমন ছিল "অতুল্য গোত্র রক্তসম্বন্ধে"—। কারণ রমণীর যে পুরুষের রক্ত অপেক্ষা কম রক্তের হলে সে গর্ভজাত সন্তানের স্বাস্থ্য, বুদ্ধি, প্রকৃতি ভাল হয়। বিপরীত হলে বিপরীত হয়। বর্তমান পৃথিবীর বৈজ্ঞানিকগণেরও এই অভিমত। পূর্বে তাই ছিল। তারপর তারের বাইরে "স্ত্রী অপেক্ষা পত্নীর বয়স বেশী" এমন বিবাহের সন্তানের বুদ্ধিতে কন্যাটী শক্তির বিকাশ দেখা যাচ্ছে না।

***"অতুল্য গোত্রীয়" কথাটির উপর মানবীয় কবিরাজ ও পণ্ডিতদের আরও আলোচনা হোক—প্রয়োজন।

আয়ুর্বেদে টিংচার বা অরিষ্ট*

কবিরাজ শ্রীশক্তিপ্রসন্ন রায়, আয়ুর্বেদ-বিশারদ

অধুনা ইহা সর্ববাদীসম্মত যে আয়ুর্বেদ পৃথিবীর যাবতীয় চিকিৎসা প্রণালীর মূল এবং ইহাদের সমস্ত আবিষ্কার আয়ুর্বেদের কথাই বলিয়াছে। এই কারণে আয়ুর্বেদে রোগ নিবারণের অনেক উপকরণ বিদ্যমান আছে। যথার্থই চরক বলিয়াছেন—

"অনেন মুক্তং হৈমজ্যা যদরোগায় কল্পতে।"

অর্থাৎ যাহা কিছু আরোগ্য সম্পাদন করে তাহাকেই ঔষধ বলা যাইতে পারে। এমন কি, চরক লঙ্ঘন অর্থাৎ উপবাসকেও রোগ নিবারণের উপায় বলিয়া নির্দেশ করিয়াছেন।

"অনৌষধং নিরাহারাঃ পথ্যা বহুগদব্যথিতম্।
চরকোপাহিতিক্তিং প্রথমং ঔষধৈস্ত ভিষগৌষধম্।"

হে বৈদ্য! তুমি কি জান সেই ঔষধ, যাহা ভূমিতে জন্মায় না, যাহার কোনও রূপ বা আকৃতি নাই, রোগের নাম যাহা শ্রবণ করিতে হয়, যাহার কোনও রস বা আস্বাদ নাই, যাহা সকলেই জানে এবং চরক যাহা নির্দেশ করিয়াছেন।

আয়ুর্বেদে টিংচার বা অরিষ্টের ব্যবহার কোনও নূতন উপায় নহে। যদিও ইহা প্রাচীনকালে ব্যবহৃত হইত কিন্তু কালের পরিণামবশতঃ ইহা শল্য-চিকিৎসার ন্যায় এখন লুপ্ত হইয়া গিয়াছে। এই বিষয় আদি সংহিতার অনেকটি শ্লোক হইতে স্পষ্ট বুঝা যাইবে। যথা—

"আসাদ্য সুরসা সম্যক্ প্রযাণি বিবিধানিচ।
সন্ধানেন পরিস্রাব্য রসং যত্নেন ধারয়েৎ।
এবমুদ্দিষ্ট বিধানেন ভিষগজিৎ পরিকীর্তিতঃ।
অরিষ্টস্তু তথা জ্ঞেয়ো দীর্ঘমায়ুরভীপ্সতাম্।"

নানাবিধ ঔষধি সুরাসারে দশ দিন যাবৎ ভিজাইয়া রাখিবে। এমন করিয়া ভিজাইবে যাহাতে ঔষধগুলি সব ডুবিয়া যায়। দশদিন পরে ছাঁকিয়া রস গ্রহণ করিলে অরিষ্ট বা টিংচার প্রস্তুত হইল। ইহাকে বৈদ্যেরা অরিষ্ট আখ্যা দিয়াছেন। এই অরিষ্টের গুণ যে কত তাহা ইহা প্রস্তুত হইবামাত্রে ঠিক তাহার অনুরূপ হইবে।

প্রায় তিন বৎসর পূর্বে শাস্ত্র-কার প্রেসার প্রতিষ্ঠাতা এই উপায় অবলম্বন করিয়াছেন যাহাতে আয়ুর্বেদীয় ঔষধ সাধারণের নিকট সুলভ ও সহজলভ্য হইতে পারে। এতদিন যাবৎ আমরাও এই প্রথার অনুসরণ করিয়া আসিতেছি। এই অরিষ্ট বা টিংচারগুলি প্রয়োগক্ষেত্রে রসায়নের কঠোর পরীক্ষাতে উত্তীর্ণ হইয়া কৃতকার্য হইয়াছে।

সর্ব প্রথমে এই টিংচারগুলি আমরা বিভিন্ন রোগী ও আত্মীয়স্বজনের জন্যে নীরবদ্ধ রাখিয়াছিলাম। কিন্তু পর তিন বৎসর যাবৎ কলিকাতার নিকটবর্তী যাদবপুর টিউবারকুলোসিস হাসপাতালে প্রায় ১৫০০ রোগীর প্রতি প্রয়োগ করিয়া ফলের সুফল দেখিয়া আমরা এই সিদ্ধান্তে উপনীত হইয়াছি যে, এই সকল টিংচার আয়ুর্বেদের কথিত অন্যান্য প্রকার ঔষধ, যেমন পাচন, চূর্ণ ও বটিকা প্রভৃতি অপেক্ষা অধিক ফলপ্রদ ও অল্পকালের মধ্যে সুফল প্রদান করিতে পারে। ইহার পর আমরা এই ঔষধ সাধারণে প্রকাশ করিয়াছি। আমরা হোমিও-গৃহ-চিকিৎসা বাক্সের মত একটি বাক্স বানিয়া দিয়াছি যাহাতে দুই ড্রামের শিশিতে ভরা ৪৫ শিশি ঔষ

ইঞ্জেক্শন আছে এবং সেই সঙ্গে উহার প্রয়োগ সম্বন্ধে এক পুস্তিকাও আছে।

বিগত এই ঔষধ বাহিনীভুক্ত আয়ুর্বেদ-কলেজ ও হাসপাতালের ডি. বি. বিভাগের ১১ জন রোগীর প্রতি হাসপাতালের সুপারিন্টেন্ডেন্ট শ্রীযুক্ত সূর্যকুমার রায় মহাশয়ের আদেশমত প্রয়োগ করিয়া যে ফল পাওয়া গিয়াছে তাহার রিপোর্টের নকল দেওয়া হইল :

১। রোগীর নাম্ ও বয়স—শ্রীবিনেন্দ্র নাথ ঘোষ, বয়স ৩০ বৎসর।

হাসপাতালে ভর্তি ২৮-৮-৬৩, হাসপাতাল ত্যাগ—৭-৫-৬৪।

প্রধান উপসর্গ—(১) তীব্র কাসের বেগ, (২) অধিক অনিদ্রা, (৩) অগ্নিমান্দ্য।

রোগীর ইতিবৃত্ত—হাসপাতালে আসিবার পূর্বে প্রবল কাসির বেগের সহিত সময়ে-অসময়ে রক্ত চার বৎসর যাবৎ পড়িত। X-Ray পরীক্ষাতে T.B. পাওয়া গিয়াছে।

পূর্বের চিকিৎসা—Anti-tubercular drugs বহু পরিমাণে দেওয়া হইয়াছে।

তাহা সত্ত্বেও ইঞ্জেক্শন চিকিৎসা—৯।২।৬৪তে রোগীর মুখ দিয়া রক্তস্রাব প্রচুর পরিমাণে হওয়াতে তাহাকে "রক্তপিত্তান্তক" "রাস্নাদি" সহিত দিনে চার বার করিয়া দেওয়া হয়। কিন্তু পরদিন রক্তস্রাব প্রচুর পরিমাণে হওয়াতে ঐ ঔষধই দিনে চারিবারের পরিবর্তে ঘণ্টায় ঘণ্টায় দেওয়া হয়। ১৪ ঘণ্টা পরে রক্তস্রাব অনেক কমিয়া গেল এবং তিন দিন ঐ ঔষধ সেবনের পরে রক্তপড়া একেবারে বন্ধ হইয়া গেল।

সিদ্ধান্ত—"রাস্নাদি সহিত রক্তপিত্তান্তক" প্রয়োগ করিয়া প্রমাণ হইল যে ইহা অধিক পরিমাণে মুখ দিয়া রক্তস্রাব-নিবারণে উপযোগী এবং উহা পরীক্ষার যোগ্য।

২। রোগীর নাম ও বয়স—শ্রীমতী রেখা বসু, বয়স ২৪ বৎসর।

হাসপাতালে ভর্তি—২৮.৮.৬৩, হাসপাতাল ত্যাগ—২৮-৪-৬৪।

প্রধান উপসর্গ—(১) মধ্যে ২ কাসের ঢাল হয় কিন্তু শ্লেষ্মা উঠে না, (২) অসুখ, (৩) অগ্নি সময়ে-অসময়ে থাকে।

রোগীর ইতিবৃত্ত—প্রায় সকল সময়ে অগ্নি ও শ্লেষ্মা না হইয়া কাস। বার বার মুখ দিয়া রক্তস্রাব হাসপাতালে ভর্তি হইবার সাত বৎসর পূর্ব হইতে হইতেছে। X-Rayতে T. B. রিপোর্ট।

পূর্বের চিকিৎসা—বহু পরিমাণে Anti-tubercular ঔষধ দিয়া বিশেষ ফল হয় নাই।

আয়ুর্বেদীয় ইঞ্জেক্শন চিকিৎসা—১৮।১১।৬৪তে অধিক পরিমাণে মুখ দিয়া রক্তস্রাব হওয়াতে "রক্তপিত্তান্তকের সহিত রাস্নাদি" প্রতি ঘণ্টায় দেওয়া হয়। পরদিন রক্তপড়া অনেক কমিয়া গেল; দুই দিন পরে কেবল থুথু ফেলার সময় রক্ত বাহির হইত এবং ২১।১১।৬৪ অর্থাৎ তিন দিন পরে মুখ দিয়া রক্তস্রাব একেবারে বন্ধ হইয়া গেল।

সিদ্ধান্ত—কেবলমাত্র ২৪ ঘণ্টা "রক্তপিত্তান্তক ও রাস্নাদি" প্রয়োগ করিয়া বিশেষ ফল হইয়াছে। উহা পরীক্ষার যোগ্য।

৩। রোগীর নাম ও বয়স—শ্রীতপন কুমার ব্যানার্জি—বয়স ২৭ বৎসর। হাসপাতালে প্রবেশ—২৭৮৬৩।

প্রধান উপসর্গ—(১) অসুখ, (২) খাসকষ্ট, (৩) অনিদ্রা।

রোগীর ইতিবৃত্ত—রোগীর হাসপাতালে ভর্তি

হইবার চারি বৎসর পূর্ব হইতে কাশ হইত ও সেই সঙ্গে জ্বরভাব অবস্থা। X-Rayতে পার্শ্বে T. B. ধরা পড়িয়াছে।

পূর্ব চিকিৎসা—বহু পরিমাণে Anti-tubercular drug দিয়াও বিশেষ ফল হয় নাই।

আয়ুর্বেদীয় চিকিৎসা—১৮।১১।৬৪তে "শোধনাদ্য" পঞ্চকোলের সহিত প্রতিদিন ৪ বার করিয়া দেওয়া হয়। আর অন্য সব ঔষধ বন্ধ করা হয়। দুই মাস ব্যবহার করিয়া রোগী সুস্থ অনুভব করিল এবং তাহার ওজনও বৃদ্ধি হইল।

সিদ্ধান্ত—সমস্ত Anti-tuberculous drug বন্ধ করিয়া দুই মাস যাবৎ "শোধনাদ্য" প্রয়োগ করিয়া রোগীর অবস্থার কোনও ক্ষতি হইল না। বরং X-Ray দ্বারা উহার ফুসফুস্ ও calciumএর বৃদ্ধি পরিলক্ষিত হইয়াছে।

৪। রোগীর নাম বয়স—শ্রীঅক্ষয় দাস—বয়স ৫০ বৎসর—হাসপাতালে ভর্তি—৪।৬।৬৪।

প্রধান উপসর্গ—(১) ঘর্ম ২ বৎসর বৃদ্ধি, (২) ক্ষুধা ১ মুখ দিয়া রক্তস্রাব, (৩) কাশের সহিত শ্লেষ্মা উঠে না, (৪) সর্বশরীরে ব্যথা।

রোগীর ইতিবৃত্ত—মুখ দিয়া রক্তস্রাবের সহিত জ্বরের বৃদ্ধি এবং কাশ ছয় বৎসর যাবৎ হইতেছে। X-Ray পরীক্ষাতে T. B. পাওয়া গিয়াছে।

পূর্বের চিকিৎসা—প্রত্যহ যাবৎ নানা বৎসর Anti-tuberculous drugs অধিক পরিমাণে সেবন করিয়া বিশেষ ফল হয় নাই।

আয়ুর্বেদীয় চিকিৎসা—সাধারণ রক্তস্রাবের জন্য প্রতিদিন চার বার করিয়া "রক্তপিত্তারি" বাত্রাদির সহিত দেওয়া হইল। ৫৮ দিন প্রয়োগের পর মুখ দিয়া রক্তস্রাব একেবারে বন্ধ হইয়া যায়। অনবরত কাশের জন্য "রক্তপিত্তারি" বাত্রাদির সহিত ১২ দিন পর্যন্ত দেওয়া হয়, তাহাতে কাশ অনেক কমিয়া গেল।

সিদ্ধান্ত—সাধারণ ব্যবহারে মুখ দিয়া রক্তস্রাব "রক্তপিত্তারির" ৫৮ দিন প্রয়োগে বন্ধ হইয়া যায় এবং তাঁহাকে ১২ দিন এই ঔষধ প্রয়োগের পর কাশও অনেক কমিয়া যায়।

৫। রোগীর নাম ও বয়স—শ্রীমতী আরতী রানী—বয়স ২১ বৎসর। হাসপাতালে প্রবেশ—২৩।৪।৬৩।

প্রধান উপসর্গ—(১) কাশের সহিত শ্লেষ্মা উঠে, (২) অরুচি, (৩) মুখে ব্যথা।

রোগীর ইতিবৃত্ত—হাসপাতালে আসিবার ১৫ বৎসর পূর্বে তাহার মধ্যে ২ বার এ কাশ হইত। কাশের সহিত শ্লেষ্মা উঠিত এবং রোগী জীর্ণ হইতে লাগিল। X-Ray পরীক্ষাতে T. B. পাওয়া গিয়াছে।

পূর্বের চিকিৎসা—কাশের জন্য বহু পরিমাণে Anti-tubercular drug, কাশের ইঞ্জেক্সন ও অন্যান্য ঔষধ দিয়াও কোনও ফল হয় নাই।

আয়ুর্বেদের ইঞ্জেক্সন চিকিৎসা—২০।৪।৬৩তে "কাসারি" দিনে চার বার করিয়া চার সপ্তাহ পর্যন্ত দিবার পর রোগী অত্যন্ত কাশ ও শ্লেষ্মা উঠা হইতে অনেক সুস্থ হইয়াছিল।

সিদ্ধান্ত—এই রিপোর্ট হইতে দেখা যাইতেছে যে, "কাসারি" কেবলমাত্র তিন চার সপ্তাহে দিবার পর কাসারি কাশ ও কাশের সহিত কফোৎক্লেশ-উঠা হইতে রোগী অনেক সুস্থ হইয়াছে।

রোগীর নাম ও বয়স—শ্রীমতী রাজিয়া খাতুন—বয়স ৪৫ বৎসর। হাসপাতালে প্রবেশ—১৩।৩।৬৩।

প্রধান উপসর্গ—(১) কাশের সহিত শ্লেষ্মা উঠে, (২) অরুচি, (৩) মধ্যে ২ বমনেচ্ছা।

রোগীর ইতিবৃত্ত—হাসপাতালে আসিবার তিন মাস পূর্বে তাহার হুইপিং কাশি সহিত জ্বর হইয়াছিল। X-Ray পরীক্ষাতে T. B. জানা গিয়াছে।

পূর্বের চিকিৎসা—প্রচুর পরিমাণে Anti-tubercular ঔষধ দিয়া কোনও বিশেষ ফল পাওয়া যায় নাই।

আয়ুর্বেদীয় চিকিৎসা—৩.৯।৬৮ তারিখে Anti-tubercular সমস্ত ঔষধী বন্ধ করিয়া দিয়া বিরেচন করিয়া "খোরাকুরের" সহিত "পঞ্চতোল" দেওয়া হয়। এই ঔষধ ব্যবহার দুই মাস যাবৎ দিবার পর রোগী সুস্থ বোধ করিলে ক্ষুধা বৃদ্ধি হইল এবং কেবল মজবুতা করিবার সময় অল্প কাসও হইত।

সিদ্ধান্ত—"খোরাকুর ও পঞ্চতোল" ব্যবহার করিয়া রোগী সুস্থ বোধ করিয়াছিল এবং ক্ষুধা বৃদ্ধি হইয়াছিল।

৭। রোগীর নাম ও বয়স—শ্রীগোপাল চন্দ্র পাল—বয়স ৪০ বৎসর। হাসপাতালে প্রবেশ—৯।১।৬৮।

প্রধান উপসর্গ—(১) কাসের সঙ্গে কফ সহিত রেষা উঠে না, (২) মধ্যে ২ সর্দ্দিজ্বর ও সর্দ্দিজ্বর অল্প, (৩) মধ্যে ২ মুখ দিয়া রক্তস্রাব, (৪) সর্ব্বশরীরে আলা বোধ।

রোগীর ইতিবৃত্ত—হাসপাতালে আসিবার এক বৎসর পূর্ব হইতে মধ্যে ২ জ্বর হইত এবং কাসের সহিত রেষা উঠিত না এবং তখন ২ শরীর ক্ষীণ হইতেছিল। X-Ray পরীক্ষাতে T. B. পাওয়া গিয়াছে।

পূর্বের চিকিৎসা—২৪।১১।৬৪ হইতে অনবরত কাস ও সর্ব্বশরীরে আলার জন্য "রক্তপিত্তান্তক" ও "কালাগুরু" দেওয়া হইয়াছিল। দুই মাস যাবৎ একাদিক্রমে ওই দুইটি ঔষধ দিবার ফলে সর্ব্বশরীরের আলা ও কাস কমিয়া গেল।

২৩।১।৬৮ তারিখে আরোগ্যে "খোরাকুর" রক্তপিত্তান্তক ও কালাগুরুর সহিত দেওয়া হয়। এই সময় মুখ দিয়া রক্তস্রাব অধিক হওয়ায় তখন সমস্ত ঔষধ বন্ধ করিয়া কেবল "রক্তপিত্তান্তক" মধ্যে মধ্যে ২ দেওয়া হয়। তাহাতে বেশ ফল হইয়াছিল।

৮। রোগীর নাম ও বয়স—শ্রীঃ-ঃঃ পাল বয়স ৫০ বৎসর। হাসপাতালে ভর্তি ২।৭।৬৮। হাসপাতাল ত্যাগ—১৭।৮।৬৮।

প্রধান উপসর্গ—(১) কাসের সহিত শ্লেষ্ম উঠে না, (২) মধ্যে ২ মুখ দিয়া রক্তস্রাব, (৩) অরুচি, (৪) বুকে ব্যথা।

রোগীর ইতিবৃত্ত—পর তিন বৎসর যাবৎ মধ্যে ২ জ্বর ও তাহার সহিত খুব ২ কাসের বেগ ও সেই সঙ্গে মুখ দিয়া রক্তস্রাব হইত। X-Ray পরীক্ষাতে T. B. পাওয়া গিয়াছে।

পূর্বের চিকিৎসা—প্রচুর পরিমাণে Anti-tubercular ঔষধ দেওয়া হইয়াছিল।

১।১১।৬৪ তারিখে মুখ দিয়া প্রচুর রক্তস্রাব হওয়ায় clotaden Inj. ও Vit. K দিয়া কোনও ফল হয় নাই। অধিকন্তু তাহাকে morphin ও Sulph 1 gr. injection দিয়াও কোন ফল হয় নাই। এই সমস্ত ঔষধ প্রয়োগ করিয়া কোন ফল না হওয়ায় তাহাকে "রক্তপিত্তান্তক ও কালাগুরু" প্রতি ঘণ্টায় দিবারাত্রি দিবার পর নিদ্রা আসিল। পর দিন অর্থাৎ ৮।১১।৬৪ তারিখে মুখ দিয়া রক্ত-

ইহা একেবারে বন্ধ হওয়ায় ঔষধের মাত্রা কমাইয়া দিনে ৪ বার করিয়া দেওয়া হইল।

ইহা লক্ষ্য করিবার বিষয় যে, রোগীর মুখ দিয়া রক্তস্রাব যে দিন বন্ধ হইল সেই দিন হইতে তাহার সমস্ত শরীরের জ্বালা আরম্ভ হইল। তখন অর্থাৎ ১৯।১২।৮৮ হইতে তাহাকে "রক্তপিত্তান্তক" সহিত "কাসামৃত" দিবার ব্যবস্থা হইল।

২৬।১।৮৯ তারিখে অর্থাৎ দুই মাস এক নাগাড়ে ঐ ঔষধ সেবন করার পর রোগী কাস ও সর্বশরীরে জ্বালা হইতে একেবারে নিষ্কৃতি পাইল এবং তাহার শরীরের উপসর্গও অনেক কম হইল।

সিদ্ধান্ত—মুখ দিয়া রক্ত উঠা যখন রক্তবোধক সমস্ত ঔষধ, এমন কি, morphin Inj. দিয়াও বন্ধ হইল না, তখন "রক্তপিত্তান্তক" বন্ধ হইয়া গেল। এই রোগীর কাসের জন্য "কাসামৃত" ও সর্বশরীরের জ্বালার জন্য "রক্তপিত্তান্তক" বিশেষ ফল হইয়াছিল।

২। রোগীর নাম ও বয়স—শ্রীপরিমল সেনগুপ্ত, বয়স ৫০ বৎসর।

সমস্ত Anti-tubercular drugs দেওয়া হয়, কিন্তু কোন ফল হয় নাই।

আয়ুর্বেদীয় চিকিৎসা—২৪।১।৮৯তে প্রচুর পরিমাণে মুখ দিয়া রক্ত উঠায় তখন সমস্ত ঔষধ বন্ধ করিয়া "রক্তপিত্তান্তক" বাসাদির সহিত এক ঘণ্টা অন্তর ২ দেওয়া হয়। পরদিন তাহার সমস্ত দিনে মাত্র ২ফোঁটা রক্তের বেগা দেখা যায়। ২৮।১।৮৯তে অর্থাৎ "রক্ত পিত্তান্তক ও বাসাদি" সেবনের তিন দিন পর হইতে মুখ দিয়া রক্তস্রাব একেবারে বন্ধ হইয়া যায়।

সিদ্ধান্ত—এই বিশেষ রোগীর মুখ দিয়া ২১ দিন যাবৎ রক্ত উঠিয়াছিল। সমস্ত এলোপ্যাথিক ঔষধ ব্যবহার করিয়া কোনও ফল হয় নাই। "রক্তপিত্তান্তক ও বাসাদি" তিন দিন ব্যবহারে রক্তপড়া একেবারে বন্ধ হইয়া গেল।

১০। রোগীর নাম ও বয়স—শ্রীঅতুল নাথ সরকার—বয়স ৩০ বৎসর।

হাসপাতালে ভর্তি—১১।১০।৮৪। হাসপাতাল ত্যাগ—০০।৮।৮৪

প্রধান উপসর্গ—(১) স্থীবণ কাসের বেগ, (২) অল্প অল্প জ্বর, (৩) অরুচি।

রোগীর ইতিবৃত্ত—হাসপাতালে আসিবার ২৪ মাস পূর্ব হইতে হঠাৎ বেগের সহিত কাস এবং মধ্যে মধ্যে জ্বর হইত। X-Ray পরীক্ষায় ফুসফুসের দুইদিকে T.B. পাওয়া গিয়াছে।

পূর্বের চিকিৎসা—Streptomycine, I.N.H. F.A.S. এবং অন্যান্য আধুনিকীয় ঔষধ দেওয়া হইয়াছিল।

আয়ুর্বেদীয় চিকিৎসা—রোগী তিনবার যাবৎ বেগের সহিত কাসে ভুগিতেছিল এবং অন্য নানা প্রকার Anti-tubercular drugs দিয়া ফল না হওয়ায় ১৮।১।৮৯ হইতে "কাসামৃত" ব্যবস্থা করা হয়।

সিদ্ধান্ত—"কাসামৃত" মাত্র তিন ব্যবহারের পর রোগীর কাসের বেগ কিছু কম হইল। ২৮।১।৮৯তে অর্থাৎ "কাসামৃত" একমাস সেবনের পর রোগীর ভাল অনেক শান্ত হইল এবং ১০।৩।৮৯ হইতে রোগীর কাসের সকল কষ্ট দূর হইল। ইহাতে বেগের সহিত কাসে "কাসামৃতের" ফল প্রদর্শিত হইল।

১১। রোগীর নাম ও বয়স—শ্রীবীরেন্দ্র নাথ সেন—বয়স ৬৪ বৎসর।

হাসপাতালে ভর্তি—৫।১০।৮৪। হাসপাতাল ত্যাগ—০০।৪।৮৫।

প্রধান উপসর্গ—(১) কাসের সহিত রক্তের উঠে না, (২) জ্বরভাব।

রোগীর ইতিবৃত্ত—প্রায় ১। বৎসর পূর্ব হইতে রোগীর অনবরত কাসের বেগ অথচ রক্তের উঠে না এবং প্রায়ই অল্প অল্প জ্বর হইত। X-Ray পরীক্ষায় উহার ফুসফুসে T.B. পাওয়া গিয়াছে।

পূর্বের চিকিৎসা—Anti-tubercular ঔষধ প্রয়োগ করিয়া কোনও ফল হয় নাই।

আয়ুর্বেদীয় চিকিৎসা—প্রথমতঃ "কাসামৃত" দিনে ৪ বার করিয়া দেওয়া হয়। এইরূপ দুই মাস সেবনে রোগীর কাসের অনেকটা উপশম হইল।

সিদ্ধান্ত—যদিও এই কাস T. B.র লক্ষণ, তথাপি "কাসামৃত" সেবনেই রোগীর কষ্টের উপশম হইয়াছিল।

চিকিৎসকদের অনুসন্ধিৎসার উদ্রেক এবং প্রয়োগিক ফল অনুধাবনের জন্য চিকিৎসিত ঔষধগুলির লক্ষিপ্ত পরিচয় নিম্নে প্রদত্ত হইল—

(১) রক্তপিত্তান্তক—অর্জুনছাল ৬ঃভাগ নিসিন্দা অন্তর্মূল অপোকছাল আমলকী কাকন্ত্রিয়ু পল্লবের রসীয়ু নীলকণ্ঠী বলা রসমূল বাসা প্রভৃতি। (২) কাসান্তক—কুষ্ঠ পঞ্চকোল পিপুল যব বাসকছাল অপরাজিতা কণ্টকারী ভার্গিকামূলের রসীয়ু লবঙ্গ অপামার্গ রসমূল বাসা গুলঞ্চ প্রভৃতি। (৩) শ্লেষান্তক—আকন্দ পিপুল নিসিন্দা চিতা যবক্ষার বিষ রসীয়ু তালমূলের অপরাজিতা ক্ষেতপাপড়া বরুণ বলা পাথরকুচি রাসা প্রভৃতি। (৪) ব্যাত্যাদি—শিরীষ পুনর্নবা রসমূল প্রভৃতি।

---

* এই বিষয়ে আরও বিশেষভাবে জানিতে হইলে প্রবন্ধকারের সহিত সংযোগ স্থাপন বাঞ্ছনীয়।

—প্রতিষ্ঠান-সম্পাদক

ভূমিকা বিজ্ঞান

ভারতীয় রসৌষধি বিজ্ঞান

পণ্ডিত কবিরাজ শ্রীনগেন্দ্রনাথ ব্যাকরণী, বৈদ্যশাস্ত্রী

যজ্ঞানলভবের মঙ্গল কলা সত্তাবিদের ফুরুৎ
ধারা সিদ্ধরসায়নের কল্পনাবীজা সুধাসিন্ধুরা।
ভক্তানাং প্রভব প্রকৃতি জরারাধাধি রোগাংক্ষয়া
ন্যাস্তি যাস্তি জয়ং প্রধান ভিষজে তৈঃ
পরাভৈঃ নয়ঃ।

যাহার আনন্দময় দীপ্তিমান্ মঙ্গল বিভূতি-প্রভাবের অমৃতকল্প সিদ্ধরস (পারদ) দ্বারা জীবগণের জন্ম-মৃত্যু-জরা ও ব্যাধ্যন্ত্যাধি ও রোগসমূহ সমূলে নাশ প্রাপ্ত হয়, জগতের প্রধান চিকিৎসক সেই পরমযোগে প্রণাম করি।

পাশ্চাত্য রসায়নশাস্ত্র বলিতে এক কথায় যেমন রসৌষধি হইতে আরম্ভ করিয়া বায়ু, জল, ত্রাবকবর্গ, এলকোহল্ প্রভৃতির বিশ্লেষণ বুঝাইয়া থাকে, আয়ুর্বেদে রসায়নশাস্ত্রে তাহা বুঝায় না। আয়ুর্বেদীয় রসায়নশাস্ত্রে "রসায়ন" বলিতে "ব্যাধ্যাদি বিকৃতি রসরক্তকরোতথা। চক্ষুষ্যং হরণং বৃষ্যং তেজস্কৃদ্ বয়ঃ রসায়নম্ ॥" (চরক)

যাহা সাধারণ ও জরাব্যাধিপীড়িত জীব জীব

ভ্রম সংশোধন :—১০৯—১১৬ পৃষ্ঠাস্থানে ১১৩—১২০ পৃষ্ঠা হইবে।

লোকের বয়স্থাপনের চিকিৎসা বুঝাইয়া থাকে, তাহাকে রসায়ন বলে। রসায়নসা ফলমাহ—

দীর্ঘমায়ুঃ স্মৃতি.....ইত্যাদি (ভাব-প্রকাশ—রসায়নাধ্যায়)।

অথবা রস বুঝাইতে "রসানাং লক্ষণং সমাগ্ বিজ্ঞিতোরসঃ"। অথবা ধাতুবিশেষ বিদ্যা, "রসস্তু রসনা গ্রাহ্য মূত্রাদি রসেষ্বপি"। মূত্রাদি ভেদে বহুরস হইয়াছে। কিন্তু রসৌষধি বিজ্ঞান বুঝাইতে চরকে যাহা কথিত আছে তাহা নিম্নে প্রদত্ত হইল। যথা—

ভিষক্‌কর্ম্মপ্রসঙ্গেন ভিষজ্যাতুপযুজ্যতে
যদ্যতস্তৌ ততঃ সিদ্ধি স্তিষিধং তদ্ব্যবস্থয়েৎ
তৎপুনস্ত্রিবিধং প্রোক্তং জাঙ্গলৌদ্ভিদ পার্থিবম্।
মূর্দ্ধ্নি সপ্তস্থ: পঞ্চস্থাঃ সন্ধিস্থাঃ সুধা
যকৃন্নিলয়ে মনসো লবণং দৈবিকাস্থনে।
(চরক-সূঃ ১ম অঃ)

প্রয়োজনভেদে রস তিন প্রকার—জঙ্গলজাত রস দোষ নাশ করে (দোষ-প্রশমন), জলজাত রস শরীরের ধাতু সকল পুষ্টি করে (ধাতুপোষক) এবং মলমূত্রকর। উৎপত্তি-ভেদে ঐ সকল রস আবার তিনভাগে বিভক্ত করা যায় যথা জাঙ্গল, ঔদ্ভিদ এবং পার্থিব।

স্বর্ণ এবং অন্য পাঁচ প্রকার ধাতু যথা - রৌপ্য, তাম্র, সীসা বঙ্গ, লৌহ এবং উহাদের মল, আর যবাস, তুঁষ, মদ্যসার, ঘৃত, মধু, দৈবিক (খনিজাত, শৈলিয়াদি প্রভৃতি ও রসায়ন প্রভৃতি এই সমস্ত পার্থিব।

রসবিদ্যা ভিষগ্‌প্রোক্তা ধাতুনাং ক্রিয়তে নিজম্।
ধূলীস্তু ভেষজাদ্যাস্তু সর্ব্ববিদ্যাপ্রভা মতা।
চিকিৎসা ত্রিবিধপ্রোক্তা ব্যাধিনাং জয়সংজ্ঞকা।
জ্বরাব্যাধি বিনাশিন্যী চিকিৎসাহি রসায়নম্।

অর্থাৎ রসবিদ্যা তিন প্রকার—ভেষজিয়া, রস-চিকিৎসাও ধাতু বিদ্যা। রসচিকিৎসা দুই প্রকার—ব্যাধিচিকিৎসা ও রসায়নচিকিৎসা। প্রাচীন কালের রসায়নচিকিৎসা বর্ত্তমান বৈজ্ঞানিক যুগের চিকিৎসাতেও স্থান করিয়াছে। এই বিষয়ে এখনও পাশ্চাত্য চিকিৎসকগণের বহু শিক্ষণীয় আছে। সংপ্রতি বিদুষকাল হইল পাশ্চাত্য চিকিৎসকগণ বহু গবেষণা আরম্ভ করিয়াছেন।

রস শব্দে প্রধানতঃ পারদকেই বুঝায়। তাই রসৌষধি-বিজ্ঞান বলিতে "যে শাস্ত্রজ্ঞান দ্বারা সব প্রকার রস, উপরস, ধাতু, উপধাতু, রত্ন, বিষ ও উপবিষসমূহের গুণাগুণ বিশ্লেষণপূর্বক সম্যক প্রকারে জ্ঞান লাভ করা যায়, তাহাকেই "রস-বিজ্ঞান" বলিয়া অভিহিত করিতে পারি।

আয়ুর্বিজ্ঞানের ক্রমবিকাশের সঙ্গে সঙ্গে রস-বিজ্ঞানের বিকাশ: অথর্ববেদের মধ্যে রসৌষধি, বহুবিধ রোগের নাম এবং রোগনাশক ভেষজ-সমূহের আবির্ভাব ও ঘরিঃপ্রয়োগ এবং বন্ধনমুক্ত-বিধি দৃষ্ট হয়। সঙ্গে সঙ্গে স্বর্ণ, রৌপ্য, লৌহ, তাম্র, মণ্ডূ ও সীসা—এই ছয় প্রকার ধাতু আবিষ্কৃত হইয়াছিল এবং ইহাদের মধ্যে স্বর্ণ, রৌপ্য ও সীসাধাতু রোগ-নাশকল্পে পরিচালনরূপে ব্যবহৃত হইত।

অথর্ববেদের পর আমরা চরক ও সুশ্রুতের মধ্যে আয়ুর্বেদের অথর্ববেদের সর্বতোমুখী বিকাশ দেখিতে পাই।

এইকালে ভিষগাচার্য্যগণ আয়ুর্বেদকে সুনিপুণভাবে আইটী গাথার বিষয় করিয়া প্রত্যেক বিভাগেরই সবিশেষ উন্নতি বিধান করিয়াছিলেন। মহামতি চরকের সময়ে যেমন একদিকে লতা, গুল্ম প্রভৃতি ভেষজসমূহের অনুপম আবিষ্কার

হইয়াছিল, যেমন এই সময়ে যবক্ষার, সঞ্জিকাক্ষার, পক্কলবণ এবং স্বর্ণ, রজত, লৌহ, তাম্র, সীসক প্রভৃতি ধাতু গলাইয়া ছাঁচে ঢালিয়া যে মূর্তি তৈয়ারী হইত তাহারও আবিষ্কার হইয়াছিল। যথা :—

"কনক রজত তাম্র ত্রপু সীসা আদিত্যাহ্বয়ী ক্ষেত্রু মৃন্মিতীবিক্ষেত্রু যে বদা রসক্রিয়মাণস্যাতে তদা রসুধা বিদ্রবেন জায়তে" ॥ (রসক-সাগর, ৩য় অং)

